Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

কাজের খবরে ১ নম্বর
কর্মক্ষেত্র
কলকাতা শহরে
সর্বাধিক পঠিত কর্মপত্রিকা
Source: Average Issue Readership, IRS 2017

ISSN 0971-7765

# কর্মক্ষেত্র

★

www.ekarmakshetra.com

University Diploma
সঙ্গে নিশ্চিত চাকরী
M : 8981472170
Graphic · Web Design · Video Editing · Animation · Digital Marketing
Chadni Chowk, 15, C.R.Avenue, Kol-72
www.imagic.net.in

বর্ষ ৪০ সংখ্যা ১৯ কলকাতা বুধবার, ৪ ডিসেম্বর ২০১৯/১ **বাঙালির কর্মজীবনের প্রবেশপথ** ১৭ অগ্রহায়ণ ১৪২৬ দাম ৫.০০ টাকা ২৪ পাতা R. N. 37120/80

# উত্তর-পূর্ব রেলে ১১০৪ ট্রেড অ্যাপ্রেন্টিস

১,১০৪ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে উত্তর-পূর্ব রেল। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে এই প্রশিক্ষণ দেওয়া হবে ফিটার, ইলেক্ট্রিশিয়ান, কার্পেন্টার-সহ আই টি আইয়ের বিভিন্ন ট্রেডে উত্তরপ্রদেশের গোরখপুর, বেনারস, লখনউ-সহ বিভিন্ন ওয়ার্কশপে। ট্রেনিংয়ের মেয়াদ ১ বছর। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NER/ACT-APPRENTICE TRAINING/2019-20.

**ইউনিট অনুসারে আসনসংখ্যা: মেকানিক্যাল ওয়ার্কশপ গোরখপুর:** ফিটার: ১৪০টি (সাধারণ ৭১, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১০, ও বি সি ৩৮)। এর মধ্যে ৭টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ৬টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৬২টি (সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। এর মধ্যে ৩টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ১৭টি (সাধারণ ৯, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৮৯টি (সাধারণ ৪৫, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৪)। এর মধ্যে ৫টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার: ৮৭টি (সাধারণ ৪৪, তফসিলি জাতি ১৩, তফসিলি উপজাতি ৭, ও বি সি ২৩)। এর মধ্যে ৪টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ১৬টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ২, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে।

**সিগনাল ওয়ার্কশপ গোরখপুর ক্যান্টনমেন্ট:** ফিটার: ৩১টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ২টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য এবং ১টি আসন প্রাক্তন সমরকর্মীর জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি

এরপর সাতের পাতায়

## ভেতরের পাতায়

### নিখরচায় জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ

নিখরচায় জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ বিকাশ বিভাগ। চাষিদের কাছ থেকে জাপানি কোয়েল ও তার ডিম কেনার ব্যাপারে প্রতিটি জেলায় সরকারি উদ্যোগ নেওয়া হয়েছে। ...পৃঃ ৯

### ঘরে তৈরি কেকের লাভজনক ব্যবসা

শীতের শুরুতে কেকের চাহিদা বেড়ে যায়। নামী-দামি দোকানের কেকের সঙ্গে এখন পাল্লা দিয়ে জনপ্রিয় হচ্ছে হোমমেড কেক। কারণ এখানে ক্রেতা তাঁর পছন্দের স্বাদ ও আকারের কেক তৈরি করিয়ে নিতে পারেন। ঘরোয়া পরিবেশে স্বল্প খরচে কেক তৈরি শিখে নিন। প্রশিক্ষণ নিয়ে এখন অনেকেই সফল এই ব্যবসায়। ...পৃঃ ১৩

### রাসায়নিক সারের বিকল্প জৈব কৃষি

খাদ্য সুরক্ষার ধারণাটিকে প্রকৃতই বাস্তবায়িত করতে হলে কৃষিকাজে বিষাক্ত রাসায়নিকের ব্যবহার বন্ধ করতেই হবে। সেক্ষেত্রে বিকল্প অবশ্যই জৈব কৃষি। জৈব চাষে নানাভাবে সহায়তা করতে প্রস্তুত সোসাইটি ফর ইকুইটেবল ভলান্টারি অ্যাকশনস (সেবা)। ...পৃঃ ১২

আরও চাকরির খবর ভেতরের পাতায়

# সেইলে ৩৯৯ ম্যানেজমেন্ট ট্রেনি

৩৯৯ জন ম্যানেজমেন্ট ট্রেনি (টেকনিক্যাল) নেবে স্টিল অথরিটি অব ইন্ডিয়া (সেইল)। নিয়োগ হবে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন এবং মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে ২০১৯ সালের গেট (গ্র্যাজুয়েট অ্যাপ্টিটিউড টেস্ট ইন ইঞ্জিনিয়ারিং) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে এবং বৈধ স্কোর কার্ড থাকতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং। সফলভাবে ট্রেনিং শেষে নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজার পদে। প্রবেশন ১ বছরের।

উল্লেখ্য, 'কর্মক্ষেত্র'-র ২৯ মে সংখ্যায় 'সেইলে ১৪২ ম্যানেজমেন্ট ট্রেনি' শীর্ষক সংবাদে এই নিয়োগ সংক্রান্ত বিশদ তথ্য প্রকাশ করা হয়েছিল। সম্প্রতি সংস্থার তরফে বর্ধিত শূন্যপদ-সহ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ফলে বর্ধিত শূন্যপদের বিস্তারিত বিন্যাস-সহ পুনরায় সংবাদটি প্রকাশ করা হল। ইতিমধ্যেই যাঁরা দরখাস্ত করেছেন, তাঁরা আর দরখাস্ত করবেন না।

**শাখানুসারে শূন্যপদের বিবরণ:** মেকানিক্যাল: ১৫৬টি। মেটালার্জিক্যাল: ৬৭টি। ইলেক্ট্রিক্যাল: ৯১টি। কেমিক্যাল: ৩০টি। ইনস্ট্রুমেন্টেশন: ৩৬টি। মাইনিং: ১৯টি। **ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস:** সাধারণ ১৬১, তফসিলি জাতি ৫৯, তফসিলি উপজাতি ৩৪, ও বি সি ১০৬, আর্থিকভাবে অনগ্রসর ৩৯। এর মধ্যে ১৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল:** মেকানিক্যাল বা মেকানিক্যাল অ্যান্ড অটোমেশন, প্রোডাকশন অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল, প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, মেকানিক্যাল প্রোডাকশন অ্যান্ড টুল ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, থার্মাল

এরপর সাতের পাতায়

# ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজিতে ৩১০

অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার, সিনিয়র প্রোগ্রামার, প্রোগ্রামার অ্যাসিস্ট্যান্ট বি-সহ বিভিন্ন পদে ৩১০ জনকে নেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি। প্রাথমিকভাবে ছয় মাসের চুক্তিতে নিয়োগ হবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং বিভিন্ন সরকারি দপ্তরে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/185/2019/NDL/FM.

শূন্যপদের বিবরণ: **আই টি ট্রেনিং অ্যান্ড সাপোর্ট এক্সিকিউটিভ:** দিল্লি: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: এম সি এ বা ডোয়েক 'বি' লেভেল কোর্স পাশ বা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টে বি ই বা বি টেক বা ইলেক্ট্রনিক্স বা অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স বা কম্পিউটার সায়েন্স বা আই টি-তে এম এসসি। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা বি সি এ বা ডোয়েক আই টি-এ লেভেল কোর্স পাশ বা আই টি-তে বি এসসি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা। বেতন: প্রতি মাসে ৪৪,৯০০ টাকা।

এরপর সাতের পাতায়

# রিষড়া পুরসভায় চাকরি

পাম্প অপারেটর, মজদুর-সহ বিভিন্ন পদে ৪৩ জনকে নেবে রিষড়া পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 2140/VI.

শূন্যপদের বিবরণ: **পাম্প অপারেটর:** ১৮টি (সাধারণ ৪, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৫, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ, সঙ্গে ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপ (৪৪০ ভোল্ট) সার্টিফিকেট এবং সংশ্লিষ্ট কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা।

**মজদুর:** ৫টি (সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-বি-প্রাক্তন সমরকর্মী ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**ড্রাইভার:** ৩টি (সাধারণ ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট, সঙ্গে অন্তত পাঁচ বছরের পুরনো হেভি ভেহিকাল ড্রাইভিং লাইসেন্স এবং ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে

এরপর সাতের পাতায়

# দক্ষিণ ২৪ পরগনায় স্বাস্থ্য দপ্তরে চাকরি

৩৭ জন স্টাফ নার্স ও কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর নেবে দক্ষিণ ২৪ পরগনা জেলা স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ সমিতি। চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের মেমো নম্বর: CMOH(SPG)/DH&FWS/11019.

**শূন্যপদের বিন্যাস: স্টাফ নার্স-এন ইউ এইচ এম:** শূন্যপদ ৩১টি (সাধারণ ১৪, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স করে থাকতে হবে। বাংলা ভাষায়

এরপর চব্বিশের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




# মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে ইঞ্জিনিয়ার

অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ৮৫ জনকে নিয়োগ করবে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। সিভিল, মেকানিক্যাল এবং ইলেক্ট্রিক্যাল শাখায় নিয়োগ করা হবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে। প্রার্থী বাছাই করবে রাজ্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 8 of 2019.

শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার:** সিভিল: ৩টি (সাধারণ ১, তফসিলি জাতি ১, ও বি সি-এ ১)। শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি। সঙ্গে এ আই সি টি ই স্বীকৃত কম্পিউটার অ্যাপ্লিকেশনে 'ও' লেভেল পরীক্ষা পাশ করে থাকলে এবং সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

**সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার:** সিভিল: ৩৬টি (সাধারণ ১৯, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩)। মেকানিক্যাল: ২৩টি (সাধারণ ১২, সাধারণ-শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৩, ও বি সি-বি ১)। ইলেক্ট্রিক্যাল: ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার।

বয়স: ১-১-২০১৯ তারিখে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের ক্ষেত্রে ১৫,৬০০-৪২,০০০ টাকা। গ্রেড পে ৫,৪০০ টাকা। সাব-অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৯,০০০-৪০,৫০০ টাকা। গ্রেড পে ৪,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৩১ ডিসেম্বর।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (প্রসেসিং চার্জ ও ব্যাঙ্ক চার্জ-সহ), তফসিলিদের ক্ষেত্রে ৭০ টাকা কেবল (প্রসেসিং ও ব্যাঙ্ক চার্জ)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৮৮০১০৩৬৭৯৩৬। ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ২ জানুয়ারি।

এরপর সাতের পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাঃ লিঃ
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ফোন: (০৩৩) ২২৮৩-২৩২০
ফ্যাক্স: (০৩৩) ২২৮৭-৬৪৪৮
Website: www.swarnakshar.in

বর্ষ ৪০ সংখ্যা ১৯ □ ৪ ডিসেম্বর ২০১৯

**ই-মেল ঠিকানা**

সম্পাদকীয় বিভাগ:
karmakshetra@swarnakshar.in
বিজ্ঞাপন বিভাগ:
swarnakshar.prakasani@gmail.com


## কর্মখালি

**SBI / HDFC / YES ব্যাঙ্ক ও KYC/DOC** ভেরিফিকেশন কাজে বিভিন্ন অফিসিয়াল পদে সরাসরি স্মার্ট বাংলাভাষী M/F (18-36) শীঘ্রই চাই। বেতন: 11,812/- – 35,650/- (PF+ESI+INC). W2C, Kol-56. বেলঘরিয়া / দমদম: 83348-59516, বেহালা / ধর্মতলা: 62892-51870, বিধাননগর / হাওড়া: 90513-83837, ব্যারাকপুর / কল্যাণী: 90629-77779, গড়িয়া / টালিগঞ্জ: 62911-81432.

□

**Pvt. ব্যাঙ্কে চাকরি, ব্যাঙ্কের Payroll ও** ব্যাক অফিস PF + ESI (MP-MA) হাওড়া ও হুগলি: 70443-81672 শ্রীরামপুর ও ব্যান্ডেল 93304-27198 ব্যারাকপুর ও সোদপুর: 86976-16100 নৈহাটি ও কল্যাণী: 86975-95918 বনগাঁ ও বিরাটী: 84208-88113 দমদম ও গড়িয়া: 86976-16060. N. C.

□

### হোটেলে স্থায়ী চাকরি

**কেন্দ্র-রাজ্য সরকার স্বীকৃত সংস্থায় কলি/** বাইরে ট্রেনিং, রেজিঃ ফি ছাড়া অনুর্ধ্ব ৩০ সরাসরি জয়েনিং। ৮,০০০/- থাকা খাওয়া ফ্রী + উন্নতি। গড়িয়া-কলকাতা: 92316-80651 / bshm.co.in

□

### স্টার হোটেলে চাকরি

**ভারতের মধ্যে মহারাষ্ট্র, গোয়া, দিল্লি,** ব্যাঙ্গালোর, কোলকাতায় হোটেলে সরাসরি ৭ দিনে জয়েনিং। আয় ৮,০০০/- থাকা, খাওয়া, টিপস। ন্যূনতম মাধ্যমিক। বয়স: 30-এর মধ্যে। Career Hub, ভবানীপুর, Kol-25. 92319-65679.

□

### Salary 10400 - 19500/-

**3-5 স্টার হোটেলে কাজ। থাকা-খাওয়া** Free. Acropolish Mall, Kol-107. Sonar Bangla : 86977-55628.

□

### এয়ারপোর্ট ও Pvt ব্যাঙ্কে জব

**সরকারি স্ট্যাম্প পেপারে লিখিত-সহ** Airport ও ব্যাঙ্কে বিভিন্ন অফিসিয়াল পদে M/F নিয়োগ চলছে। যোগ্যতা : ৮ম-স্নাতক। বেতন: 17,200/- – 45,900/-, PF, ESI, OT-সহ অন্যান্য ব্যবস্থা। S. R. C. Pvt. Ltd, Kol-1. 96148-53426.

□

### নো ডোনেশন

**কন্ট্রাক্টরের অধীনে এয়ারপোর্টে স্থায়ী** কাজে M/F চাই। বেতন 16,500/- – 35,500/-. + ESI + PF + OT, R. E, Kolkata-1, (M): 83270-48508.

□


কর্মক্ষেত্রর আগামী সংখ্যার
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
৭ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৮ ডিসেম্বর কর্মক্ষেত্রর
জন্য বিজ্ঞাপন নেওয়া হবে
১৪ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন গ্রহণের সময়
রবিবার বাদে প্রতিদিন
সকাল সাড়ে ১০টা থেকে ২টো।


## কর্মখালি

### বহু পুরাতন সংস্থা
### Govt. Regd. Office

**কন্ট্রাক্টরের অধীনে মেট্রোরেলে ও** এয়ারপোর্টে কর্মপ্রার্থী নিয়োগ। সম্পূর্ণ বিনা ডোনেশনে। যোগ্যতা: নামসই-স্নাতক, বেতন: 16,700/- – 34,500/-. PF, ESI, OT-সহ থাকা খাওয়া + বোনাস। P. E, কলি-56. M: 96472-60375.

□

### VODA/JIO/D2H

**কাস্টমার কেয়ারে (10-6 PM) রাজ্যের** বিভিন্ন জেলা থেকে (মাধ্যমিক-M.A) অভিজ্ঞ/অনভিজ্ঞ M/F সরাসরি নিয়োগ চলছে। বয়স: (18-38), Sal: 13,500/- – 48,900/- + PF + ESI + মেস। IING, Kol-08. বেহালা: 96742-56755, উঃ/দঃ ২৪ পরগনা: 93308-35785.

□

### স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ

**পশ্চিমবঙ্গের প্রতিটি জেলায় Pvt.** স্বাস্থ্যকেন্দ্রে কর্মী নিয়োগ চলছে। বেতন: (11,500/- – 18,500/-), থাকা, খাওয়ার ব্যবস্থা আছে। (M): 89728-69872, M.J.S, Kol-9.

□

### কন্ট্রাক্টরের অধীনে Airport, মেট্রো ও ব্যাঙ্কে ডাইরেক্ট জব

**সম্পূর্ণ বিনা ডোনেশনে এয়ারপোর্ট,** মেট্রো ও ব্যাঙ্কে (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 16,400/- – 48,300/-, থাকা খাওয়া ফ্রী। BPL, S.K.B Sarany, Kol-30. (M): 96477-93172.

□

### VACANCY PVT. LTD

**পার্লেজী, হিন্দুস্থান লিভার, আমুল, ডাবর** Co.-তে 84 জন Male চাই। বেতন: 13,700/- – 26500/-. বয়স: 18-40. M:70744-15080. R. G., CIT Road, Kol-14.

□

**Airport ও Metro-তে L. No.-** 25940X1, ISO-9001-2008 (৮ম থেকে স্নাতক) মহিলা/পুরুষ চাই। কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে Back Office ও Ground স্টাফের বিভিন্ন পদে SV/ ট্রলিবয়/ Driver/ চেকিং/ টোকেনবয় নিয়োগ হবে। বেতন: 16,200/- – 38,700/-. ESI, PF, খাওয়া ও থাকা ফ্রি। A Enterprise, Dum Dum, Kol-74. (M): 75578-70183.

□

**এয়ারপোর্টে কন্ট্রাক্টরের অধীনে ও Bank** (DSA)-তে পার্মানেন্ট জব। L. No.: EWK-80082. স্ট্যাম্প পেপারে লিখিত-সহ সম্পূর্ণ বিনা ডোনেশনে Air Port ও Bank (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন: 14,400/- – 48,500/-. বয়স: 18-48. এছাড়া অন্যান্য সুবিধা। ফর্ম দেওয়া চলছে। L. J. S, দমদম, Kol-74, (M): 70768-51322.

□

### সরাসরি নিয়োগ স্থায়ী কাজ
### MNC, টাওয়ার, Pvt. Bank

**লাইসেন্স নং: WBK7501, বয়স: ১৮-** ৫০, উঃবঙ্গ-সহ পঃবঙ্গের প্রতিটি জেলায় যোগ্যতা অনুযায়ী SV, পিওন, ATM গার্ড, ক্লার্ক, SK, ইনচার্জ, ম্যানেজার, Office বয় পদে নিয়োগ। বেতন: 14,200/- – 29,500/-. ঠিকানা: লালবাজার, ডালহৌসি, কলি-০১। DJS: 75578-79624.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি

**সম্পূর্ণ বিনা ডোনেশনে পার্মানেন্ট জব।** ১২৫ জন M/F চাই দমদম থেকে কবি সুভাষ। বেতন: ১৮,৫০০/- – ৪২,৪০০/-, বয়স: ১৮-৪৫, S. C. D, Dum Dum, Kol-54, (M): 98605-94752.

□

## কর্মখালি

### কন্ট্রাক্টরের মাধ্যমে এয়ারপোর্ট, মেট্রো ও ব্যাঙ্কে পার্মানেন্ট চাকরি

**গভঃ স্বীকৃত Airport মেট্রো কন্ট্রাক্টরের** অধীনে M/F কর্মী চাই। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,700/- – 47,300/- ও অন্যান্য সুবিধা। Ex-আর্মির বিশেষ ছাড়। S. R. C Pvt. Ltd, Sodpur, Kol-110. (M): 97320-36558.

□

### আর্জেন্ট ভ্যাকান্সি
### বিনা ডোনেশনে ডাইরেক্ট জব

**কন্ট্রাক্টরের অধীনে সরকারি স্ট্যাম্প** পেপারে লিখিত-সহ Airport, মেট্রো ব্যাঙ্কে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 17,200/- – 47,300/- সত্বর যোগাযোগ করুন; সোদপুর, কোল-১১০, (M): 74309-99656.

□

### Airport ও মেট্রোতে ২১৬ জন মহিলা ও পুরুষ চাই

**লাইসেন্স নং: 227G14J, বেতন:** 16,500/- - 38,200/-, Tag বয়, ট্রলিবয়, SV, চেকিং, লোডার, Cargo, ড্রাইভার, Road কন্ট্রাকশন, ইলেক্ট্রিক্যাল, মেন্টেন্যান্স পদে কন্ট্রাক্টরের অধীনে বিনা ডোনেশনে নিয়োগ। ESI, PF-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। (M): 75578-74680. N. D, গড়িয়া, Kol-94.

□

### সরকারি নিয়ম অনুযায়ী 7 দিনে স্পট জয়েনিং

**বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে** Airport মেট্রো ও ব্যাঙ্কে (DSA)-তে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক। বেতন: 17,400/- – 49,200/-. D. L. C, S. C. Rd, Kol-110, (M): 96477-73045.

□

### কন্ট্রাক্টরের অধীনে দমদম এয়ারপোর্ট ও মেট্রোতে নিয়োগ

**সম্পূর্ণ বিনা ডোনেশনে Airport, মেট্রো** ও ব্যাঙ্কে (DSA) কন্ট্রাক্টরের অধীনে M/F নিয়োগ চলছে। যোগ্যতা: ৮ম/স্নাতক, বেতন: 16,700/- – 47,300/-, থাকা খাওয়া ফ্রী। B. S. ঘোলা, সোদপুর, Kol-110, (M): 96477-89343.

□

### VODA, SBI ও JIO 4G ONLINE

**বাংলা কাস্টঃ কেয়ারে MP-Graduate** (18-35) অভিজ্ঞ / অনভিজ্ঞ M/F স্পট জয়েনিং চলছে। বেতন: 12,850/- + থাকার সুব্যবস্থা। প্রয়োজনে অনভিজ্ঞদের ট্রেনিং অন্তে জয়েনিং। দমদম: 84206-66060 গড়িয়া: 90020-33880. হেড অফিস: 73658-34373, IIFA, Kol-28.

□

### আর্জেন্ট রিক্রুটমেন্ট

**কন্ট্রাক্টরের অধীনে সরকারি নিয়ম** অনুসারে স্ট্যাম্পপেপারে লিখিত-সহ এয়ারপোর্টেতে পার্মানেন্ট জব, যোগ্যতা: ৮ম-স্নাতক, বেতন: ১৮,৭০০/- - ৪২,৬০০/-, থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। সত্বর যোগাযোগ করুন। M. T. দমদম রোড, Kol-74, (M): 74783-10472.

## স্কুল-কলেজ শিক্ষা

**Math, G.I, G.K Guide বেলঘরিয়া** CGL, 10+2, রেল (Gr. D/SM), পুলিশ PSC ক্লার্ক, WBCS, ব্যাঙ্ক (ক্লার্ক/PO) মাসে 600/-. চন্দ্রস্যার: 99035-00682.

□

**কম্বাইন্ড কোর্স (WBCS, PSC, SSC,** ব্যাঙ্ক, রেল, স্পোকেন ইংলিশ ইত্যাদি) প্রশিক্ষণ নিয়ে বহু স্টুডেন্ট সুপ্রতিষ্ঠিত। কেবলমাত্র ছাত্রীরাই যোগাযোগ করবে। পি. মুখার্জী, শিবপুর মন্দিরতলা। 84204-14664, 98318-20672.

□


**DISCLAIMER**

SWARNAKSHAR PRAKASANI PVT. LTD. assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

## স্কুল-কলেজ শিক্ষা

**350 টাকা মাসে PSC ক্লার্ক, RAIL,** WBSSC কোচিং, Math, G.I, G.K, শিয়ালদহ, ঢাকুরিয়া, Kolkata-31, P A: 98046-61270.

□

**Math & Eng সোনারপুর WBCS,** Rail, PSC, SSC, ক্লার্ক Gr.D প্রাইমারি SPL., পুলিশ, SI শর্টকাট, সেকেন্ডে কৌশল। Alakesh Sir: 98360-45234.

□

### টিচার্স ট্রেনিং

**প্রাইমারি, আপার প্রাইমারি, নার্সারী** ট্রেনিং-এ ভর্তি চলছে। NCT, govt. of India, IAO apprvd. Placement Assist. Installments facility. Art of Teaching. Batanagar. Nungi Stn. 80179-79329 / 93309-13883.

□

### টিচার্স ট্রেনিং

**প্রি-প্রাইমারি, প্রাইমারি ও মন্তেশ্বরী টিচার্স** ট্রেনিংয়ে ভর্তি চলছে। BSS, NCVT (Govt. of India) & PBSSD Approved Placement (Asst.) Installment-এর সুবিধা আছে। Global Technical Institute, বেলেঘাটা: 75969-71701/ 92301-13485 বারুইপুর (স্টেশনের নিকট): 92315-51285/70449-27065.

□

### নার্সিং ট্রেনিং

**ভর্তি চলছে। ANM Nursing Training** (2 Yrs). Approved by BSS / NCVT/ NSDC (Govt. of India), Installment ও Hostel-এর সুবিধা এবং চাকরির বিশেষ সুযোগ। Global Technical Institute (বেলেঘাটা, ফুলবাগান), M: 75969-71701 / 92315-51285.

□

## স্কুল-কলেজ শিক্ষা

### প্যারামেডিকেল ও CMS & ED কোর্স

**CMS & ED (Allopathy), DRDP** (ডেন্টাল), DRHP (হোমিও), DPT (ফিজিওথেরাপি), ANM (নার্সিং) কোর্সে ভর্তি চলছে। ক্লাস: শনি ও রবি, কেরিয়ার অ্যাকাডেমি অফ মেডিকেল, গড়িয়া স্টেশন রোড, ছোটবটতলা, কোলকাতা-84. 82729-11322 / 70447-16334.

### জুয়েলারি ডিজাইনিং পাঠ্যক্রম

**An ISO 9001:2015 Academy & Govt. Regd.**

স্বামী প্রণবানন্দ জেমস্ অ্যান্ড জুয়েলারি অ্যাকাডেমি শ্রীরামপুরে শুরু হচ্ছে প্রফেশনাল জুয়েলারি ডিজাইনিং শীর্ষক পাঠ্যক্রম। মেয়াদ ১বছর। সপ্তাহে তিন দিন, কম্পিউটারে ক্যাড্ ডিজাইনিং সহ হাতে-কলমে ম্যানুয়াল ডিজাইনিং প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণ শুরু ১৮ই জানুয়ারি, ২০২০। যোগ্যতা মাধ্যমিক পাশ। মোট আসন: ২০। প্রশিক্ষণ শেষে সুনিশ্চিত কর্ম-সংস্থান। যোগাযোগ: ৩৩/এ ঠাকুরদাস বাবু লেন, বৃন্দাবন অ্যাপার্টমেন্ট, শ্রীরামপুর, হুগলী।

**Web: www.spgja.com**

ভর্তির পূর্বে ISO সহ সরকারি রেজিস্ট্রেশান অবশ্যই দেখে নিন।

**M: 8910601053/ 8100507227/9903055848**

## কর্মক্ষেত্র কারা পড়েন?

একদিকে কর্মপ্রার্থী, অন্যদিকে নিয়োগকর্তা। একদিকে ছোটখাটো ব্যবসা করতে উদ্যোগী, অন্যদিকে সেইসব যন্ত্রপাতি ও কাঁচামালের উৎপাদক। একদিকে বিভিন্ন ধরনের ট্রেনিং নিতে ইচ্ছুক, অন্যদিকে ট্রেনিং ইনস্টিটিউট।

'কর্মক্ষেত্র'র এরকম লক্ষ লক্ষ পাঠক সারা পশ্চিমবঙ্গে ছড়িয়ে রয়েছেন। 'কর্মক্ষেত্র'র শ্রেণিবদ্ধ স্তম্ভে কর্মখালি, ব্যবসা-বাণিজ্য, স্কুল-কলেজ-শিক্ষা, সেলসম্যান/গার্ল, এজেন্ট/ক্যানভাসার, স্টকিস্ট/ডিস্ট্রিবিউটর, যন্ত্রপাতি-সাজসরঞ্জাম, ক্রয়-বিক্রয় ইত্যাদি বিজ্ঞাপন প্রকাশিত হয়। শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের খরচ প্রতি লাইন ৩০০ টাকা। আপনার বিজ্ঞাপনটি নিশ্চিত ও নির্ভুলভাবে প্রকাশের জন্য প্রকাশ তারিখের ৭ দিন আগে বিজ্ঞাপনের কপি ও টাকা জমা দিন:

Advertisement—Karmakshetra, Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-700 019
**Phone:** 2283-2320, 2280-8818 □ **Fax:** 2287-6448
**E-mail:** advt@swarnakshar.in


## স্বর্ণাক্ষরে বেড়াবার বই ছোটদের বই

প্রথম ভারতীয় ভূপর্যটক
বিমল মুখার্জির
**দুচাকায় দুনিয়া**
১৯২৬ সালে সাইকেলে পৃথিবী পর্যটনে বেরিয়েছিলেন বিমল মুখার্জি (১৯০৩-১৯৮৭)। তাঁর সেই দুঃসাহসিক বিশ্বভ্রমণের রোমাঞ্চকর অভিজ্ঞতা।
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
সপ্তম মুদ্রণ ₹৩০০

শঙ্খ ঘোষের **ইছামতীর মশা**
কবির দেখা কবির লেখা
একগুচ্ছ অসামান্য ভ্রমণকথা।
পরিবর্ধিত দ্বিতীয় সংস্করণ ₹১৫০

**বেড়াতে যাবার সিঁড়ি** ₹১২০

নবনীতা দেব সেনের
**ভ্রমণের নবনীতা**
নানা মহাদেশের মাটির
স্পর্শ আছে এ বইয়ে।
তৃতীয় মুদ্রণ ₹১২৫

অমরেন্দ্র চক্রবর্তীর
**বন্ধুভরা বসুন্ধরা**
অজানা দেশ দেখে বেড়ানো, অচিন মানুষ চিনে বেড়ানোর আন্তরিক আলেখ্য।
সঙ্গে রঙিন ছবি। মজবুত বোর্ড বাঁধাই।
দ্বিতীয় সংস্করণ ₹১২০

রবীন চক্রবর্তীর
**বাঁধা পথের বাঁধন ছেড়ে**
উত্তর-পূর্ব ভারত আর লাদাখ ভ্রমণে আগ্রহীদের এ বই পথ দেখাবে।
২য় সংস্করণ। ₹৯০

শঙ্কররঞ্জন রায়চৌধুরীর
**চিন তিব্বত মোঙ্গোলিয়া**
বিচিত্র প্রকৃতি আর মানুষের জীবনস্রোতে ভেসে বেড়ানো। ২য় মুদ্রণ। ₹৯০

**সেরা ভ্রমণকাহিনি**
অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদিত
প্রখ্যাত লেখক-পর্যটকদের দেশ-বিদেশ ভ্রমণের অন্তরঙ্গ কাহিনি।
১ম খণ্ড। সহস্রাধিক পাতা। ৪র্থ মুদ্রণ ₹৫০০
২য় খণ্ড। ৭০০ পাতা। ৩য় মুদ্রণ ₹৩০০
৩য় খণ্ড। ₹৩০০

মহাশ্বেতা দেবীর বিস্ময়কর বই
**তুতুল** তৃতীয় মুদ্রণ ₹৪০
সুভাষ মুখোপাধ্যায়ের ছড়ার বই
**বকবকম** ₹১৫
কানাইলাল চক্রবর্তীর
খুব ছোটদের জন্য এক আশ্চর্য সুন্দর বই
**চলো দেখে আসি**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹২০
**চড়ুইয়ের সঙ্গে** ₹১৫
**কুমির হয়ে জলে গেল** ₹৩০
পবিত্র সরকারের
**কথামালা: ছড়ায় ঢালা** ₹১৫
মৈত্রেয়ী নাগের
**বাঘ বেড়ালের ছড়া ছবি** ₹৩০
**আষাঢ়ে গল্প** ₹৬০

অমরেন্দ্র চক্রবর্তীর
ছোটদের বই
২০১৬-র সাহিত্য অকাদেমি (শিশুসাহিত্য) পুরস্কারপ্রাপ্ত
**গরিলার চোখ** ₹৮০
**লিচুবাগানের চৌকিদার** ₹৮০
**বরফের বাগান** ₹১২০
**ছেঁড়াকাঁথার গল্প** ₹৭৫
**আমাজনের জঙ্গলে**
বিস্ময়কর কিশোর উপন্যাস। ৭ম মুদ্রণ ₹৭০
**হীরু ডাকাত**
শিশুসাহিত্যে জাতীয় পুরস্কারপ্রাপ্ত ₹১২০
সঙ্গে বিনামূল্যে: অবাক করা গানে-সুরে বাঁশি-বাজনায় অভিনয়ে জমজমাট দু'ঘণ্টার অখণ্ড MP3 সিডি
**গৌর যাযাবর**
বিশ্বভারতীর অশালতা সেন পুরস্কারপ্রাপ্ত।
পরিবর্ধিত নতুন সংস্করণ ₹১২০
**শাদা ঘোড়া** ৬ষ্ঠ মুদ্রণ ₹৬০
দেশ-বিদেশের নানা ভাষায় অনূদিত।
**টিয়াগ্রামের ফিঙেনদী**
যুধাজিৎ সেনগুপ্ত চিত্রিত ₹১৫
**ঋষিকুমার** ₹২০ **পাখির খাতা** ₹৪০
**ভূতের বাঁশি** ₹৪০
**তালগাছের ভোম্বা** ₹২০

স্বর্ণাক্ষর
29/1-A, Old Ballygunge 2nd Lane
Kolkata-700 019
Ph: 2283-2320 Fax: 2287-6448

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

## কোন মেশিনে কী ব্যবসা

# তন্দুরি রুটি তৈরির অটোম্যাটিক মেশিন

**‘কর্মক্ষেত্র’র জনপ্রিয় বিভাগ ‘কোন মেশিনে কী ব্যবসা’ পড়ে অসংখ্য তরুণ-তরুণী ছোটখাটো ব্যবসা শুরু করে স্বনির্ভর হয়েছেন। মেশিন চিনে, মেশিন কিনেই সরাসরি ব্যবসায় নেমে পড়ার চটজলদি সুলুকসন্ধান নিয়ে এই বিভাগ। একেবারে সাম্প্রতিক তথ্য সহ।**



**নিজস্ব প্রতিনিধি:** এই মেশিনে খুব অল্প সময়ে অনেক বেশি তন্দুরি রুটি তৈরি সম্ভব। রেস্টুরেন্টে তন্দুরি রুটি তৈরির জন্য এই মেশিন ব্যবহার করা হয়।

**কীভাবে করবেন:** প্রথমে মিক্সার মেশিনে প্রয়োজনমতো আটা দিয়ে মিশ্রণ তৈরি করে নিতে হবে। এবার সেই মিশ্রণ রুটি তৈরির মেশিনটির হপারে নির্দিষ্ট মাপে ঢেলে দিতে হবে। এরপর মেশিন চালু করলেই মাখা আটা লম্বা চাদরের মতো বেলা হয়ে যাবে এবং ডাইসের মাপ অনুযায়ী কাটিং হয়ে যাবে। সবশেষে ওভেন অন করলেই স্বয়ংক্রিয় পদ্ধতিতে রুটি তৈরি হয়ে বেরিয়ে আসবে। এই মেশিনে মিনিটে ১০টি তন্দুরি রুটি তৈরি সম্ভব। মেশিনটি চালাতে মোটর লাগবে ২ হর্সপাওয়ার এবং বিদ্যুৎ লাগবে ২২০ ভোল্ট।

**কোন মেশিনের কী দাম:** ৩০ কেজি পর্যন্ত মিশ্রণ তৈরিতে সক্ষম মিক্সার মেশিনের দাম পড়বে ৩০,০০০ টাকা। তন্দুরি রুটি তৈরির অটোম্যাটিক মেশিনটির দাম পড়বে ১,৫০,০০০ টাকা।

**মেশিন কোথায় পাবেন:** মেশিন পাবেন এই ঠিকানায়: Bharat Machine Tools Industries, 61, Ganesh Chandra Avenue, Kolkata-700 013. Ph: 2236-8015, 94324-22086. E-mail: bharatmachinetools1@rediffmail.com


# সরকার স্বীকৃত নার্সিং কলেজে ট্রেনিং নিয়ে চাকরি

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা আবেদনের যোগ্য



এখন শুধু রাজপথ নয়, জেলায়-জেলায় বড় রাস্তা বা ছোট রাস্তার পাশে গড়ে উঠেছে নার্সিং হোম এবং ক্রমাগত বাড়ছে হসপিটালের সংখ্যা। বিশ্ব জুড়ে - দেশ জুড়ে, চাই অসংখ্য ট্রেনিংপ্রাপ্ত নার্স কর্মী। মেয়েদের জীবনে প্রতিষ্ঠিত হওয়ার জন্য চাই শুধু একটি সঠিক নার্সিং ট্রেনিং। কম খরচে নার্সিং ট্রেনিং দিয়ে মেয়েদের প্রতিষ্ঠিত করার লক্ষ্যে, কর্মযজ্ঞ শুরু হয়েছে বালিগঞ্জের রবীন্দ্র পাঠ ভবন নার্সিং ট্রেনিং কলেজে। এই কলেজ Affiliated by BSS, Ministry of HRD, Govt. of India, Guidance of NCERT।

প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে, এই কোর্সটির নাম "2 Years BSS Practical Nursing (Govt. of India)"। এখানে ক্লাস শুরু শীঘ্র। Personality development ও Grooming-এর সঙ্গে সঙ্গে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন Lab-এ Medical Instrument-এর সাহায্যে practice-এর ব্যবস্থা। এই ট্রেনিং-এ Installment-এ Fees দেওয়ার সুযোগ আছে। কোর্স শেষে চাকরির সুযোগ এবং এককালীন স্কলারশিপ পাওয়ার ব্যবস্থা। ভর্তির জন্য এখনই যোগাযোগ করুন : রবীন্দ্র পাঠ ভবন, বালিগঞ্জ: 97326-84328, 97329-37726। Google Search : rabindra path bhaban ballygunge.

# IIBS-এর ট্রেনিং মানেই ব্যাঙ্ক/সরকারি চাকরি

লক্ষাধিক শূন্যপদে পরীক্ষা দিয়ে নিশ্চিত সরকারি চাকরি পেতে, কম খরচে এখানকার গ্যারান্টি কোর্সে এখনই ভর্তি হয়ে ক্লাস শুরু করুন।

• Till Success Facility • www.iibskolkata.com

**ভর্তি চলছে**

• IBPS • SBI • RRB • RAIL • SSC • PSC • CGL • LIC • GR-D

**INDIAN INSTITUTE OF BANKING & SERVICES** (ESTD.–1987)

20/1, Ballygunge Station Road, Kolkata-700 019, Ph : **2461-0361, 98317-89536**

Google Search-এ আমরাই ‘একনম্বরে’ (Search-‘**banking exam training institute in kolkata**’).





Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কারেন্ট অ্যাফেয়ার্স

১৭ নভেম্বর-২৪ নভেম্বর

**১৭ নভেম্বর** অযোধ্যা রায় পুনর্বিবেচনার জন্য সুপ্রিম কোর্টে ফের আবেদন করার সিদ্ধান্ত নিল মুসলিম পার্সোনাল ল' বোর্ড এবং জমিয়ত উলেমা-ই-হিন্দ। এ দিন লখনউয়ে বোর্ডের বৈঠক এবং দিল্লিতে জমিয়তের কার্যকরী কমিটির বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। উল্লেখ্য, অযোধ্যা রায়ে বিতর্কিত ২.৭৭ একর জমিতে রামমন্দির নির্মাণের নির্দেশ দিয়েছে শীর্ষ আদালত। মসজিদ নির্মাণের জন্য সুন্নি কেন্দ্রীয় ওয়াকফ বোর্ডকে অন্যত্র ৫ একর জমি দিতে বলা হয়েছে।

## শ্রীলঙ্কার নতুন প্রেসিডেন্ট গোতাবায়া রাজাপক্ষে



**১৭ নভেম্বর:** শ্রীলঙ্কার নতুন প্রেসিডেন্ট পদে নির্বাচিত হলেন দেশের প্রাক্তন প্রতিরক্ষা সচিব গোতাবায়া রাজাপক্ষে। তিনি প্রাক্তন প্রেসিডেন্ট মাহিন্দা রাজাপক্ষের ভাই। এক সময় তামিল টাইগারদের কড়া হাতে দমন করে শ্রীলঙ্কার মানুষের বিশ্বাস অর্জন করেছিলেন গোতাবায়া। নির্বাচনে ৫২.২৫ শতাংশ ভোট পেয়েছেন ৭০ বছর বয়সি গোতাবায়া। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী সাজিথ প্রেমদাসা ৪১.৯৯ শতাংশ ভোট পেয়ে দ্বিতীয় স্থান পেয়েছেন। জয়লাভের জন্য গোতাবায়াকে টুইটারে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি লিখেছেন, 'আপনাকে শুভেচ্ছা। দুই দেশের জন্য শান্তি, সমৃদ্ধি এবং গোটা উপমহাদেশের নিরাপত্তার জন্য আপনার সঙ্গে একজোট হয়ে কাজ করতে চাই।' গোতাবায়াও ভারতের প্রধানমন্ত্রী ও ভারতবাসীকে পাল্টা শুভেচ্ছা জানিয়েছেন, যদিও চিন ও শ্রীলঙ্কার মধ্যে বরাবর সেতু হিসেবে কাজ করেছে রাজাপক্ষে পরিবার। তাই গোতাবায়া জমানায় ভারতের তুলনায় শ্রীলঙ্কা চিনকেই বেশি গুরুত্ব দেবে বলে আশঙ্কা রয়েছে ভারতের। দেশের প্রেসিডেন্ট নির্বাচিত হয়ে ২০ নভেম্বর প্রাক্তন প্রেসিডেন্ট ও দাদা মাহিন্দা রাজাপক্ষেকে প্রধানমন্ত্রী পদে বসানোর কথা ঘোষণা করেছেন গোতাবায়া।

**১৮ নভেম্বর** লোকসভায় তৃণমূল সাংসদের প্রশ্নে লিখিত জবাব দিয়ে কেন্দ্রীয় শ্রমমন্ত্রী কার্যত কবুল করলেন দেশে বেকারত্ব বাড়ছে। তৃণমূল সাংসদ মালা রায়ের প্রশ্নের জবাবে যে লিখিত জবাব শ্রমমন্ত্রী সন্তোষকুমার গাঙ্গোয়ার দিয়েছেন, তাতে স্পষ্ট, অসংগঠিত ক্ষেত্রে লোকের কর্মসংস্থানের সুযোগ কমছে বা বলা যেতে পারে আরও বেশি করে লোক বেকার হচ্ছেন। কৃষি বাদ দিয়ে অন্য সব ক্ষেত্রে কর্মী জনসংখ্যার হার ২০১৩-১৪-তে ছিল ৫৩.৭ শতাংশ। ২০১৫-১৬-তে তা কমে দাঁড়ায় ৫০.৫ শতাংশে। আর ২০১৭-১৮-তে তা আরও কমে হয়েছে ৪৬.৮ শতাংশ। খুব সহজ ভাবে বললে, অসংগঠিত ক্ষেত্রে শ্রমিকদের সংখ্যা কয়েক বছরের মধ্যে সাত শতাংশ কমে গিয়েছে।

**পাকিস্তানের মুত্তাহিদা কওমি মুভমেন্টের** (এমকিউএম) প্রতিষ্ঠাতা আলতাফ হুসেন ভারতে আশ্রয়ের আর্জি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দ্বারস্থ হলেন। পাশাপাশি আবেদনে তিনি এও জানিয়েছেন, আশ্রয় দিতে না পারলে অন্তত মামলা লড়তে তাঁদের যেন আর্থিক ভাবে সহায়তা করে ভারত। কয়েক বছর আগে পাকিস্তানে 'বক্তৃতা'-র মাধ্যমে সন্ত্রাস ছড়ানোর দায়ে লন্ডনে নির্বাসিত হন তিনি। এখন সেখানেই বিচারাধীন আলতাফ। সম্প্রতি এক ভিডিয়ো বার্তায় ওই আবেদন জানিয়েছেন তিনি।

**১৯ নভেম্বর** জম্মু-কাশ্মীরে নিষেধাজ্ঞার জেরে ১০০ কোটি ডলারেরও বেশি আর্থিক ক্ষতি হয়েছে বলে দাবি করল সে রাজ্যের প্রধান ব্যবসায়ী সংগঠন কাশ্মীর চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (কেসিসিআই)। সংগঠনটি জানিয়েছে এই ক্ষতির জন্য কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে তারা মামলা করার পরিকল্পনা করছে। কেসিসিআই আরও জানিয়েছে, উপত্যকায় উন্নয়ন এখনও দেখা যাচ্ছে না। নিষেধাজ্ঞার জেরে দোকানপাট, বাজার বন্ধ ছিল। সার্বিক ভাবে এর প্রভাব পড়েছে ব্যবসায়।

## এনসিপিতে ভাঙন ধরিয়ে মুখ্যমন্ত্রী ফডণবীস



**২৩ নভেম্বর:** শরদ পাওয়ারের দল এনসিপিতে ভাঙন ধরিয়ে মহারাষ্ট্রে সরকারের দখল নিল বিজেপি। শরদের ভাইপো অজিত পাওয়ারের সমর্থন পেয়ে মুখ্যমন্ত্রী পদে শপথ নিলেন দেবেন্দ্র ফডণবীস। অজিত হলেন উপমুখ্যমন্ত্রী। সরকার গড়ার প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টেও গিয়েছেন বিরোধীরা। উল্লেখ্য, একদিন আগেই কার্যত ঠিক হয়ে গিয়েছিল মহারাষ্ট্রে সরকার গড়তে চলেছে শিবসেনা, এনসিপি এবং কংগ্রেস। মধ্যরাতের অভ্যুত্থানে ভাঙন ধরে এনসিপিতে। যদিও প্রত্যাশিত সংখ্যাগরিষ্ঠতা দেখাতে না পারায় চতুর্থ দিনেই ২৬ নভেম্বর পদত্যাগ করতে হয়েছে ফডনবীশকে। **ছবি: পি টি আই**





"কেন আমি আমার নিজের ভারতে নিরাপদে থাকতে পারব না।"

**অনু দুবে,** *দিল্লির প্রতিবাদী তরুণী*

হায়দরাবাদে তরুণী পশুচিকিৎসককে ধর্ষণ ও খুন করে পুড়িয়ে দেওয়ার ঘটনায় সংসদ ভবনের সামনে একাই প্রতিবাদে নেমে

## প্রধান বিচারপতি পদে শপথ বোবদের



**১৮ নভেম্বর:** দেশের প্রধান বিচারপতি পদে শপথ নিলেন শরদ অরবিন্দ বোবদে। প্রধান বিচারপতি হিসেবে তাঁর এজলাসে প্রথম আসে প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী পি চিদম্বরমের জামিন সংক্রান্ত আর্জি। এজলাসে এ দিন হাজির ছিলেন জামাইকার প্রধান বিচারপতি ব্রায়ান সাইকস ও ভুটানের সুপ্রিম কোর্টের শীর্ষ বিচারপতি কুয়েনলে শেরিং। অন্য দুই দেশের শীর্ষ বিচারপতির উপস্থিতি নজিরবিহীন বলেই জানাচ্ছেন আইনজীবীরা। **ছবি: পি টি আই**

**উইকিলিকস-এর সহ-প্রতিষ্ঠাতা জুলিয়ান** অ্যাসাঞ্জের বিরুদ্ধে ২০১০ সালে ওঠা ধর্ষণের অভিযোগের তদন্তে ইতি টানল সুইডেনের সরকারি আইনজীবীদের সংগঠন। কর্তৃপক্ষের পক্ষ থেকে এক বিবৃতিতে জানানো হয়েছে, ঘটনার প্রায় ন'বছর পেরিয়ে যাওয়ায় এখন প্রমাণ সংগ্রহ করা বেশ কঠিন। লন্ডনের বেলমার্স জেলে বন্দি অ্যাসাঞ্জ অবশ্য প্রথম থেকেই এই অভিযোগ অস্বীকার করে এসেছেন।

**২০ নভেম্বর** পাঁচটি রাষ্ট্রায়ত্ত সংস্থার বিলগ্নিকরণের সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। এ দিন কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে ভারত পেট্রোলিয়াম (বিপিসিএল), কনটেনার কর্পোরেশন (কনকর), শিপিং কর্পোরেশন, নিপকো ও টেহরি জলবিদ্যুৎ উন্নয়ন নিগম (টিএইচডিসিএল)— এই পাঁচটি সংস্থার শেয়ার বিক্রির সিদ্ধান্ত হয়েছে। এদের মধ্যে তিনটি সংস্থা বিপিসিএল, শিপিং কর্পোরেশন ও কনকর এর নিয়ন্ত্রণ আর সরকারের হাতে থাকবে না। অন্য দু'টির ক্ষেত্রেও নিয়ন্ত্রণ তুলে দেওয়া হবে রাষ্ট্রায়ত্ত সংস্থা এনটিপিসি-র হাতে। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন জানিয়েছেন, বিপিসিএল ও শিপিং কর্পোরেশনের যত শেয়ার সরকারের হাতে আছে তার সবটাই বেসরকারি সংস্থাকে বেচে দেওয়া হবে। কনকরের ক্ষেত্রে সমস্ত সরকারি শেয়ার বেসরকারি হাতে দেওয়া না হলেও সংস্থার নিয়ন্ত্রণ আর সরকারি হাতে থাকবে না।

**চন্দ্রযান-২ এর ল্যান্ডার বিক্রমের যেখানে** নামার কথা ছিল তার থেকে ৫০০ মিটারের মধ্যে পড়েছিল বলে লোকসভায় সরকারের তরফে জানানো হল। গতি বেশি হওয়ার কারণে নয়, প্রয়োজনের তুলনায় গতি বেশি কমে যাওয়াতেই ঘটে বিপত্তি। লোকসভায় এক প্রশ্নের লিখিত জবাবে এ কথা জানান প্রধানমন্ত্রীর দপ্তরের প্রতিমন্ত্রী জিতেন্দ্র সিংহ। মহাকাশ দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রীও তিনি।

## পৃথ্বী-২ এর উৎক্ষেপণ সফল অন্ধকারেও



**২০ নভেম্বর:** অন্ধকারে সফল উৎক্ষেপণ হল পরমাণু অস্ত্র বহনে সক্ষম দু'টি পৃথ্বী-২ 'ভূমি থেকে ভূমি' ক্ষেপণাস্ত্রের। ওড়িশার চাঁদিপুরের মোবাইল লঞ্চার থেকে সন্ধ্যা ৭টা ও সওয়া ৭টার মধ্যে পরপর ছোড়া হয় ৩৫০ কিমি পাল্লার ক্ষেপণাস্ত্র দু'টি। বিজ্ঞানীরা জানিয়েছেন, দেশীয় প্রযুক্তিতে তৈরি পৃথ্বী-২ লক্ষ্যবস্তুতে নিখুঁত আঘাত করেছে।

**জাপানের প্রধানমন্ত্রী হিসেবে ২,৮৮৭** দিন কাটিয়ে বুধবার জাপানের দীর্ঘস্থায়ী প্রধানমন্ত্রী হিসেবে রেকর্ড গড়লেন শিনজো আবে। বিশেষজ্ঞদের মতে, ২০২১-এর সেপ্টেম্বরের আগে এই পদ থেকে তাঁর সরার কোনও সম্ভাবনা নেই।

**হংকংয়ের মানবাধিকার এবং গণতন্ত্র** রক্ষায় বিল পাশ হল মার্কিন সেনেটে। রিপাবলিকান সেনেটর মার্কো রুবিয়ো বলেন, 'আমেরিকা যে হংকংয়ের সাধারণ মানুষের পাশে আছে, সেনেট আজ সেটাই স্পষ্ট করে দিল। বেজিং 'স্বায়ত্তশাসন' মানতে না-চাইলেও, আমরা বরাবর হংকংয়ের দীর্ঘদিনের স্বাধীনতা আন্দোলনের পক্ষে।' চিন যথারীতি মার্কিন সেনেটের এই সিদ্ধান্তকে কড়া ভাষায় আক্রমণ করেছে। চিনা বিদেশ মন্ত্রক বিবৃতি দিয়ে জানিয়েছে, 'চিন এবং হংকংয়ের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপের চেষ্টা এ বার বন্ধ করা উচিত আমেরিকার। তা না-হলে নিজেদের সার্বভৌমত্ব রক্ষার পথ আমরা নিজেরাই বেছে নেব।'

**২২ নভেম্বর** চতুর্দশ দলাই লামার উত্তরসূরি কে হবেন, তা ঠিক করার অধিকার একা চিনের নেই বলে মন্তব্য করল আমেরিকা। উল্লেখ্য, পঞ্চদশ দলাই লামা বাছাইয়ের ক্ষেত্রে তাদের সম্মতি নিতে হবে বলে দাবি করেছিল বেজিং। সে দাবি উড়িয়ে আন্তর্জাতিক ধর্মীয় স্বাধীনতা বিষয়ক মার্কিন রাষ্ট্রদূত স্যামুয়েল ব্রাউনব্যাক বলেছেন, 'চিনের বাইরেও দলাই লামার বহু ভক্ত। তাই পরবর্তী তিব্বতি ধর্মগুরু বাছাইয়ে বেজিংয়ের গা-জোয়ারির কোনও মানেই হয় না।'

## ভারতের প্রথম গোলাপি বলের টেস্ট উদ্বোধনে হাসিনা



**২২ নভেম্বর:** ভারতের মাটিতে প্রথমবার গোলাপি বলের টেস্ট ক্রিকেটের আসর বসল ইডেনে। বাংলাদেশের সঙ্গে চলতি সিরিজের দ্বিতীয় টেস্ট এটি। দিন-রাতের এই টেস্টের উদ্বোধন করতে উপস্থিত হয়েছিলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়, বিসিসিআই প্রেসিডেন্ট সৌরভ গঙ্গোপাধ্যায়, কলকাতার মেয়র ফিরহাদ হাকিম প্রমুখ বিশিষ্ট ব্যক্তিরা। ভারতীয় ক্রিকেট বোর্ডের প্রধান সৌরভ গঙ্গোপাধ্যায়ের আমন্ত্রণেই হাসিনা কলকাতায় আসেন। তাঁর সফরের বেশিরভাগটা জুড়েই ক্রিকেট থাকলেও সন্ধ্যায় কলকাতার একটি পাঁচতারা হোটেলে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে বৈঠকের পর শরণার্থী প্রসঙ্গ তোলেন হাসিনা। ১৯৭১-এর মুক্তিযুদ্ধের সময় এক কোটি শরণার্থীকে আশ্রয় দেওয়ার জন্য ভারতের প্রতি কৃতজ্ঞতা জানান তিনি। তাঁর কথায়, 'মুক্তিযুদ্ধের সময়ে ভারতের অবদান সব সময় স্বীকার করি। এ দেশের মানুষের প্রতি কৃতজ্ঞতা জানাই। মুক্তিযুদ্ধের সময়ে এক কোটি শরণার্থীকে ভারত আশ্রয় দিয়েছিল। আশা করি, সেই বন্ধুত্বপূর্ণ সম্পর্ক চিরদিন বজায় থাকবে।' **ছবি: পি টি আই**

**২১ নভেম্বর** জলবায়ু নিয়ে আন্দোলনকারী গ্রেটা থুনবার্গকে আন্তর্জাতিক শিশু শান্তি পুরস্কার দিল নেদারল্যান্ডসের একটি সংস্থা। ক্যামেরুনের ১৫ বছর বয়সি আন্দোলনকারী ভিভিনা মালোউমও এই পুরস্কার পেয়েছে। দ্য হেগ-এ পুরস্কার বিতরণী অনুষ্ঠানে নিজে অবশ্য হাজির থাকতে পারেনি গ্রেটা। উল্লেখ্য, জলবায়ু পরিবর্তন নিয়ে গ্রেটার আন্দোলন ইতিমধ্যেই গোটা বিশ্বের নজর কেড়েছে।

**২৩ নভেম্বর** বিশ্ব জুড়ে পরিবেশ আন্দোলনে সাড়া ফেলে দেওয়া সুইডিশ কিশোরী আগামী মাসেই অতিথি সম্পাদক হয়ে আসবেন বিবিসি রেডিয়োর 'টুডে' অনুষ্ঠানে। স্টিফেন হকিং, প্রিন্স হ্যারি, অ্যাঞ্জেলিনা জোলির মতো ব্যক্তিত্বরা আগে এই সম্মান পেয়েছেন। ২৫ ডিসেম্বর থেকে ১ জানুয়ারির মধ্যে সকাল ৬টা থেকে ৯টার অনুষ্ঠানে গ্রেটা-সহ পাঁচ বিশিষ্টকে অতিথি-সম্পাদক হিসেবে আমন্ত্রণ জানানো হয়েছে। এই অনুষ্ঠানে গ্রেটা প্রথম সারির বেশ কয়েকজন পরিবেশকর্মীর মুখোমুখি হবেন বলে বিবিসি জানিয়েছে।

## ঘরের মাঠে টানা ১২টি টেস্ট সিরিজ জয় ভারতের



**২৪ নভেম্বর:** বাংলাদেশের বিরুদ্ধে ইডেন টেস্ট এক ইনিংস ও ৪৬ রানে জিতে নিল ভারত। বাংলাদেশের প্রথম ইনিংসে ১০৬ রানের জবাবে ভারত ৯ উইকেট হারিয়ে ৩৪৭ রান তুলে ইনিংস ডিক্লেয়ার করে দেয়। বাংলাদেশ তাদের দ্বিতীয় ইনিংসেও মাত্র ১৯৫ রানে অলআউট হয়ে যায়। দু'ইনিংস মিলিয়ে ৯ উইকেট তুলে নিয়ে ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন ইশান্ত শর্মা। সিরিজের সেরাও হয়েছেন তিনি। প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে গোলাপী বলের টেস্টে সেঞ্চুরি (১৩৬) করলেন অধিনায়ক বিরাট কোহলি। নিজের ১৪১ তম ইনিংসে ২৭ তম শতরান করলেন তিনি। এই সিরিজের সঙ্গে ঘরের মাঠে টানা ১২টি টেস্ট সিরিজ জিতে নতুন ইতিহাস গড়ল ভারত।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কী পড়বেন, কোথায় পড়বেন

### বর্ধমান বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতক কোর্সে ভর্তি



স্নাতক যোগ্যতায় অনার্স-সহ তিন বছরের এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে বর্ধমান বিশ্ববিদ্যালয়। বর্ধমান বিশ্ববিদ্যালয় ছাড়াও কোর্সটি পড়ানো হবে হুগলি মহসিন কলেজ, বেঙ্গল ল কলেজ, জর্জ স্কুল অব ল এবং অ্যামেক্স ল কলেজে। এই কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি নম্বর: FC/PG (A)/Advt./L.L.B./2020-2022/236.

**আসনসংখ্যার বিবরণ**: আইন বিভাগ, বর্ধমান বিশ্ববিদ্যালয়: ৬০টি, হুগলি মহসিন কলেজ: ৮০টি, শান্তিনিকেতনের বেঙ্গল ল কলেজ: ৮০টি, পূর্ব বর্ধমানের অ্যামেক্স ল কলেজ: ৬০টি, কোন্নগরের জর্জ স্কুল অব ল: ১২০টি। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ, ও বি সিদের ক্ষেত্রে ৪২ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক অথবা অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ স্নাতকোত্তর ডিগ্রি। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই।

প্রার্থী বাছাই করা হবে একটি লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ২৩ ডিসেম্বর, দুপুর ১২টা থেকে। পরীক্ষাকেন্দ্র বর্ধমান বিশ্ববিদ্যালয়।

অনলাইনে আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.buruniv.ac.in আবেদনের শেষ তারিখ ৯ ডিসেম্বর। ফি বাবদ দিতে হবে ২৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। এ ছাড়া এলাহাবাদ ব্যাঙ্কের ই-চালানের মাধ্যমেও ফি দেওয়া যাবে। চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্র এবং ই-রিসিপ্ট (প্রযোজ্য ক্ষেত্রে)-এর এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্টে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স



ফরেস্ট্রি ম্যানেজমেন্টের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ইন্ডিয়ান ইনস্টিটিউট অব ফরেস্ট ম্যানেজমেন্ট। কোর্সের মেয়াদ ২ বছর। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

কোর্সের বিবরণ: আসনসংখ্যা ১৫০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫০ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৪৫ শতাংশ) নম্বর-সহ যে-কোনও শাখায় স্নাতক। এর পাশাপাশি ২০১৯-এর কমন অ্যাডমিশন টেস্ট (ক্যাট) বা ২০২০-র জেভিয়ার্স অ্যাপ্টিটিউড টেস্টে উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

ফাইনাল ইয়ারের প্রার্থীরাও আবেদনের যোগ্য। সেক্ষেত্রে ২০২০-র জুনের মধ্যে ফাইনাল সার্টিফিকেট সাবমিট করতে হবে।

কোর্স ফি: ৬,২৪,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৩,৭৪,৪০০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iifm.ac.in

ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ৫০০ টাকা)। ফি জমা দিতে হবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও পাঠাতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনের প্রিন্ট আউট ২০ ফেব্রুয়ারির মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Chairperson, Admissions, Indian Institute of Forest Management, Nehru Nagar, Bhopal-462 003, INDIA.

আবেদনের পদ্ধতি-সহ খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

### ফুটওয়্যার টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউট



ফুটওয়্যার টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে এম এস এম ই-টেকনোলজি ডেভেলপমেন্ট সেন্টার। এটি ভারত সরকারের মাইক্রো, স্মল অ্যান্ড মিডিয়াম এন্টারপ্রাইজ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। কোর্সটি পড়ানো হবে আগ্রার সেন্ট্রাল ফুটওয়্যার ট্রেনিং ইনস্টিটিউটে। কোর্সের মেয়াদ ১৮ মাস।

**আসনসংখ্যা:** ৩০টি। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। বিজ্ঞান শাখায় স্নাতকরা অগ্রাধিকার পাবেন। **বয়স:** ২০ বছরের মধ্যে হতে হবে।

**কোর্স ফি:** ১,৪৮,০০০ টাকা (তফসিলিদের ক্ষেত্রে ২৩,০০০ টাকা)।

প্রার্থী বাছাই করা হবে একটি স্ক্রিনিং টেস্টের মাধ্যমে। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে।

বিশদ জানতে দেখুন এই ওয়েবসাইট: www.cftiagra.org.in

### আই আই টি খড়্গপুরে বিজনেস অ্যানালিটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি



বিজনেস অ্যানালিটিক্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে আই আই টি খড়্গপুর। কোর্সটি আই আই এম কলকাতা এবং ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইনস্টিটিউটের যৌথ উদ্যোগে পড়ানো হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। ফাইনাল ইয়ারের ছাত্রছাত্রীরাও শর্তসাপেক্ষে আবেদনের যোগ্য।

প্রার্থী বাছাই করা হবে একটি প্রবেশিকা পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ১৭ ফেব্রুয়ারি। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে। ৪০ নম্বরের লিখিত পরীক্ষা ও ৪০ নম্বরের ইন্টারভিউ।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pgdba.iitkgp.ac.in ৩ ডিসেম্বর থেকে অনলাইন আবেদন করা যাবে ১০ জানুয়ারি পর্যন্ত।

### সোশ্যাল সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি




সোশ্যাল সায়েন্সের তিন বছরের স্নাতক ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্স। কোর্সটি হায়দরাবাদ,গুয়াহাটি ও তুলজাপুর ক্যাম্পাসে পড়ানো হবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল। **বয়স:** ২৩ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে একটি অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাটির নাম 'টি আই এস এস ব্যাচেলর অব আর্টস এন্ট্রান্স টেস্ট'। পরীক্ষা হবে ২৫ এপ্রিল, দুপুর ২টো থেকে বিকেল ৪টে পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.tiss.edu আবেদন করা যাবে ৫ ডিসেম্বর থেকে ২৩ মার্চ পর্যন্ত। বিশদ জানতে দেখুন ওয়েবসাইট।

### এডিটিং ও পাবলিশিংয়ের স্নাতকোত্তর সার্টিফিকেট কোর্স



এডিটিং ও পাবলিশিংয়ের স্নাতকোত্তর সার্টিফিকেট কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অব কালচারাল টেক্সটস অ্যান্ড রেকর্ডস। কোর্স চলবে ৭ জানুয়ারি থেকে ১৬ এপ্রিল পর্যন্ত।

**শিক্ষাগত যোগ্যতা:** অনার্স-সহ স্নাতক।

ক্লাস হবে প্রতি মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার, সন্ধ্যা ৬টা থেকে রাত ৮টা।

প্রার্থী বাছাই করা হবে স্ক্রিনিং টেস্টের মাধ্যমে। স্ক্রিনিং টেস্ট ১৯ ডিসেম্বর, সন্ধে ৬টায়।

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি-সহ আবেদন করতে হবে। আবেদনপত্র ই-মেলে পাঠাতে পারেন এই ঠিকানায়: jueditpub@gmail.com এ ছাড়া আবেদনপত্র যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে জমা দিতে পারেন এই ঠিকানায়: The School of Cultural Texts & Records, 5th Floor, Rabindra Bhaban, Jadavpur University, 188, Raja S.C. Mallick Rd, Kolkata- 700032. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: www.jaduniv.edu.in, http://editpub.blogspot.in

### যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ক্লিনিক্যাল রিসার্চ অ্যান্ড রেগুলেটরি অ্যাফেয়ার্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

ক্লিনিক্যাল রিসার্চ অ্যান্ড রেগুলেটরি অ্যাফেয়ার্সের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বায়োইকুইভ্যালেন্স স্টাডি সেন্টার। কোর্সের মেয়াদ ১ বছর।

**আসনসংখ্যা:** ২৫টি। **শিক্ষাগত যোগ্যতা:** ফার্মাসিতে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি। অথবা বায়ো-সায়েন্স বা মাইক্রোবায়োলজি বা লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় বি এসসি ডিগ্রি। কেমিক্যাল বায়োটেকনোলজিতে বি টেক ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। এ ছাড়া এম বি বি এস বা বি এইচ এম এস বা বি ডি এস বা বি এম এস বা এম ডি এস বা নার্সিং বা ভেটেরিনারি সায়েন্সের স্নাতকরাও আবেদন করতে পারেন। ক্লাস হবে প্রতি শনিবার, দুপুর ১টা থেকে বিকেল ৫টা। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। আবেদনের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩) ২৪৫৭-২৫৯০, ৭৯৮০৭-২৩৮৩৬, ৯৬৮১৪-৮৫৭৮৫। ওয়েবসাইট: www.jaduniv.edu.in

## স্কলারশিপের খোঁজখবর

### কমনওয়েলথ শেয়ার্ড স্কলারশিপস ২০২০

বিভিন্ন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পড়াশোনা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে ইংল্যান্ডের কমনওয়েলথ স্কলারশিপ কমিশন। আর্থিক দিক দিয়ে অনগ্রসর ছাত্রছাত্রীরা এই স্কলারশিপের জন্য বিবেচিত হবেন।

**আবেদনের যোগ্যতা:** নিম্নলিখিত যে-কোনও একটি বিষয়ে দ্বিতীয় শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি। বিষয়গুলি হল: সায়েন্স অ্যান্ড টেকনোলজি ফর ডেভেলপমেন্ট, হেলথ সিস্টেমস অ্যান্ড ক্যাপাসিটি, গ্লোবাল প্রসপারিটি, গ্লোবাল পিস সিকিউরিটি অ্যান্ড গভর্ন্যান্স, অ্যাকসেস ইনক্লুসন অ্যান্ড অপরচুনিটি এবং রিসাইলিয়েন্স অ্যান্ড রেসপন্স টু ক্রাইসিস।

**স্কলারশিপের পরিমাণ:** স্কলারশিপ বাবদ বিমানে যাতায়াতের খরচ, টিউশন ফি দেওয়া হবে। এছাড়াও **স্টাইপেন্ড** প্রতি মাসে সর্বাধিক ১,৩৬২ গ্রেট ব্রিটেন পাউন্ড।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://http://www.b4s.in/karma/CSS1 আবেদনের শেষ তারিখ ১৮ ডিসেম্বর। বিস্তারিত তথ্যের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: http://cscuk.dfid.gov.uk

### ইন্টারন্যাশনাল জয়েন্ট এম এসসি প্রোগ্রাম স্কলারশিপস, ইউনাইটেড নেশনস ইউনিভার্সিটি, জার্মানি ২০১৯

জিওগ্রাফি অব এনভায়রনমেন্টাল রিস্কস এবং হিউম্যান সিকিউরিটি বিষয়ে এম এসসি করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে জার্মানির ইউনাইটেড নেশনস ইউনিভার্সিটি। কোর্সটি জার্মানির বন ইউভার্সিটির সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। স্কলারশিপ বাবদ পড়াশোনার সব খরচ বহন করবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়।

**আবেদনের যোগ্যতা:** হিউম্যান জিওগ্রাফি অ্যান্ড সোশ্যাল সায়েন্স বা সায়েন্স মেথডোলজি অ্যান্ড এম্পিরিক্যাল রিসার্চ মেথডস বা ফিজিক্যাল জিওগ্রাফি, জিওসায়েন্সেস অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস বিষয়ে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট বিষয়-সম্পর্কিত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/IJM1 আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

### বায়োজেনট্রাম পি এইচ ডি স্কলারশিপস ২০১৯

লাইফ সায়েন্স-সংক্রান্ত বিষয়ে গবেষণা করতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের স্কলারশিপ দেবে সুইৎজারল্যান্ডের ইউনিভার্সিটি অব বাসেল। স্কলারশিপ বাবদ পড়াশোনার সব খরচ বহন করবে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়।

**আবেদনের যোগ্যতা:** লাইফ সায়েন্সের যে-কোনও শাখায় এম এসসি বা স্নাতকোত্তর ডিপ্লোমা।

আবেদন করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://www.b4s.in/karma/BPP1 আবেদনের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

*(তথ্য সহায়তা:* buddy4study*)*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জীবিকাজিজ্ঞাসা

এই বিভাগে প্রতি সপ্তাহে পাওয়া চিঠি থেকে প্রথম আসা চিঠিগুলি উত্তর দেওয়ার জন্য বেছে নেওয়া হয়। তার পরও খুব জরুরি কোনও চিঠি থাকলে বা যে প্রশ্নের উত্তর বহু পাঠকের কাজে লাগবে এমন কিছু চিঠিও উত্তরের জন্য বাছা হয়। অনুগ্রহ করে একসঙ্গে একটির বেশি প্রশ্ন পাঠাবেন না। প্রশ্নের সঙ্গে অবশ্যই নীচের কুপনটি পূরণ করে পাঠাবেন। খামের ওপরে 'জীবিকাজিজ্ঞাসা' কথাটি লিখে আপনার প্রশ্ন এই ঠিকানায় পাঠান: কর্মক্ষেত্র, ২৯/১-এ ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

## ইউ পি এস সি

□ *ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন আয়োজিত 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন'-এর ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে? প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় কী কী বিষয়ে কত নম্বরের প্রশ্ন হবে? —অমিত পুরকাইত, শ্রীপুর, মালদা।*

□□ ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল সার্ভিস এক্সামিনেশন'-এ বসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। অথবা স্ট্যাটিস্টিক্স বা ম্যাথমেটিক্যাল স্ট্যাটিস্টিক্স বা অ্যাপ্লায়েড স্ট্যাটিস্টিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকদের ক্ষেত্রে উপরোক্ত তিনটি বিষয়ের যে-কোনও একটি অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে এই সমস্ত বিষয়ে (ব্র্যাকেটে নম্বর): জেনারেল ইংলিশ (১০০), জেনারেল স্টাডিজ (১০০), স্ট্যাটিস্টিক্স (চারটি পার্ট ২০০ নম্বর করে)। পরীক্ষায় অবজেক্টিভ ও ডেস্ক্রিপ্টিভ, দু'ধরনেরই প্রশ্ন হবে। প্রতিটি পেপারের জন্য সময় ৩ ঘণ্টা। শুধুমাত্র অবজেক্টিভের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে। বিস্তারিত সিলেবাসের জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট: www.upsc.gov.in

## পি এস সি

□ *ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশনে বসার প্রস্তুতি নিচ্ছি। এই পরীক্ষা সম্পর্কে বিস্তারিত জানাবেন। —অঙ্কিতা ভট্টাচার্য, শ্যামনগর, বাঁকুড়া।*

□□ ওয়েস্ট বেঙ্গল পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক আয়োজিত 'মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন' হয় তিনটি পর্বে— প্রিলিমিনারি এক্সামিনেশন, ফাইনাল এক্সামিনেশন এবং পার্সোন্যালিটি টেস্ট। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে শুধু মাত্র ফাইনাল এক্সামিনেশনে বসার ছাড়পত্র মেলে। ফাইনাল পরীক্ষায় সফল হলে নেওয়া হয় তৃতীয় পর্যায়ের পার্সোন্যালিটি টেস্ট। ফাইনাল এবং পার্সোন্যালিটি টেস্টে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়। প্রিলিমিনারি পরীক্ষায় মাল্টিপল চয়েস ধরনের ১০০টি প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ এবং এরিথমেটিক বিষয়ে। প্রতিটি প্রশ্নের মান ২। পরীক্ষার সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। প্রিলিমিনারি পরীক্ষায় প্রশ্ন হবে মাধ্যমিক স্তরের। ফাইনাল পরীক্ষা নেওয়া হবে তিনটি পত্রে। পেপার-ওয়ান এবং পেপার-টু-এর ক্ষেত্রে কনভেনশনাল টাইপ লিখিত পরীক্ষা হবে। পেপার-ওয়ানে থাকবে ইংরেজিতে ড্রাফটিং অব রিপোর্ট, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ইংরেজি ব্যাকরণ, বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি থেকে ইংরেজিতে ট্রানস্লেশন। মোট নম্বর ১৫০। পেপার-টুতে (১৫০ নম্বর) নেওয়া হবে বাংলা, হিন্দি, উর্দু, নেপালি ও সাঁওতালির মধ্যে যে-কোনও একটি ভাষার পরীক্ষা। রিপোর্ট লেখা, প্রেসি রাইটিং, কম্পোজিশন, ব্যাকরণ, ইংরেজি থেকে বাংলা বা হিন্দি বা উর্দু বা নেপালি বা সাঁওতালি ভাষায় অনুবাদ। প্রশ্ন হবে উচ্চমাধ্যমিক স্তরের। প্রতিটি পেপারের জন্য সময়সীমা ১ ঘণ্টা ৩০ মিনিট। পেপার থ্রি-তে ১৫০ নম্বরের প্রশ্ন হবে জেনারেল স্টাডিজ এবং এরিথমেটিক বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা ৩০ মিনিট। লিখিত ফাইনাল পরীক্ষার মেধাতালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীদের ডাকা হবে পার্সোন্যালিটি টেস্টের জন্য। বিশদে জানার জন্য দেখতে পারেন এই ওয়েবসাইট:www.pscwbonline.gov.in

## নার্সিং

□ *পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন ই এস আইয়ে গ্রেড টু নার্স (স্টাফ নার্স) পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —দেবাছতি পাল, পাঁচলা, হাওড়া।*

□□ পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন ই এস আইয়ে গ্রেড টু নার্স পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিল বা ইন্ডিয়ান নার্সিং কাউন্সিল কর্তৃক স্বীকৃত নার্সিং ট্রেনিং ইনস্টিটিউট থেকে জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই বাংলা বলতে ও লিখতে জানতে হবে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.esiwb.gov.in ৯ ডিসেম্বরের মধ্যে পূরণ করা দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, Directorate of ESI (MB) Scheme, WB, 2nd Floor, Wing B, Plot VI, G B Block, Sector III, Salt Lake, Kolkata-700 097.

## কোর্স, ট্রেনিং

□ *যাদবপুর বিশ্ববিদ্যালয়ে মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম এসসি কোর্সে ভর্তি হতে চাই। বিস্তারিত জানাবেন। —সর্বাণী নন্দী, বৈদ্যবাটী, হুগলি।*

□□ মেডিক্যাল ফিজিক্সের পোস্ট এম এসসি ডিপ্লোমা কোর্সে ভর্তি নেবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিজিক্স বিভাগ। কোর্সটি চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউটের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্সের মেয়াদ ১ বছর। ক্লাসের সময় বিকেল ৫টা থেকে রাত ৯টা। আসনসংখ্যা ১০। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতকস্তরেও অন্যতম প্রধান বিষয় হিসেবে ফিজিক্স পড়ে থাকতে হবে। তফসিলি প্রার্থীরা নম্বরে ২৫ শতাংশ ছাড় পাবেন। রেডিওথেরাপি বা মেডিক্যাল ফিজিক্সের কাজে এক বছরের অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীরাও স্নাতকোত্তর স্তরের নম্বরের ক্ষেত্রে ছাড় পাবেন। কোর্স ফি: ৮৪,০০০ টাকা। প্রার্থী বাছাই করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৪ ও ৫ ফেব্রুয়ারি। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। নগদ ১০০ টাকার বিনিময়ে আবেদনপত্র সংগ্রহ করতে পারেন বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন কাউন্টার থেকে অথবা ডাউনলোড করে নিতে পারেন যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.jaduniv.edu.in, www.cnci.org.in ডাউনলোড করা আবেদনপত্রের ক্ষেত্রে ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। এটি 'Jadavpur University'-র অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে। পূরণ করা আবেদনপত্র ৯ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: Secretary, Faculty Council of Science, Jadavpur University, Kolkata-700 032.

□ *কলকাতা বিশ্ববিদ্যালয়ে আইনের স্নাতক কোর্সে ভর্তি হতে চাই। কোথায় কোথায় এই কোর্সটি পড়া যায়? বিস্তারিত জানাবেন। —জগন্নাথ মণ্ডল, কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর।*

□□ পাঁচ বছর মেয়াদের বি এ এল এল বি কোর্সে ভর্তি নিচ্ছে কলকাতা বিশ্ববিদ্যালয়। কোর্স শুরু হবে সেপ্টেম্বরে। কোর্সটি পড়ানো হবে এই সংস্থাগুলিতে: আইন বিভাগ, কলকাতা বিশ্ববিদ্যালয়, হাজরা ক্যাম্পাস, সুরেন্দ্রনাথ ল কলেজ, যোগেশ চন্দ্র চৌধুরি ল কলেজ, সাউথ ক্যালকাটা ল কলেজ, বিকাশ ভারতী ল কলেজ, রবীন্দ্র শিক্ষা সম্মিলনী ল কলেজ, জ্যোতির্ময় স্কুল অব ল, শ্যামবাজার ল কলেজ, জর্জ স্কুল অব ল, সুরেশ্বর দত্ত ল কলেজ, হেরিটেজ ল কলেজ, কলকাতা পুলিশ ল ইনস্টিটিউট এবং এল জে ডি ল কলেজ। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৪৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৪০ শতাংশ) নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। ২০১৭ সালের আগে (তফসিলিদের ক্ষেত্রে ২০১৫) উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না। প্রার্থী বাছাই করা হবে প্রবেশিকা পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা ৩০ জুন, দুপুর ১২টা থেকে দুপুর ২টো ৩০ মিনিট পর্যন্ত। প্রবেশিকা পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, জেনারেল নলেজ, কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং এবং জেনারেল ম্যাথমেটিক্স বিষয়ে। কোনও নেগেটিভ মার্কিং নেই। ওয়েবসাইট: www.caluniv.ac.in

## অন্যান্য চাকরি

□ *সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —অরুণ দাস, ইলামবাজার, বীরভূম।*

□□ সেন্ট্রাল বোর্ড অব সেকেন্ডারি এডুকেশনে সিনিয়র অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে কম্পিউটারে প্রতি মিনিটে ৪০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। এর পাশাপাশি উইন্ডোজ, এম এস অফিস, ডট নেট, ওয়েবপেজ ডিজাইন, এইচ টি এম এল-সহ বিভিন্ন বিষয়ে জ্ঞান থাকতে হবে। ৫০ শতাংশ নম্বর-সহ কম্পিউটার অ্যাপ্লিকেশন বা ইনফর্মেশন টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা অথবা ডোয়েক ও লেভেল কোর্স পাশ করে থাকলে অগ্রাধিকার। এছাড়া কোনও স্বীকৃত প্রতিষ্ঠানে অন্তত তিন বছরের কাজের অভিজ্ঞতা থাকলে, বিশেষত লার্জ ডেটা প্রসেসিং-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা এবং প্রযোজ্য ক্ষেত্রে স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষায় প্রশ্ন হবে জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স, রিজনিং অ্যান্ড ম্যাথমেটিক্যাল এবিলিটি, জেনারেল হিন্দি ও ইংলিশ এবং সংশ্লিষ্ট বিষয়ে। পরীক্ষার সময়সীমা আড়াই ঘণ্টা। ১৬ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cbse.nic.in

□ *ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকটোরেট ক্যাডারে অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা প্রয়োজন? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —শরৎ মণ্ডল, লিলুয়া, হাওড়া।*

□□ ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে ন্যাভাল আর্মামেন্ট ইনস্পেকটোরেট ক্যাডারে অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল, অটোমেশন-সহ মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স, মাইক্রো ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার অ্যাপ্লিকেশন, মেটালার্জি, মেটালার্জিক্যাল, কেমিক্যাল, মেটেরিয়াল সায়েন্স, এরোস্পেস, এরোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং— যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক। ইলেক্ট্রনিক্স বা ফিজিক্সে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রিধারীরাও আবেদনের যোগ্য। সব ক্ষেত্রেই মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে মোট অন্তত ৬০ শতাংশ নম্বর এবং মাধ্যমিক বা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। ১৯ ডিসেম্বরের মধ্যে অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.joinindiannavy.gov.in

□ *ভারতীয় নৌবাহিনীতে ১০+২ (বি টেক) ক্যাডেট এন্ট্রি স্কিমের মাধ্যমে অফিসার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা দরকার? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শঙ্কর মজুমদার, খড়্গপুর, পশ্চিম মেদিনীপুর।*

□□ ভারতীয় নৌবাহিনীতে ১০+২ (বি টেক) ক্যাডেট এন্ট্রি স্কিমের মাধ্যমে অফিসার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্কে মোট অন্তত ৭০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক বা সমতুল। পাশাপাশি, মাধ্যমিক অথবা উচ্চমাধ্যমিকে ইংরেজিতে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকতে হবে। সেই সঙ্গে সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৯ (বি ই বা বি টেকের জন্য) পরীক্ষায় প্রার্থীকে অবশ্যই উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এর পাশাপাশি, উচ্চতা থাকতে হবে ১৫৭ সেমি। উচ্চতার সঙ্গে মানানসই ওজন থাকতে হবে। এ ছাড়া দৃষ্টিশক্তি থাকতে হবে ন্যূনতম দূরের ক্ষেত্রে ৬/৬, ৬/৯ হওয়া চাই, চশমা-সহ ৬/৬, ৬/৬ পর্যন্ত সংশোধনযোগ্য। রাতকানা হলে বা বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না। প্রার্থী বাছাই করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের দু'পর্যায়ের ইন্টারভিউয়ের মাধ্যমে। জয়েন্ট এন্ট্রান্স এক্সামিনেশন (মেন), ২০১৯-এর অল ইন্ডিয়া র‍্যাঙ্কের ভিত্তিতে প্রাথমিক তালিকা প্রস্তুত করা হবে। তালিকাভুক্ত প্রার্থীদের ২০২০-র ফেব্রুয়ারি থেকে এপ্রিল মাসের মধ্যে ইন্টারভিউ হবে। ইন্টারভিউয়ের প্রথম পর্যায়ের পরীক্ষায় ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন টেস্ট এবং গ্রুপ ডিসকাশন হবে। সফল হলে দ্বিতীয় ধাপের পরীক্ষায় থাকবে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। সবশেষে মেডিক্যাল এক্সামিনেশন হবে। বিশদে জানতে দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে এডুকেশন ক্যাডারে অফিসার পদে নিয়োগের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা ও দৈহিক মাপজোক থাকা প্রয়োজন? প্রার্থী বাছাই প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত জানাবেন। —প্রশান্ত নস্কর, রামচন্দ্রনগর, দক্ষিণ ২৪ পরগনা।*

□□ ভারতীয় নৌবাহিনীতে এক্সিকিউটিভ ব্রাঞ্চে এডুকেশন ক্যাডারে অফিসার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: ফিজিক্স বা নিউক্লিয়ার ফিজিক্সে এম এসসি, স্নাতকে অঙ্ক থাকতে হবে। অথবা ম্যাথমেটিক্স বা অপারেশনাল রিসার্চে এম এসসি, স্নাতকে ফিজিক্স পড়ে থাকতে হবে। অথবা মেটিওরোলজি বা ওশানোলজি বা অ্যাটমোস্ফেরিক সায়েন্সে এম এসসি। অথবা নিম্নলিখিত যে-কোনও শাখায় বি ই বা বি টেক। শাখাগুলি হল: মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন সিস্টেমস, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং। সব ক্ষেত্রেই অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। এর পাশাপাশি মাধ্যমিক এবং উচ্চমাধ্যমিকে অন্তত ৬০ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। পাশাপাশি, উচ্চতা হতে হবে ১৫৭ সেমি। দৃষ্টিশক্তি থাকতে হবে চশমা ছাড়া উভয় চোখে ৬/৬০, চশমা-সহ ভালো চোখে ৬/৬ ও খারাপ চোখে ৬/১২। ইন্ডিয়ান নেভি এন্ট্রান্স টেস্টের মাধ্যমে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে সার্ভিস সিলেকশন বোর্ডের ইন্টারভিউয়ের মাধ্যমে। পরীক্ষা ফেব্রুয়ারিতে। এন্ট্রান্স টেস্টে ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন হবে ইংলিশ, রিজনিং অ্যান্ড নিউমেরিক্যাল এবিলিটি, জেনারেল সায়েন্স, ম্যাথমেটিক্যাল অ্যাপ্টিটিউড অ্যান্ড জেনারেল নলেজ বিষয়ে। পরীক্ষার সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। পরীক্ষায় প্রাপ্ত র‍্যাঙ্ক অনুযায়ী এপ্রিলে ইন্টারভিউয়ে ডাকা হবে। প্রথম পর্যায়ে থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পারসেপশন ও ডিসকাশন টেস্ট। দ্বিতীয় পর্যায়ে থাকবে সাইকোলজিক্যাল টেস্টিং, গ্রুপ টেস্টিং ও ইন্টারভিউ। দেখুন এই ওয়েবসাইট: www.joinindiannavy.gov.in

□ *এয়ার ইন্ডিয়ায় স্টোর এজেন্ট পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? প্রার্থী বাছাই করা হবে কোন প্রক্রিয়ায়? —শান্তনু চক্রবর্তী, জগৎবল্লভপুর, হাওড়া।*

□□ এয়ার ইন্ডিয়ায় স্টোর এজেন্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ইনভেন্টরি ম্যানেজমেন্ট বা স্টোর বা ওয়্যারহাউস ম্যানেজমেন্টে ২ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। ই আর পি সিস্টেম-সহ আমদানি বা রপ্তানির ক্ষেত্রে কাস্টমস ডকুমেন্টেশনের কাজ জানলে, কম্পিউটারে টাইপিং জানলে, লাইট বা হেভি ভেহিক্যাল ড্রাইভিং লাইসেন্স থাকলে অগ্রাধিকার। প্রার্থীকে অবশ্যই ইংরেজি ও হিন্দি ভাষা জানতে হবে। ওয়াক-ইন-সিলেকশনের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রার্থীর প্রফেশনাল কম্পিটেন্সি অ্যাসেসমেন্ট টেস্ট নেওয়া হবে। পরীক্ষায় থাকবে জব নলেজ অব মেটিরিয়াল ম্যানেজমেন্ট (৩০ নম্বর), কমিউনিকেশন স্কিল (৩০ নম্বর), পার্সোন্যালিটি অ্যান্ড জেনারেল অ্যাওয়্যারনেস (৩০ নম্বর) এবং ওয়ার্কিং অন ই আর পি সিস্টেম/নলেজ অব কম্পিউটার অ্যান্ড কাস্টমস ডকুমেন্টেশন (১০ নম্বর)। ওয়েবসাইট: www.airindia.in

□ *এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়ায় সিকিউরিটি স্ক্রিনার পদের ক্ষেত্রে কী ধরনের শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? দরখাস্ত গ্রহণের শেষ তারিখ কবে? —পারমিতা কুণ্ডু, দুর্গাপুর।*

□□ এয়ারপোর্টস অথরিটি অব ইন্ডিয়ায় সিকিউরিটি স্ক্রিনার পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে হিন্দি, ইংরেজি ও স্থানীয় ভাষায় কথা বলতে জানতে হবে। পাশাপাশি, ব্যুরো অব সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি (বি সি এ এস) স্বীকৃত ১৩ দিনের অ্যাভিয়েশন সিকিউরিটি সার্টিফিকেট থাকা বাধ্যতামূলক। ব্যুরো অব সিভিল অ্যাভিয়েশন সিকিউরিটি (বি সি এ এস) স্বীকৃত বৈধ স্ক্রিনার সার্টিফিকেট বা ইন-লাইন স্ক্রিনার সার্টিফিকেট বা গত পাঁচ বছরের মধ্যে পাসপোর্ট ইস্যু করা থাকলে অগ্রাধিকার। প্রার্থীর অ্যাভিয়েশন সিকিউরিটি সার্টিফিকেট না থাকলে নিম্নলিখিত যে-কোনও একটি যোগ্যতা থাকলেই দরখাস্ত করা যাবে: এন সি সি 'বি' বা 'সি' সার্টিফিকেট, প্রফিশিয়েন্সি ইন ফায়ার ফাইটিং, ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি বা ডিজাস্টার ম্যানেজমেন্ট বা আন-আর্মড কমব্যাট বিষয়ে জ্ঞান, আইনি জ্ঞান, কম্পিউটার বিষয়ে ডিপ্লোমা বা সার্টিফিকেট। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: www.aaiclas-ecom.org 9 ডিসেম্বরের মধ্যে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Joint General Manager (HR), AAI Cargo Logistics & Allied Services Company Limited, AAICLAS Complex, Delhi Flying Club Road, Safdarjung Airport, New Delhi-110 003.

নাম : ..............................

ঠিকানা : ..............................

..............................

..............................

আপনি কি 'পেশাপ্রবেশ' পড়েন? হ্যাঁ/না

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ন্যাশনাল ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজিতে ৩১০

*প্রথম পাতার পর*

**প্রোগ্রামার অ্যাসিস্ট্যান্ট বি:** দিল্লি: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা কম্পিউটার অ্যাপ্লিকেশনস বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বি ই বা বি টেক। অথবা সায়েন্স, ম্যাথমেটিক্স, স্ট্যাটিস্টিক্স, ইকনমিক্স, কমার্স, অপারেশনস রিসার্চের মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতক, সঙ্গে কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স বা ডোয়েক 'এ' লেভেল কোর্স পাশ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ২১,৬৩৪ টাকা।

**সিনিয়র প্রোগ্রামার:** দিল্লি: ১২০টি, কলকাতা: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি এসসি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক অথবা এম সি এ। এর পাশাপাশি ডেভেলপার হিসেবে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ৩৮,৫০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রামার বি:** দিল্লি: ৮০টি, কলকাতা: ২০টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি এসসি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক অথবা এম সি এ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ২০,৯০০ টাকা।

**প্রোগ্রামার:** দিল্লি: ১৫টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ে ৪ বছরের বি এসসি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বা কম্পিউটার টেকনোলজি বা ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার অ্যাপ্লিকেশনসে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক অথবা এম সি এ। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতন: প্রতি মাসে ৩৩,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://nielit.gov.in/delhi দরখাস্তের শেষ তারিখ ১৬ ডিসেম্বর। ফি বাবদ অনলাইনে দিতে হবে ৬০০ টাকা (মহিলা, তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৩০০ টাকা)।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রিষড়া পুরসভায় চাকরি

*প্রথম পাতার পর*

হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট টিচার:** ৯টি (সাধারণ ১, সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ২, তফসিলি জাতি ১, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। নিয়োগ হবে বাংলা, হিন্দি ও উর্দু মাধ্যমে। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে শিক্ষক-শিক্ষণের প্রশিক্ষণ থাকতে হবে। প্রশিক্ষণহীন প্রার্থীরাও আবেদন করতে পারেন। সেক্ষেত্রে চাকরিতে যোগ দেওয়ার ৫ বছরের মধ্যে শিক্ষক-শিক্ষণ প্রশিক্ষণ নিয়ে থাকতে হবে। বেতনক্রম: ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৩০০ টাকা।

**হেল্পার:** ৪টি (সাধারণ-ই সি ১, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি-ই সি ১, ও বি সি-এ ১)। **পিওন:** ৪টি (সাধারণ-ই সি ২, সাধারণ-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি জাতি-ই সি ১)। শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট। বেতনক্রম: ৪,৯০০-১৬,২০০ টাকা। গ্রেড পে ১,৭০০ টাকা।

**বয়স:** ১-১-২০১৯ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

সব ক্ষেত্রেই তফসিলি, ও বি সি এবং প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। যে-কোনও কাজের দিন সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে দরখাস্তের বয়ান সরাসরি সংগ্রহ করতে হবে রিষড়া পুরসভার অফিস থেকে। দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

প্রার্থীর এক কপি ফটো, প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল, প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও প্রয়োজনীয় মূল্যের ডাকটিকিট সাঁটানো একটি খাম-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর প্রার্থী যে পদের (শিক্ষক-শিক্ষিকাদের ক্ষেত্রে যে-মাধ্যমের) জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। দরখাস্ত ১৬ ডিসেম্বরের মধ্যে সাধারণ ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Chairman, Rishra Municipality, 49/56/57, Rabindra Sarani, Rishra, Hooghly-712 248. দরখাস্ত সরাসরিও জমা দেওয়া যাবে উপরোক্ত ঠিকানায়।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.rishramunicipality.org

# মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে ইঞ্জিনিয়ার

*প্রথম পাতার পর*

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ৩ জানুয়ারি।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইলেক্ট্রনিক্স কর্পোরেশনে গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি

বিভিন্ন ইঞ্জিনিয়ারিং শাখায় ৬৪ জন গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি নেবে ইলেক্ট্রনিক্স কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রীয় সরকারের অ্যাটমিক এনার্জি দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এবং কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০১৮ বা গেট-২০১৯ পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**শাখা অনুসারে শূন্যপদ: ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং:** ৩০টি। **মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং:** ২৪টি। **কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং:** ১০টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর-সহ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিগ্রি।

**বয়স:** ৩০-১১-২০১৯ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট মাসিক ৪৮,১৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে গেট পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ecil.co.in দরখাস্ত করা যাবে ৬ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত।

# সেইলে ৩৯৯ ম্যানেজমেন্ট ট্রেনি

*প্রথম পাতার পর*

ইঞ্জিনিয়ারিং, ম্যানুফ্যাকচারিং প্রসেস অ্যান্ড অটোমেশন, মেকাট্রনিক্স, ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ম্যানুফ্যাকচারিং সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, এনার্জি ইঞ্জিনিয়ারিং, মেশিন ইঞ্জিনিয়ারিং, মেকাট্রনিক্স অ্যান্ড অটোমেশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'এম ই' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**মেটালার্জিক্যাল:** মেটালার্জিক্যাল, মেটেরিয়াল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি এবং ইন্ডাস্ট্রিয়াল মেটালার্জির মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ ব্যাচেলর্স ডিগ্রি। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'এম টি' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**ইলেক্ট্রিক্যাল:** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল মেশিন, পাওয়ার সিস্টেমস অ্যান্ড হাই ভোল্টেজ ইঞ্জিনিয়ারিং, পাওয়ার প্লান্ট, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড পাওয়ার ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'ইই' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**কেমিক্যাল:** কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি বা ইলেক্ট্রো কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'সি এইচ' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**মাইনিং:** মাইনিং ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, মাইনিং অ্যান্ড মেশিনারি বা মিনারেল ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'এম এন' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**ইনস্ট্রুমেন্টেশন:** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কন্ট্রোল, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স ডিজাইন অ্যান্ড টেকনোলজি, মেকাট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং/টেকনোলজি, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, রোবোটিক্স অ্যান্ড অটোমেশন/অটোমেশন অ্যান্ড রোবোটিক্স, কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কন্ট্রোল অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের মধ্যে যে-কোনও একটি বিষয়ে মোট অন্তত ৬৫ শতাংশ (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক। সেইসঙ্গে গেট-২০১৯ পরীক্ষায় 'আই এন' পত্রে উত্তীর্ণ হতে হবে।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: পুরুষদের ক্ষেত্রে ১৫৫ সেমি। ওজন: অন্তত ৪৫ কেজি। মহিলারা নিয়মানুসারে উচ্চতা ও ওজনে ছাড় পাবেন।

**দৃষ্টিশক্তি:** মায়োপিয়া এবং হাইপারমেট্রোপিয়া থাকলে প্রত্যেক চোখে ±৪.০০-এর মধ্যে থাকতে হবে। তির্যক চাহনি, বর্ণান্ধতা থাকলে আবেদন করবেন না। স্বাভাবিক শ্রবণক্ষমতা থাকতে হবে।

**বয়স:** ১৪-০৬-২০১৯ তারিখে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের বয়সের ছাড় পাবেন।

ট্রেনিং চলাকালীন **বেতন** প্রতি মাসে ২০,৬০০ টাকা। ট্রেনিং শেষে **বেতনক্রম:** ২৪,৯০০-৫০,৫০০ টাকা।

গেট পরীক্ষায় প্রাপ্ত স্কোরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে গ্রুপ ডিসকাশন এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.sail.co.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ ডিসেম্বর পর্যন্ত। দরখাস্তের সময় প্রার্থীর জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো (৫০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৭০০ টাকা (তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ১০০ টাকা)। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে অথবা অফলাইনে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার চালানের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিলে ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্ত এবং সিস্টেম জেনারেটেড রেজিস্ট্রেশন স্লিপের এক কপি করে প্রিন্ট আউট নিয়ে নেবেন। এগুলি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# উত্তর-পূর্ব রেলে ১১০৪ ট্রেড অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

২)। ওয়েল্ডার: ৮টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। টার্নার: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৪)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত হবে।

**ব্রিজ ওয়ার্কশপ গোরখপুর ক্যান্টনমেন্ট:** ফিটার: ২১টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেশিনিস্ট: ৩টি (সাধারণ ২, ও বি সি ১)। ওয়েল্ডার: ১১টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ২)। এর মধ্যে ১টি আসন আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

**মেকানিক্যাল ওয়ার্কশপ ইজ্জত নগর:** ফিটার: ৩৯টি (সাধারণ ২০, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১০)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী, ২টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৩৯টি (সাধারণ ১৯, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ৩, ও বি সি ১১)। এর মধ্যে ১টি আসন প্রাক্তন সমরকর্মী এবং ২টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৩২টি (সাধারণ ১৬, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৯)। এর মধ্যে ২টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। পেইন্টার: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ডিজেল শেড ইজ্জত নগর:** মেকানিক ডিজেল: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ইলেক্ট্রিশিয়ান: ৩০টি (সাধারণ ১৫, তফসিলি জাতি ৫, তফসিলি উপজাতি ২, ও বি সি ৮)। এর মধ্যে ২টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ১টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন ইজ্জত নগর:** ফিটার: ৬৪টি (সাধারণ ৩২, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৭)। এর মধ্যে ৩টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর ও দৈহিক প্রতিবন্ধী এবং ২টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন লখনউ জংশন:** ফিটার: ১২০টি (সাধারণ ৬১, তফসিলি জাতি ১৮, তফসিলি উপজাতি ৯, ও বি সি ৩২)। এর মধ্যে ৭টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ৫টি আসন দৈহিক প্রতিবন্ধী এবং ৪টি আসন প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ওয়েল্ডার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। কার্পেন্টার: ১১টি (সাধারণ ৫, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ট্রিমার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। মেশিনিস্ট: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)। পেইন্টার: ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, ও বি সি ২)।

**ডিজেল শেড গোন্ডা:** ওয়েল্ডার: ২টি (সাধারণ)। ইলেক্ট্রিশিয়ান: ২০টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ও বি সি ৫)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। মেকানিক ডিজেল: ৫৫টি (সাধারণ ২৮, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৫)। এর মধ্যে ৩টি আসন আর্থিকভাবে অনগ্রসর, ২টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে। ফিটার: ১৩টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। এর মধ্যে ১টি করে আসন আর্থিকভাবে অনগ্রসর এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**ক্যারেজ অ্যান্ড ওয়াগন বেনারস:** ফিটার: ৬৬টি (সাধারণ ৩৩, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৮)। এর মধ্যে ২টি আসন প্রাক্তন সমরকর্মী, ৩টি করে আসন দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। কার্পেন্টার: ৩টি (সাধারণ)। পেইন্টার: ২টি (সাধারণ)। ওয়েল্ডার: ২টি (সাধারণ)। ট্রিমার: ২টি (সাধারণ)।

**শিক্ষাগত যোগ্যতা:** অন্তত ৫০ শতাংশ নম্বর-সহ মাধ্যমিক, সঙ্গে স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ট্রেডে আই টি আই সার্টিফিকেট কোর্স পাশ।

**বয়স:** ২৫-১২-২০১৯ তারিখে ১৫ থেকে ২৪ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩, দৈহিক প্রতিবন্ধী প্রার্থীরা ১০ বছর এবং প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ner.indianrailways.gov.in আবেদনের শেষ তারিখ ২৫ ডিসেম্বর। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা রঙিন ফটো এবং সই (উভয়ই জে পি জি বা জে পি ই জি ফর্ম্যাটে ২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১০০ টাকা। আর্থিকভাবে অনগ্রসর, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং মহিলা প্রার্থীদের কোনও ফি লাগবে না।

অনলাইনে আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# কর্মক্ষেত্র কর্মসহায়ক

নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।



*যিনি কখনও ভুল করেননি, বুঝতে হবে, তিনি কখনও নতুন কোনও কাজের উদ্যোগও নেননি।*
*— অ্যালবার্ট আইনস্টাইন*
*(বিশ্বখ্যাত তাত্ত্বিক পদার্থবিদ)*

✓ *আমি বি এ পড়ছি দ্বিতীয় বর্ষে। উচ্চমাধ্যমিকের পর থেকেই টাইপিং প্র্যাক্টিস করছি। এখনও পর্যন্ত কোনও চাকরির পরীক্ষায় বসিনি। এবার থেকে বসতে শুরু করব। আমি দরখাস্ত করতে পারি এরকম চাকরির খবর পেতে চাই।*

*হৈমন্তী সরকার, রিষড়া, হুগলি।*

☐ গ্র্যাজুয়েশন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত আপনি উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। টাইপিং জানা থাকায় কয়েকটি চাকরির ক্ষেত্রে আপনি সুবিধেজনক অবস্থাতেই থাকবেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **১০ জানুয়ারির মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

> কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, লোয়ার ডিভিশন ক্লার্ক, জুনিয়র সেক্রেটারিয়েট অ্যাসিস্ট্যান্ট নেওয়া হবে। শিক্ষাগত যোগ্যতা যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। মিনিটে অন্তত ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে।

২০৪জন জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নেবে সি বি এস ই। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। কম্পিউটারে মিনিটে ৩৫টি ইংরেজি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। আপনি এই চাকরিটির জন্য আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২০ নভেম্বর সংখ্যায়, 'সি বি এস ই-তে ৩০৮ অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার ও অ্যাকাউন্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। **১৬ ডিসেম্বরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cbse.nic.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারে লোয়ার ডিভিশন ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের অর্থসাহায্যপ্রাপ্ত স্কুলগুলিতে ক্লার্ক পদে আবেদন করতে পারবেন স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষার মাধ্যমে। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। বিভিন্ন আদালতে টাইপিস্ট পদে আবেদন করতে পারবেন। মাধ্যমিকে অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

✓ *আমি বাংলা সাহিত্যের স্নাতক। আমার উচ্চতা ১৬১ সেমি। অনেকগুলো বছর খেলাধুলা করেছি। আমি পুলিশের চাকরি করতে চাই। পুলিশের চাকরির খবর দিলে উপকৃত হব।*

*গায়ত্রী দেব, কল্যাণী, নদিয়া।*

☐ পুলিশের চাকরির জন্য লিখিত পরীক্ষার সঙ্গে দৈহিক সক্ষমতার পরীক্ষা দিতে হয়। দৈহিক সক্ষমতা বাড়ানোর জন্য নিয়মিত অনুশীলনের দরকার রয়েছে।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ পুলিশে ১২৫জন স্টাফ অফিসার-কাম-ইনস্ট্রাক্টর নিয়োগ করা হবে। মহিলারাও আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬০

> পশ্চিমবঙ্গ পুলিশে ১২৫জন স্টাফ অফিসার-কাম-ইনস্ট্রাকটর নিয়োগ করা হবে। মহিলারাও আবেদনের যোগ্য। শিক্ষাগত যোগ্যতা গ্র্যাজুয়েট। মহিলাদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে অন্তত ১৬০ সেমি (পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি)।

সেমি (পুরুষদের ক্ষেত্রে ১৬৭ সেমি)। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায়, 'রাজ্য পুলিশে ১২৫ স্টাফ অফিসার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। **২৪ ডিসেম্বরের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbpolice.gov.in

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশে লেডি সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ পুলিশে লেডি এক্সাইজ কনস্টেবল পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশে কনস্টেবল পদে আবেদন করতে পারবেন। ডব্লু বি সি এসের 'বি' গ্রুপের পরীক্ষায় সফল হলে ওয়েস্ট বেঙ্গল পুলিশ সার্ভিসে অফিসার র‍্যাঙ্কে চাকরি হয়। আপনি এই পরীক্ষাটিতেও বসতে পারবেন।

✓ *কমার্স গ্র্যাজুয়েট। বর্তমানে কম্পিউটারাইজড অ্যাকাউন্টিং শিখছি। সঙ্গে চাকরির পরীক্ষার জন্য পড়াশোনা চলছে। চাকরির খোঁজ দেবেন।*

*অভিষেক মাইতি, দুর্গানগর, উত্তর ২৪ পরগনা।*

☐ গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য ভালো করে প্রস্তুত নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** পশ্চিমবঙ্গ সরকারের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসে বেশকিছু কর্মী নিয়োগ করা হবে। কমার্স গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই করা হবে দুই পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। আপনি আবেদন করতে পারবেন। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায়, 'রাজ্যের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসে চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২৩ ডিসেম্বরের মধ্যে**, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbonline.gov.in

> পশ্চিমবঙ্গ সরকারের অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিসে বেশকিছু কর্মী নিয়োগ করা হবে। কমার্স গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে।

***পরে আবেদন করতে পারবেন:*** পশ্চিমবঙ্গ সরকারের মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষায় বসতে পারবেন। কেন্দ্রীয় সরকারের অফিসার গ্রেডের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। বিভিন্ন সরকারি সংস্থায় অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। ব্যাঙ্কের চাকরিতে আগ্রহ থাকলে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলির প্রবেশনারি অফিসার, ক্লার্ক পদে আবেদন করতে পারবেন। এক্ষেত্রে অবশ্য আগে আপনাকে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের (আই বি পি এস) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ক্লার্ক, প্রবেশনারি অফিসার এবং কাস্টমার রিলেশনসশিপ অফিসার পদের ক্ষেত্রে আই বি পি এস পরীক্ষার স্কোর দরকার হবে না। স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কর্তৃপক্ষ সরাসরি প্রার্থী বাছাই করে থাকেন। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলির অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলে জুনিয়র অ্যাকাউন্ট্যান্ট পদে আবেদন করতে পারবেন। রেলের অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস ও ট্রাফিক অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন।

## দক্ষতা আর আত্মবিশ্বাস অঙ্গাঙ্গী জড়িত হয়ে থাকে



**ডঃ সমীরকুমার সামন্ত**
প্রাক্তন জয়েন্ট ডিরেক্টর (গবেষণা), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়

আমি প্রকৃতপক্ষে একজন শিক্ষক। চাকরিজীবনে বহু ছাত্রছাত্রী দেখেছি। আপাতভাবে যাঁকে বেশ স্মার্ট, বুদ্ধিমান বলে মনে হয়েছে, তাঁকে ক্রমাগত ম্রিয়মাণ হয়ে পড়তে দেখেছি। আবার যে ছাত্রটিকে আপাতভাবে গোবেচারা বলে মনে হয়েছে, গড়পড়তা একজন শিক্ষার্থী বলে মনে হয়েছে তাঁকে ক্রমশ তীক্ষ্ণ, বুদ্ধিদীপ্ত হতে দেখেছি। ভেবেছি নিজের মতো করে, কীভাবে এমনটা হয়! লক্ষ রেখেছি, পর্যবেক্ষণ অনুসারে বিশ্লেষণ করে দেখেছি, এক্ষেত্রে আত্মবিশ্বাস একটা বড় ফ্যাক্টর। কারও আত্মবিশ্বাস বেড়েছে, কারও কমেছে। এখানে পড়াশোনার বিষয়টি ধরেই আত্মবিশ্বাসের ওঠানামা ঘটেছে। আপনি একটা বিষয় নিয়ে পড়াশোনা করছেন। দেখবেন, বিষয়টির গভীরে ঢুকে পড়াশোনা করলে, ধাপে ধাপে বিষয়টি আত্মস্থ করতে পারলে আপনার আত্মবিশ্বাস বাড়ছে। কাজটা কিন্তু খুব সহজ নয়। ব্যক্তিগত নানা সমস্যা, নানা প্রতিকূল পরিস্থিতি মোকাবিলা করে নিজের বিষয়টি নিয়ে এগিয়ে চলতে হয়। সহজ যেটা নয়, তাকে আয়ত্ত করছেন যখন, তখন আপনার আত্মবিশ্বাস তো বাড়বেই। অন্যথায় আত্মবিশ্বাস কমবে, এটাই তো স্বাভাবিক।

আমি বলব, আপনারা যে, যে-বিষয় নিয়ে পড়াশোনা করছেন, ভালো করে পড়ুন। ভালো করে পড়া মানে বিষয়টাকে বুঝে পড়া, বিষয়টাকে আত্মস্থ করা। আপনার বিষয়ের সঙ্গে বাস্তব জগতের মিল কোথায় খুঁজে দেখুন। তাহলে বিষয়টি সহজ হয়ে আসবে, বিষয়ের প্রতি আপনার একটা আত্মিক যোগাযোগ তৈরি হবে। দেখবেন, ওই বিষয়ই আপনাকে হাত ধরে ভালো কিছুর দিকে নিয়ে চলছে।

পড়াশোনার প্রক্রিয়ার মধ্যে দিয়ে যে অ্যাপ্টিটিউড তৈরি হয়, সেটাই নানাভাবে কাজে লাগবে। কাজে লাগবে চাকরির পরীক্ষাতে, চাকরি-জীবনে।

আমি শুধু বড় ডিগ্রির পড়াশোনার কথাই বলছি না। যিনি হাতের কাজ শিখছেন, যিনি ব্যবসার কথা ভাবছেন, তাঁদের সকলের ক্ষেত্রেই একই কথা প্রযোজ্য।

একজন কৃষক হয়তো কলেজ বিশ্ববিদ্যালয়ে পড়েননি। কিন্তু কৃষিকাজের জাদুটি আয়ত্ত করেছেন পরিশ্রম করে, বুদ্ধি দিয়ে, নিজের মতো করে পরীক্ষানিরীক্ষার মধ্য দিয়ে। দেখবেন এরকম একজন কৃষক তাঁর কাজের ব্যাপারে কী আত্মবিশ্বাসী। একজন দক্ষ কার্পেন্টার কোনও অংশে কম যান না। নীতি ওই একটাই, যা শিখছেন ভালো করে শিখুন। শিক্ষাটা জীবনভর কাজে লাগবে। ওই শিক্ষার প্রক্রিয়ার মধ্য দিয়ে তৈরি হবে উদ্ভাবনী ক্ষমতাও। যে-কোনও কাজের ক্ষেত্রেই এই ক্ষমতাটার দরকার রয়েছে। বর্তমান কাজের বাজারে উদ্ভাবনী ক্ষমতাসম্পন্ন কর্মীর খুব চাহিদা রয়েছে।

শিক্ষা, চর্চা, প্রয়োগ ইত্যাদির মধ্য দিয়ে নিখুঁতত্বে পৌঁছনো যায়। সেই নিখুঁতত্বই তো দক্ষতা। চাকরির পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য এই দক্ষতার দরকার, পেশাদারি কাজের জন্য দরকার, সামগ্রিক জীবনের জন্যই দরকার।

সুতরাং যে, যা করছেন, সেই কাজে দক্ষ হয়ে উঠুন। দক্ষতার মার নেই।

✓ *উচ্চমাধ্যমিক পাশ করেছি এ বছর। কম্পিউটার হার্ডওয়্যারের কোর্স করছি। একটি সংস্থায় পার্টটাইম ডেটা এন্ট্রির কাজ করছি। চাকরির খবর দিলে উপকৃত হব।*

*প্রদীপ দাশ, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার কিছু চাকরির জন্য আপনি আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০ + ২) এক্সামিনেশন, ২০১৯-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারে প্রচুর সংখ্যক ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। কম্পিউটারে ঘণ্টায় অন্তত ৮০০০ কি-ডিপ্রেশনের গতিতে ১৫ মিনিট টাইপ করতে হবে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৭ নভেম্বর সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে কয়েক হাজার উচ্চমাধ্যমিক' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। **১০ জানুয়ারির মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in

> কম্বাইন্ড হায়ার সেকেন্ডারি লেভেল (১০ + ২) এক্সামিনেশন, ২০১৯-এর মাধ্যমে কেন্দ্রীয় সরকারে প্রচুর সংখ্যক ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হবে। শিক্ষাগত যোগ্যতা উচ্চমাধ্যমিক। কম্পিউটারে ঘণ্টায় অন্তত ৮০০০ কি-ডিপ্রেশনের গতিতে ১৫ মিনিট টাইপ করতে হবে।

### কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

রাসায়নিক সারের বিকল্প জৈব কৃষি ...পৃঃ ১২

ঘরে তৈরি কেকের লাভজনক ব্যবসা ...পৃঃ ১৩

কর্মক্ষেত্র
জীবিকার আটঘাট

স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার
প্রতি মাসেই ৫০০০ টাকা
পুরস্কৃত প্রবন্ধ ১১ পাতায়

# নিখরচায় জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ

**গবেষণায় দেখা গেছে জাপানি কোয়েল পাখির মাংস ও ডিম মুরগির মাংস ও ডিমের চেয়ে খাদ্যগুণে এগিয়ে। স্বাস্থ্যসচেতন মানুষের কাছে এই মাংস ও ডিমের চাহিদা ক্রমশ বাড়ছে। নিখরচায় জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ বিকাশ বিভাগ। চাষিদের কাছ থেকে জাপানি কোয়েল ও তার ডিম কেনার ব্যাপারে প্রতিটি জেলায় সরকারি উদ্যোগ নেওয়া হয়েছে।**

**নিজস্ব প্রতিনিধি:** জাপানি কোয়েল পাখির মাংস ও ডিম খাদ্যগুণে ও মানে হাঁস ও মুরগির চেয়ে অনেকটাই বেশি পুষ্টিকর। জাপানি কোয়েলের মাংস ও ডিমে ফ্যাট থাকে কম এবং প্রোটিনের পরিমাণ মুরগির মাংস ও ডিমের চেয়ে বেশি। উচ্চ রক্তচাপ এবং ডায়াবেটিস রোগীদের জন্য উপকারী এই মাংস ও ডিম। বন দফতর জানিয়েছে, পৃথিবীতে যত প্রকার প্রাণীর ডিম ও মাংস খাদ্য হিসেবে গৃহীত হয়, তার মধ্যে জাপানি কোয়েলের ডিম ও মাংসের গুণগত মান তুলনায় বেশি। এই পাখির মাংস শরীরে কোলেস্টেরল বাড়তে দেয় না। কোয়েলের মাংস শিশুদের মস্তিষ্কের বিকাশে সাহায্য করে। গর্ভবতী মায়েদের জন্যও বেশ উপকারী।

তাই হাঁস, মুরগি প্রতিপালনের পাশাপাশি জাপানি কোয়েল প্রতিপালনও ক্রমশ জনপ্রিয় হচ্ছে। এই ব্যাপারে উৎসাহীদের প্রশিক্ষণ দিতে এগিয়ে এসেছে পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ বিকাশ বিভাগ। এই বিভাগের অন্তর্গত স্টেট পোল্ট্রি ফার্ম বা রাজ্য মুরগি খামার



এবং হরিণঘাটা মিট। সরকারের কাছ থেকে এই প্রশিক্ষণ পেয়ে রাজ্যের বহু মানুষ আজ জাপানি কোয়েল চাষে স্বনির্ভর হতে পেরেছে।

রাজ্য মুরগি খামারের অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর ডাঃ সৌমেন

এরপর পনেরোর পাতায়

**জাপানি কোয়েলের মাংস শরীরে কোলেস্টেরল বাড়তে দেয় না। এই পাখির মাংস ও ডিম শিশুদের মস্তিষ্কের বিকাশে সাহায্য করে। গর্ভবতী মায়েদের জন্যও বেশ উপকারী।**



### নিখরচায় প্রশিক্ষণের পাশাপাশি বিক্রির উপায় চাষিদের জানিয়ে দেওয়া হয়

**ডাঃ সৌমেন গঙ্গোপাধ্যায়,** *অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, স্টেট পোল্ট্রি ফার্ম, টালিগঞ্জ, কলকাতা-৭০০ ০৪০*

প্রাণীসম্পদ বিকাশ বিভাগের অন্তর্গত এই খামারে মুরগি, জাপানি কোয়েল ও টার্কির চাষ হয়। তার পাশাপাশি প্রতিপালনের জন্য চাষিদের ১৫ দিনের প্রশিক্ষণ দেওয়া হয় সম্পূর্ণ বিনামূল্যে। প্রশিক্ষণের জন্য সিলেবাসে মুরগি ও টার্কির পাশাপাশি জাপানি কোয়েলের চাষ নিয়ে আলাদা ক্লাস থাকে। পুরুষ-মহিলা উভয়কেই আমরা ট্রেনিং দিয়ে থাকি। এক্ষেত্রে কোনও শিক্ষাগত যোগ্যতার প্রয়োজন হয় না। তবে প্রাথমিক শিক্ষার গণ্ডি পাশ করা থাকলে বিষয়টি বুঝতে সুবিধা হবে। সাধারণত প্রতি মাসের দ্বিতীয় সোমবার থেকে ট্রেনিং শুরু হয়। তবে ইয়ারএন্ডিং, পুজো এবং জাতীয় ছুটির দিনগুলিতে প্রশিক্ষণ বন্ধ থাকে। আমাদের খামারের গেটে ফর্ম দেওয়া হয়। যা সম্পূর্ণ পূরণ করে জমা দিয়ে দিতে হবে। ট্রেনিং শুরু হওয়ার আগে আমরা প্রার্থীকে ফোন করে জানিয়ে দিই। তাই ঠিক ফোন নম্বর দেওয়া অত্যন্ত জরুরি।

আমাদের এই সরকারি খামার থেকে খাবার জন্য যে কোয়েল পাখি সরবরাহ করা হয়, সেগুলি প্রাণীসম্পদ বিকাশ বিভাগের অন্তর্গত প্রাণী উন্নয়ন নিগম (WBLDC) 'হরিণঘাটা মিট' ব্র্যান্ড নামে প্যাকেটজাত করে বাজারে বিক্রি করে। এছাড়া আমাদের কোয়েলের ডিমও WBLDC প্যাকেটজাত করে বিক্রি করে। কিন্তু ক্রমবর্ধমান চাহিদার জন্য এখানে প্রশিক্ষণ নিতে আসা চাষিদের জানিয়ে দেওয়া হয় কীভাবে প্রাণী উন্নয়ন নিগমের সঙ্গে যোগাযোগ করতে হবে তাদের তৈরি কোয়েল বিক্রির জন্য। এছাড়া এখান থেকে প্রতিপালনের জন্যও কোয়েলের বাচ্চা বিক্রি করা হয়। একটি একদিনের বাচ্চার দাম ১০ টাকা। প্রশিক্ষণ নিতে আসা অনেকেই তাঁদের খামারের জন্য কোয়েলের বাচ্চা কিনে নিয়ে যান। অনেকেই এখান থেকে প্রশিক্ষণ নিয়ে আজ স্বনির্ভর। এমন অনেকেই আছেন যাঁরা ইতিমধ্যে হাঁস, মুরগি প্রতিপালন করছেন, পাশাপাশি কোয়েল চাষের লাভের কথা জানতে পেরে উৎসাহ নিয়ে এখানে চলে আসেন প্রশিক্ষণের মাধ্যমে আরও ভালোভাবে বিষয়টা জানতে।

# কদর বাড়ছে অ্যানিমেটরদের



**কাল্পনিক জগৎকে দর্শকের সামনে জীবন্ত করে তোলেন অ্যানিমেটররা। এই কাজের জন্য আছে বেশ কিছু কোর্স। আগে-এলে-আগে সুযোগের ভিত্তিতে মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার এইডেড ডিজাইন সেন্টার। উচ্চমাধ্যমিক উত্তীর্ণরা আবেদন করতে পারেন এখনই।**

**নিজস্ব প্রতিনিধি:** হাতে আঁকা ছবি বা জড় বস্তুকে টেলিভিশন বা রুপোলি পর্দায় সচল করে দেখানোর প্রযুক্তিই অ্যানিমেশন। গত শতকের প্রথম দশকে ফ্রান্সে এমিলি কোহলের হাত ধরে অ্যানিমেশনের জন্ম। ত্রিশের দশকে ওয়াল্ট ডিজনির সূত্রে উত্থান আর জনপ্রিয়তা। আঁকা চরিত্রদের দিয়ে যারা কথা বলান, নানা কাজ করান, তাঁরা অ্যানিমেটর। অ্যানিমেশনের প্রথম যুগে জড়বস্তুর মধ্যে প্রাণসঞ্চার করার এই কাজটি ছিল খুবই শ্রমসাপেক্ষ। এখন উন্নত সফটওয়্যার ও কম্পিউটার প্রোগ্রামিং-এর দৌলতে তা তুলনায় অনেকটাই সহজ হয়েছে। বেড়েছে অ্যানিমেশন ব্যবহারের পরিসরও। টেলিভিশন আর সিনেমার

এরপর দশের পাতায়



অনলাইনেও গ্রাহক হওয়া যায়
www.swarnakshar.in

কলেজে পড়তে পড়তেই নিয়মিত পড়ুন
পেশাপ্রবেশ
আর স্নাতক হয়েই যে কোনও চাকরির পরীক্ষা দিন নিশ্চিন্তে

- 'পেশাপ্রবেশ'-এর বিভিন্ন বিভাগ স্ব স্ব ক্ষেত্রে অভিজ্ঞ ও বিশেষজ্ঞ শিক্ষকমণ্ডলীর দ্বারা প্রস্তুত।
- 'পেশাপ্রবেশ' গভীর জ্ঞান ও নিরন্তর গবেষণার ফসল।
- 'পেশাপ্রবেশ'-এ বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার জটিল সিলেবাস ও কঠিন বিষয় সরল ও সুপাঠ্য হয়ে ওঠে।
- পাঁচমেশালি পরীক্ষার ভাসাভাসা প্রস্তুতি নয়, 'পেশাপ্রবেশ' মানেই প্রত্যেক পরীক্ষার পূর্ণাঙ্গ প্রস্তুতি।
- 'পেশাপ্রবেশ'-এর পাতায় পাতায় পরীক্ষার মহড়াও যেন আনন্দের।

ঘরে বসে নিয়মিত 'পেশাপ্রবেশ' পেতে ২৩০ (ক্যুরিয়ারে ৪৯০) টাকার চেক/ড্রাফ্ট নীচের ঠিকানায় পাঠিয়ে বার্ষিক গ্রাহক হোন:

Swarnakshar Prakasani Pvt. Ltd.
29/1-A, Old Ballygunge 2nd Lane, Kolkata-19
Ph: 2283-2320 □ E-mail: info@swarnakshar.in

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# মানসিক চাপের থেকে মুক্তির দিশা দেখান কাউন্সেলররা

**মানুষের মানসিক সমস্যার মূল কারণ জেনে উপযুক্ত পরামর্শ ও চিকিৎসার মাধ্যমে স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনেন দক্ষ কাউন্সেলররা। কাউন্সেলিং-সংক্রান্ত পেশাদার কোর্স করে কেরিয়ার গড়ে তুলুন। গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুরের সেন্টার ফর স্টাডিজ ইন কালচারাল ডাইভার্সিটি অ্যান্ড ওয়েলবিইং।**



**নিজস্ব প্রতিনিধি:** আধুনিক জীবনযাত্রার একটা বড় সমস্যা অবসাদ। সামান্যতম অসাফল্যে, প্রত্যাখ্যানে কিংবা পারিপার্শ্বিক চাপে খুব সহজে ভেঙে পড়ার প্রবণতা বাড়ছে। ফল, অবসাদে ডুবে যাওয়া। জীবনের প্রতি আস্থা হারিয়ে মাদকের নেশায় তলিয়ে যাওয়া, এমনকী আত্মহত্যা। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের তথ্য অনুযায়ী ভারতে প্রতি বছর প্রায় ২ লক্ষ মানুষ আত্মহত্যা করেন।

ছাত্রছাত্রী থেকে শুরু করে গৃহবধূ, চাকুরিজীবী থেকে খেলোয়াড়, টিনএজার থেকে বয়স্ক— মানসিক অবসাদের শিকার হতে পারেন যে-কেউ। অবসাদগ্রস্ত ব্যক্তি মন খুলে কথা বলতে না পারায় খুব কাছের জনও ধরতে পারেন না তার অবসাদের মাত্রা, তার অনেক অসঙ্গতিপূর্ণ ব্যবহারও চোখ এড়িয়ে যায়। দক্ষ কাউন্সেলরদের দরকার এখানেই। মানসিক চাপ এড়ানোর উপায় বাতলে দিয়ে পেশাদার কাউন্সেলররা স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনেন অবসাদগ্রস্ত মানুষদের।

মানবমনের জটিলতা বিশ্লেষণ ও তার প্রতিবিধান যদি আপনার পছন্দের বিষয় হয়, তাহলে পড়তে পারেন এ-সংক্রান্ত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর স্টাডিজ ইন কালচারাল ডাইভার্সিটি অ্যান্ড ওয়েলবিইং। আবেদন করতে পারেন এখনই। পেশাদারদের চাকরি ছাড়াও স্বাধীনভাবে কাজ করার সুযোগ আছে।

## কী পড়বেন, কোথায় পড়বেন

**● সেন্টার ফর স্টাডিজ ইন কালচারাল ডাইভার্সিটি অ্যান্ড ওয়েলবিইং, যাদবপুর বিশ্ববিদ্যালয়**

এখানে পড়ানো হয় গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। আসনসংখ্যা ৪০টি। সরকারি নিয়মানুসারে তফসিলি এবং ওবিসি প্রার্থীদের জন্য আসন সংরক্ষিত থাকে।

আবেদন করতে পারেন যে-কোনও শাখার স্নাতকরা। বয়সের কোনও উর্ধ্বসীমা নেই। কোর্সের মেয়াদ ১ বছর।

কোর্সটি শুরু হবে ১৩ জানুয়ারি থেকে। ক্লাস হবে প্রতি সপ্তাহের সোম, বুধ ও শুক্রবার। কোর্স ফি ১৬,৮০০ টাকা (জি এস টি-সহ)।

কোর্স চলাকালীন ছাত্রছাত্রীদের সরকারি হাসপাতালের সাইকায়াট্রি বিভাগে পাঠানো হয় হাতেকলমে কাজ শেখার জন্য। এছাড়াও প্রতিষ্ঠানে বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে ছাত্রছাত্রীরা বিভিন্ন ধরনের কেস স্টাডি করে থাকে।

**প্রার্থী বাছাই পদ্ধতি:** প্রাথমিক ভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউয়ের জন্য নির্বাচিত প্রার্থীতালিকা প্রকাশিত হবে ১২ ডিসেম্বর। ইন্টারভিউ ১৬ ডিসেম্বর।

**কীভাবে আবেদন:** আবেদনের ফর্ম নগদ ৫০ টাকার বিনিময়ে সরাসরি সংগ্রহ করা যাবে বিশ্ববিদ্যালয়ের ইনফর্মেশন অফিস থেকে। ১২ ডিসেম্বরের মধ্যে প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা আবেদনপত্র জমা দিতে হবে এই ঠিকানায়: Jt. Co-ordinator, Centre for Studies in Cultural Diversity and Wellbeing, Jadavpur University, 188, Raja S. C. Mallick Rd, Kolkata-700 032.

**খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট:** www.jaduniv.edu.in প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: (০৩৩) ২৪৫৭-২৩৪৭, ২৪১৪-৬১০২।

**মানবমনের জটিলতা বিশ্লেষণ ও তার প্রতিবিধান যদি আপনার পছন্দের বিষয় হয়, তাহলে পড়তে পারেন এ-সংক্রান্ত স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। গাইডেন্স, সাইকোলজিক্যাল কাউন্সেলিং অ্যান্ড ফ্যামিলি থেরাপির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সেন্টার ফর স্টাডিজ ইন কালচারাল ডাইভার্সিটি অ্যান্ড ওয়েলবিইং।**

### দক্ষ কাউন্সেলরের অভাব রয়েছে



**ডঃ মুক্তিপদ সিনহা,** জয়েন্ট কো-অর্ডিনেটর, সেন্টার ফর স্টাডিজ ইন কালচারাল ডাইভার্সিটি অ্যান্ড ওয়েলবিইং, যাদবপুর বিশ্ববিদ্যালয়

এই মুহূর্তে আমাদের দেশে যত পরিমাণ মানুষের মানসিক স্বাস্থ্য পরিষেবার দরকার রয়েছে তত পরিমাণ কাউন্সেলর নেই। এখনও প্রতি এক লক্ষ জনের জন্য প্রশিক্ষিত কাউন্সেলরের সংখ্যা ২ থেকে ৩। ভারতের মতো সাংস্কৃতিক বৈচিত্র্যসম্পন্ন দেশের মানুষের মধ্যে সচেতনতা গড়ে তোলাটাও খুবই বড় কাজ।

আমাদের এই স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে বেশি জোর দেওয়া হয়েছে কাউন্সেলিং এবং ফ্যামিলি থেরাপি বিষয়ে। বিভিন্ন বয়সি রোগী, বিশেষত কিশোর-কিশোরীদের কাউন্সেলিং করার ক্ষেত্রে পরিবারের ভূমিকা খুব গুরুত্বপূর্ণ। অনেক সময় বাবা-মাও বুঝে উঠতে পারেন না সন্তানের সমস্যা। তাই কাউন্সেলিং চলাকালীন তাঁদের সমর্থনের প্রয়োজনের হয় সবচেয়ে বেশি। কেন না পরিবারের সমর্থন ছাড়া কাউন্সেলিং ফলপ্রসূ হয় না। এছাড়া এই কোর্সে বিশেষ চাহিদাসম্পন্ন ছেলেমেয়েদের কাউন্সেলিং করানোর পদ্ধতিও শেখানো হয়।

এই কোর্স করে কাজের সুযোগ রয়েছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থায়। শিশুর অধিকার, বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের নিয়ে কাজ করা বিভিন্ন সংস্থা, এডুকেশন সেন্টারগুলিতেও চাকরি পেতে পারেন প্রশিক্ষিতরা। কাউন্সেলর হিসেবে চাকরির সুযোগ রয়েছে ইংরেজি মাধ্যম স্কুলগুলিতে। স্পোর্টস ট্রেনিং অ্যাকাডেমি ও জেরিয়াট্রিক সেন্টারেও রয়েছে কাজের সুযোগ। চাকরি রয়েছে সরকারি ও বেসরকারি রিহ্যাবিলিটেশন সেন্টারে। এছাড়া বহু কর্পোরেট সংস্থাও নিয়োগ করে কাউন্সেলরদের। এই প্রসঙ্গে জানিয়ে রাখি, এই কোর্সটি রিহ্যাবিলিটেশন কাউন্সিল অব ইন্ডিয়া কর্তৃক স্বীকৃত নয়। তবে রেজিস্টার্ড কাউন্সেলর হিসেবে কাজ করতে চাইলে আর সি আইয়ে রেজিস্ট্রেশনের জন্য আলাদাভাবে আবেদন করতে পারেন ছাত্রছাত্রীরা।

## অন্যান্য প্রতিষ্ঠান

**● রামকৃষ্ণ মিশন শিক্ষণমন্দির, বেলুড় মঠ—** পড়ানো হয় গাইডেন্স অ্যান্ড কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স। শুধু পুরুষরা আবেদন করতে পারেন।

যে-কোনও শাখার স্নাতক হলেই আবেদন করা যায়। আগ্রহী প্রার্থীরা দেখতে পারেন এই ওয়েবসাইট: www.rkmsm.org

**● বিদ্যাসাগর স্কুল অব ওয়ার্ক, জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ**

পড়ানো হয় সাইকোলজিক্যাল কাউন্সেলিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স। পুরুষ-মহিলা উভয়েই আবেদন করতে পারেন।

**আবেদনের যোগ্যতা:** সাইকোলজি, সোশিওলজি, পলিটিক্যাল সায়েন্স, হিউম্যান ডেভেলপমেন্ট, হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট এবং এডুকেশনের মধ্যে যে-কোনও একটি বিষয়ে অনার্স-সহ স্নাতক।

প্রতিষ্ঠানের ওয়েবসাইট: www.jpinstitute.org

প্রতিষ্ঠানের ঠিকানা: Vidyasagar School of Social Work (VIDYASAGAR UNIVERSITY), Jayprakash Institute of Social Change, DD-18/4/1, Salt Lake City, Kolkata-700 064. প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: (০৩৩) ২৩২১-৩২৩০।

# কদর বাড়ছে অ্যানিমেটরদের

*নয়ের পাতার পর*

পর্দার বাইরে এখন ওয়েবসাইটে, বিজ্ঞাপনে, স্মার্ট ফোনের গেমসে, রাস্তার মোড়ে থাকা বিশালাকার ডিজিটাল ডিসপ্লে বোর্ডে অ্যানিমেশনের জাদুতে বুঁদ হয়ে থাকেন বাচ্চা থেকে বয়স্ক।

ডিজিটালাইজেশনের যুগে প্রশিক্ষিত এবং পেশাদার ডিজাইনার ও অ্যানিমেটরদের চাহিদাও ক্রমাগত বাড়ছে।

আঁকার প্রতি আগ্রহ ও নিজের উদ্ভাবনী দক্ষতাকে কাজে লাগাতে চাইলে করে নিতে পারেন অ্যানিমেশনের পেশাদারি কোর্স। মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কম্পিউটার এইডেড ডিজাইন। যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক উত্তীর্ণ প্রার্থীরাই এই ডিপ্লোমা কোর্সটি করতে পারেন।

## কী পড়বেন

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কম্পিউটার এইডেড ডিজাইনে 'মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন'-এর ডিপ্লোমা কোর্সটি পড়ানো হয় দু'টি সেমেস্টারে। কোর্সের প্রথম সেমেস্টারে ছাত্রছাত্রীদের পড়ানো হয় ডিজিটাল প্রিন্টিং অ্যান্ড পাবলিশিং এবং সেই কাজে ব্যবহৃত বিভিন্ন সফটওয়্যার যেমন অ্যাডোব ফটোশপ, ইনডিজাইন, অ্যাডোব ইলাস্ট্রেটর বিষয়ে। প্রাথমিক ধারণা দেওয়া হয় বিজ্ঞাপনের কাজ সম্পর্কেও। দ্বিতীয় সেমেস্টারে শেখানো হয় এইচ টি এম এল, সি এস এস থ্রি, বুটস্ট্র্যাপ, জাভা স্ক্রিপ্ট, ওয়ার্ড প্রেসের ব্যবহার।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে, এই কোর্সে থিওরির সঙ্গে জোর দেওয়া হয় হাতেকলমে শিক্ষায়।

**কোর্সের মেয়াদ:** মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশনের এই কোর্সটির মেয়াদ এক বছর। কোর্স শুরু হবে ১৫ জানুয়ারি। আসনসংখ্যা ৩০।

**কোর্স ফি:** সেমেস্টার পিছু ৪৭,২০০ টাকা (জি এস টি-সহ)।

**কবে, কখন ক্লাস:** সোম থেকে শুক্রবার, দুপুর ১২টা থেকে বিকেল ৪টে।

## ভর্তির জন্য আবেদন

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সেন্টার ফর কম্পিউটার এইডেড ডিজাইনে 'মাল্টিমিডিয়া অ্যান্ড অ্যানিমেশন'-এর ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। প্রসপেক্টাস-সহ আবেদনপত্র সরাসরি গিয়ে সংগ্রহ করতে হবে সেন্টার থেকে। ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। আগে এলে আগে সুযোগের ভিত্তিতে ভর্তি নেওয়া হবে। **প্রতিষ্ঠানের ঠিকানা:** সেন্টার ফর কম্পিউটার এইডেড ডিজাইন, প্রযুক্তি ভবন (তৃতীয় তল), যাদবপুর বিশ্ববিদ্যালয়, ১৮৮, রাজা সুবোধ চন্দ্র মল্লিক রোড, কলকাতা ৭০০ ০৩২।

ফোন: (০৩৩) ২৪১৪ ৬৮৪৪/ ২৪৫৭ ২৯৬০। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইটগুলি: http://www.cadcentreju.org, www.jaduniv.edu.in

## কাজের সুযোগ

মাল্টিমিডিয়া ও অ্যানিমেশনের জগতে কাজের পরিসর বিস্তৃত। ইলেক্ট্রনিক্স মিডিয়া, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ্লিকেশন, চলচ্চিত্র, ভিডিও গেমস— সব কিছুতেই অ্যানিমেশন কার্যত অপরিহার্য। কাজের সুযোগ রয়েছে অ্যাডভার্টাইজিং এজেন্সি, টেলিভিশন ও ফিল্ম ইন্ডাস্ট্রিতে অ্যানিমেটর, আর্ট ডিরেক্টর, মাল্টিমিডিয়া প্রোগ্রামার হিসেবে। এছাড়াও চাকরি পাওয়া যায় থ্রি ডি মডেলার-অ্যানিমেটরস ফিল্ম অ্যান্ড ভিডিও এডিটর হিসেবেও।

### অ্যানিমেশন ইন্ডাস্ট্রিতে কাজের অভাব নেই



**কৌশিক চক্রবর্তী,** *ফ্যাকাল্টি অব অ্যানিমেশন ফিল্ম ডিজাইন ন্যাশনাল ইনস্টিটিউট অব ডিজাইন*

এখন সিনেমা, টেলিভিশন, ডিজিটাল এবং ইলেক্ট্রনিক মিডিয়ায়, বিজ্ঞাপনের জগতে, এমনকী ডিজিটাল মার্কেটিং ইন্ডাস্ট্রিতেও অ্যানিমেশন নিয়ে প্রচুর কাজ হচ্ছে। চলচ্চিত্রের কাজ করে যেসব স্টুডিও, সেখানেও দক্ষ প্রার্থীদের চাকরি হতে পারে। অ্যানিমেশন নিয়ে কেরিয়ার গড়তে আগ্রহী ছেলেমেয়েদের বলব, এই ইন্ডাস্ট্রিতে কাজের অভাব তেমন নেই। তবে প্রশিক্ষণ নেওয়ার সময় কাজটা ভালোভাবে শেখাটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ। সময়ের সঙ্গে সঙ্গে নতুন নতুন প্রযুক্তি ও তার ব্যবহার শিখে নিতে পারলে কাজের সুযোগও বাড়বে। এই কাজে সৃষ্টিশীলতাও খুব জরুরি একটা বিষয়।

ডিজিটাল দুনিয়ায় নিজেদের পরিচিতি বাড়ানোর জন্য অনেক ছোট-বড় সংস্থাই তাদের নিজস্ব ওয়েবসাইট তৈরি করছে। ফলে ভিশুয়ালাইজার, ওয়েবসাইট ও গ্রাফিক ডিজাইনারদের ভালো চাহিদা তৈরি হয়েছে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার

নভেম্বর মাসের প্রতিযোগিতায় বিজয়ী **বিপ্লব মাহাত** ও **প্রিয়া ঘোষ**

**দু'জনেই পেলেন ২,৫০০ টাকা পুরস্কার**



বিচার করেছেন এন্টারপ্রাইজ ডেভেলপমেন্ট ইনস্টিটিউটের প্রাক্তন ডিরেক্টর এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের প্রাক্তন ডেপুটি সেক্রেটারি **এম এন মাইতি**



# হাইব্রিড জাতের পেঁয়াজ চাষ

**বিপ্লব মাহাত,** টাটাড়ি, পুঞ্চা-পুরুলিয়া

**বিচারক:** কর্মক্ষেত্র থেকে খোঁজ পেয়ে পরীক্ষা দিয়ে পুলিশে চাকরি পেয়েছেন। তাঁকে অভিনন্দন জানাই। চাকরি পাওয়ার পরও চাষাবাদ চালিয়ে যাচ্ছেন, এটিও খুবই প্রশংসার যোগ্য। দু'রকম পেঁয়াজ চাষ করেন বলেছেন, যদিও এখানে যে হিসেব দিয়েছেন তা কোন ধরনের পেঁয়াজের, সে কথা উল্লেখ করেননি। হিসাব মোটামুটি ঠিকই আছে। চাষের পদ্ধতিও যথাসম্ভব নিখুঁত ভাবে উল্লেখ করেছেন।



*ছবি: বিপ্লব মাহাত*

আমি স্নাতক। 'কর্মক্ষেত্র'র নিয়মিত পাঠক। কর্মক্ষেত্র-এ প্রকাশিত খবর দেখেই পশ্চিমবঙ্গ পুলিশে চাকরির জন্য দরখাস্ত পাঠাই। পরীক্ষা দিয়ে পাশ করে এ বছর ৮ নভেম্বর চাকরিতে যোগদান করেছি। বর্তমানে পুরুলিয়া জেলার বেলগুমা পুলিশ লাইনে ট্রেনিং চলছে।

ছাত্রাবস্থা থেকেই আমি প্রত্যেক বছর দু'ধরনের পেঁয়াজ চাষ করে থাকি— ভুঁড়ি পেঁয়াজ ও সাঁচি পেঁয়াজ। আমাদের পারিবারিক আধ বিঘে জমি ও পুকুর আছে। চাকরি পাওয়ার পরও চাষবাসের পেশাটা থেকেই গেছে।

এখানে আমার কয়েক বছরের পেঁয়াজ চাষের অভিজ্ঞতার কথা তুলে ধরলাম, যা হয়তো অনেক কর্মহীন বেকার যুবক-যুবতীকে স্বনির্ভরতার পথে এগিয়ে দেবে।

### এই চাষ বেছে নেওয়ার কারণ

পেঁয়াজ চাষে জলের প্রয়োজন একটু বেশি। তা সত্ত্বেও কম সময়ে কম খরচে বেশি লাভবান হওয়া যায়। বাজারে পেঁয়াজের চাহিদা সব সময় থাকে। ফসল ওঠার পরই যে বিক্রি করে দিতে হবে এমন কথা নেই। পেঁয়াজ কাঁচা বিক্রি করা যায় অথবা হিমঘরে রেখে অথবা ঝুঁটি বেঁধে আলনা বা টাঙায় ঝুলিয়ে রেখে বাজারদর দেখেশুনে নিজের ইচ্ছে অনুযায়ী বিক্রি করা যায়।

### চাষের উপকরণ

জমি ও জল ছাড়াও পেঁয়াজ চাষের জন্য প্রয়োজন— •উন্নত মানের হাইব্রিড বীজ (হেরিটেজ) •লাঙল •মই •পুরনো শুকনো গোবর •কোদাল •ডি এ পি সার •ইউরিয়া •গাঁইতি (ছোট) •ঝারি •চালুনি •রাইস মিলের ছাই •বন্টিন •ব্রোন •ভিটামিন •কীটনাশক •সুপার-৯০৭ (চারার ধসা রোগের জন্য) •ফেরাডল (শেকড়ের রোগ রোধের জন্য) •শ্রমিক।

**চাষের সময়:** আশ্বিন মাসের ১৫ তারিখ থেকে কার্তিক মাসের প্রথম সপ্তাহের মধ্যে বীজ বপন করতে হবে।

### চারা তৈরি ও রোপণ পদ্ধতি

প্রথমে বাজার থেকে উন্নত মানের হাইব্রিড বীজ (হেরিটেজ) কিনে আনতে হবে। তারপর যে-কোনও পাত্রে সন্ধে ৬টা থেকে সকাল ৬টা পর্যন্ত ভিজতে দিতে হবে। তারপর সেই বীজগুলো ছেঁকে নিয়ে, একটি ভিজে সুতির কাপড়ে বেঁধে রৌদ্রে গরম করে, তারপর ঠান্ডা জায়গায় রেখে দিলে ২-৩ দিন পর অঙ্কুর বের হবে। যে-জায়গায় বীজ বুনবেন সেখানে ছায়া ও রোদ্দুর যেন সমান ভাবে পড়ে।

প্রথমে মাটি ঝুরঝুরে করে তার উপর পুরনো শুকনো গোবর অথবা হালকা ডি এ পি ও ফেরাডল ছিটিয়ে কোদাল দিয়ে খুঁড়ে লেভেল করে নিতে হবে। এরপর জমির উপর হালকা ভাবে সেই অঙ্কুরিত বীজ ছড়িয়ে, চালুনি দিয়ে মাটি চেলে ঢেকে দিতে হবে। সঙ্গে ঝারি দিয়ে জলও দিতে হবে। কিছুদিন পর অঙ্কুরিত বীজগুলি চারায় পরিণত হবে। চারার বেড-এর মধ্যে যে-আগাছাগুলি বের হবে সেগুলিকে তুলে ফেলতে হবে, যাতে চারা বলিষ্ঠ হয়। চারায় ধসা রোগ দেখা দিলে সুপার-৯০৭ পাউডার জলে গুলে চারার উপর স্প্রে করতে হবে। যখন চারাগুলি ১৪-১৫ সেমি মাপের হবে তখন কোদাল দিয়ে উঠিয়ে চারাগুলিকে ভালোভাবে ঝেড়ে গোছ করে প্রত্যেক চারা মাঝের ফোড় থেকে ২ সেমি কেটে ফেলতে হবে।

চারা তৈরির কাজ শেষ হলে মাটি তৈরির কাজ রয়েছে। দুই থেকে তিনবার কর্ষণ করে মই দিয়ে মাটি লেভেল করে নিতে হবে। এরপর লেভেল করা গোটা জমি ৮ ফুট দৈর্ঘ্য এবং ২ ফুট প্রস্থের ছোট ছোট খেতে ভাগ করে নিতে হবে। এবার খেতে জল ঢুকিয়ে, ডি এ পি ও ১০,২৬,২৬ সার একসঙ্গে ছড়িয়ে কোদাল দিয়ে মিশিয়ে নিয়ে, হাত দিয়ে লেভেল করে নিতে হবে। পরবর্তী পর্যায়ে চারাগুলি একটি একটি করে ১৫ সেমি × ১০ সেমি দূরত্বে লাগিয়ে দিতে হবে। ১০-১৫ দিন পর আবার সেচ দিতে হবে, যাতে শিকড়গুলি মাটিকে সম্পূর্ণ আঁকড়ে ধরতে পারে। ১০-১৮ দিন পর রাইস মিলের ছাই প্রয়োগ করে, ছোট গাঁইতির সাহায্যে খুঁড়তে হবে। এইভাবে মোট তিনবার। পেঁয়াজের সাইজ বড় করার জন্য ব্রোন ও বেশি ওজনের জন্য ভিটামিন প্রয়োগ করতে হবে।

### আয়-ব্যয় ও লাভের হিসাব

**প্রাথমিক মূলধন**

| | | |
|---|---|---|
| জমি কর্ষণ | ১,০০০ | টাকা |
| শ্রমিক | ১,০০০ | " |
| কোদাল | ১০০ | " |
| ঝারি | ১৫০ | " |
| চালুনি | ৫০ | " |
| কাটার | ৩০ | " |
| ছোট গাঁইতি | ৫০ | " |
| **মোট খরচ** | ২,৩৮০ | টাকা |

**কার্যকরী মূলধন**

| | | |
|---|---|---|
| বীজ ৪০ গ্রাম | ২৪০ | টাকা |
| ধসার ওষধ সুপার-৯৭ ২০ গ্রাম | ৩৯ | " |
| ভিটামিন ১০০ মিলিগ্রাম | ১৪৫ | " |
| ইউরিয়া ৫ কেজি | ৫০ | " |
| ব্রোন ১ প্যাকেট | ৫০ | " |
| ডি এ পি সার ১০ কেজি | ৩০০ | " |
| ফেরাডল ১০০ গ্রাম | ১০ | " |
| ১০, ২৬, ২৬ সার ৫ কেজি | ১২৫ | " |
| **মোট খরচ** | ৯৫৯ | টাকা |

সর্বমোট খরচ = (প্রাথমিক মূলধন + কার্যকরী মূলধন) = (২,৩৮০ + ৯৫৯) = ৩,৩৩৯ টাকা।

### লাভের হিসাব

আধ বিঘে জমিতে ৪০০ গ্রাম পেঁয়াজ বীজ থেকে চারা তৈরি করে, সেই চারা রোপণ করে মোটামুটি ১১-১২ কুইন্টাল পেঁয়াজ পাওয়া যাবে। প্রতি কিলোগ্রাম পেঁয়াজের পাইকারি বাজারদর যদি ৪৫ টাকা হয়, তাহলে ১২ কুইন্টাল পেঁয়াজের বিক্রয়মূল্য হবে: ১০০ × ১২ × ৪৫ = ৫৪,০০০ টাকা। সুতরাং মোট লাভ ৫৪,০০০-৩,৩৩৯ টাকা = ৫০,৬৬১ টাকা।



# মাশরুমের আচার তৈরি

**প্রিয়া ঘোষ,** মালিয়া-হরিপাল, হুগলি

**বিচারক:** মাশরুমের ফলন বেশি হলে বা প্রত্যাশিত মাত্রায় না বিকোলে তা সহজে নষ্ট হয়ে যায়। কিন্তু মাশরুমের আচার থেকে যায় অনেক দিন। মাশরুমের আচার অভিনব সুস্বাদু খাবার। ফলে তা জনপ্রিয় হওয়ার যথেষ্ট সম্ভাবনা আছে। ছোট মাপের খাদ্য প্রক্রিয়াকরণ ইউনিট বানিয়ে কাজটি করতে পারলে ভালো উপার্জন হতে পারে।

আমি মাশরুমের আচার তৈরির ব্যবসাটি বেছে নিয়েছি। মাশরুমের আচার খুবই সুস্বাদু ও পুষ্টিগুণসম্পন্ন। মাশরুম পচনশীল ফসল। উৎপাদন বেশি হলে বাড়তি ফসল সংরক্ষণ করা যায় না। তাই বাড়তি মাশরুম থেকে আচার তৈরি করলে সেটি একটি লাভজনক ব্যবসা হতে পারে। মাশরুমের আচারের চাহিদা আছে। অনেকদিন এই আচার ভালো থাকে।

### কীভাবে এগোব

আমার নিজস্ব মাশরুমের ফার্ম রয়েছে এবং একটি স্বেচ্ছাসেবী সংস্থা থেকে মাশরুমের আচার তৈরির প্রশিক্ষণ নিয়েছি। আচার তৈরির জন্য যে-বাসনপত্র লাগে তার সবই বাড়িতেই আছে। তাছাড়া মাশরুমের আচার তৈরির ব্যবসায় পুঁজি খুব কম লাগে। ব্যবসা শুরু করার জন্য স্থানীয় পঞ্চায়েত থেকে একটি ট্রেড লাইসেন্স করাব এবং প্রচারের জন্য হ্যান্ডবিল ও ব্যানার ছাপাব। রাজ্য সরকারের 'সুফল বাংলা' প্রকল্পের মাধ্যমে মাশরুমের আচার বিক্রির সুবিধা রয়েছে। এই বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আমি যোগাযোগ করেছি। তারা মাশরুমের আচার কিনতে খুবই আগ্রহী।

### মাশরুমের আচার তৈরির উপকরণ

•মাশরুম ১ কেজি (ঝিনুক মাশরুম) •ভিনিগার ৩০০ মিলিগ্রাম •সরষের তেল ৩০০ গ্রাম •লঙ্কাগুঁড়ো ২ চামচ •গরম মশলা-২ চা-চামচ •ভাজা সরষে- ৪ চামচ •আখের গুড় ৩ কাপ •লবণ স্বাদমতো •আদা পরিমাণমতো •পেঁয়াজ-২টো বড় সাইজ।

### আচার তৈরির পদ্ধতি

আদা, পেঁয়াজ, রসুন কুচিয়ে নিতে হবে। আখের গুড় ও ভিনিগার একটি পাত্রে মিশিয়ে রাখতে হবে। এরপর মাশরুম ধুয়ে একই আকারে টুকরো করে নিতে হবে। কড়াতে সরষের তেল গরম করে মাশরুমের টুকরোগুলিকে হালকা করে ভাজতে হবে। তেল ঝরিয়ে মাশরুম তুলে রেখে সেই তেলেই পেঁয়াজ, আদা, রসুন লালচে করে ভাজতে হবে। এবার কড়াইতে গুড় ও ভিনিগারের মিশ্রণটা ঢেলে দিতে হবে। ২ মিনিট ধরে নাড়াতে হবে এবং ভাজা মাশরুমগুলো ঢেলে দিতে হবে। ফুট উঠলে নামিয়ে ঠান্ডা করতে হবে। তারপর কাচের জারে রেখে দিলে অনেকদিন ভালো থাকবে।

### খরচ

| | | |
|---|---|---|
| ঝিনুক মাশরুম- ১ কেজি | ১০০ | টাকা |
| সরষের তেল ৩০০ গ্রাম | ৩০ | " |
| আখের গুড় | ১০ | " |
| ভিনিগার-৩০০ মিলিগ্রাম | ৩০ | " |
| মশলা | ২০ | " |
| অন্যান্য খরচ | ২০ | " |
| মোট | ২১০ | টাকা |

১ কেজি কাঁচা মাশরুমের আচার করলে ৬০০ গ্রাম পাওয়া যাবে। ১০০ গ্রামের কাচের বোতল জীবাণুমুক্ত করে প্যাকেজিং করতে হবে। ১০০ গ্রাম আচারের পাইকারি দাম 'সুফল বাংলা'য় ৪০ টাকা। সুতরাং ৬০০ গ্রাম আচারের দাম হবে ২৪০ টাকা। প্রতি কেজি কাঁচা মাশরুম থেকে পাওয়া আচারে আয় হবে (২৪০-২১০) টাকা = ৩০ টাকা।

প্রতিদিন ৫ কেজি মাশরুমের আচার করলে ৩০ × ৫ = ১৫০ টাকা আয় হবে।

### ভবিষ্যৎ পরিকল্পনা

এই ব্যবসাটি আরও বড় করে গড়ে তুলতে চাই। এক্ষেত্রে সরকারি সাহায্য পাওয়ার চেষ্টা করছি। পরবর্তী কালে একটি খাদ্য প্রক্রিয়াকরণের প্রশিক্ষণ কেন্দ্র খোলার ইচ্ছা আছে। এই ব্যবসা সম্পর্কে জানার জন্য আমায় ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯২৭৭-২৬৭৩০ (সন্ধ্যা ৬টা থেকে ৮টার মধ্যে)।

## স্বনির্ভরতার লক্ষ্যে পাঠকদের জন্য কর্মক্ষেত্র পুরস্কার

## প্রতি মাসেই ৫০০০ টাকা

### আপনাকে কী করতে হবে?

'কর্মক্ষেত্র'র প্রতি সংখ্যায় ব্যবসা-সংক্রান্ত বিভিন্ন সুলুকসন্ধান, পরামর্শ ও পথনির্দেশ প্রকাশিত হয়। এভাবে প্রতি মাসে প্রকাশিত ব্যবসার আলোচনা থেকে আপনার পছন্দমতো ব্যবসাটি বেছে নিন। এই ব্যবসাটি বেছে নেওয়ার পক্ষে আপনার যুক্তি, কীভাবে এগোবেন ও এ বিষয়ে আপনার যোগ্যতাই বা কী— এইসব বিবৃত করে একটি প্রবন্ধ লিখুন। ১,০০০ শব্দের মধ্যে।

এবার খামের ওপর 'স্বনির্ভরতার লক্ষ্যে কর্মক্ষেত্র পুরস্কার' লিখে পাঠিয়ে দিন। ব্যস, এ-ই।

**জানুয়ারি-এর প্রতিযোগিতার জন্য ডিসেম্বর মাসের 'কর্মক্ষেত্র'-য় প্রকাশিত ব্যবসার আলোচনাগুলি থেকে আপনার পছন্দসই ব্যবসাটি বাছতে হবে।**

লিখবেন কাগজের একপিঠে, পরিষ্কার হস্তাক্ষরে। প্রথম পৃষ্ঠার ওপরে ও প্রতি পৃষ্ঠার বাঁদিকে চওড়া মার্জিন রেখে। সঙ্গে নিজের একটি পাসপোর্ট মাপের ছবিও পাঠিয়ে দেবেন।

এভাবে প্রতি মাসেই যাঁর প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত হবে, তাঁকে ৫,০০০ টাকা পুরস্কার দেওয়া হবে। প্রবন্ধটি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হবে। আমরা আশা করব, পুরস্কৃত পাঠক স্বনির্ভরতার লক্ষ্যে তাঁর মনোমতো ব্যবসাটির গোড়াপত্তনে পুরস্কারের অর্থ কাজে লাগাবেন। কোনও একজনের প্রবন্ধ শ্রেষ্ঠ বিবেচিত না হলে একাধিক প্রতিযোগীকে যুগ্মভাবে বিজয়ী ঘোষণা করা হবে এবং মোট পুরস্কারমূল্য বিজয়ীদের মধ্যে সমানভাবে ভাগ করে দেওয়া হবে। পুরস্কৃত প্রবন্ধের বাইরেও সম্পাদকীয় বিচারে প্রশংসিত প্রবন্ধগুলি 'কর্মক্ষেত্র'য় প্রকাশিত হতে পারে।

আপনার লেখাটি ১০ জানুয়ারি-এর মধ্যে পৌঁছনো চাই। পাঠাবেন এই ঠিকানায়:

**সম্পাদক, কর্মক্ষেত্র,** ২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# রাসায়নিক সারের বিকল্প জৈব কৃষি




**খাদ্য সুরক্ষার ধারণাটিকে প্রকৃতই বাস্তবায়িত করতে হলে কৃষিকাজে বিষাক্ত রাসায়নিকের ব্যবহার বন্ধ করতেই হবে। সেক্ষেত্রে বিকল্প অবশ্যই জৈব কৃষি। জৈব চাষে নানাভাবে সহায়তা করতে প্রস্তুত সোসাইটি ফর ইক্যুইটেবল ভলান্টারি অ্যাকশনস (সেবা)।**

**নিজস্ব প্রতিনিধি:** প্রতিদিন রাত ন'টায় পাঞ্জাবের ভাতিন্ডা রেল স্টেশনে একটি ট্রেন এসে দাঁড়ায়। ছাড়ে সাড়ে ন'টায়। ৩২৪ কিলোমিটার পাড়ি দিয়ে ট্রেনটি ছ'টা থেকে সাড়ে ছ'টার মধ্যে পৌঁছয় রাজস্থানের বিকানিরে। সরকারি ভাবে ট্রেনটির নাম অবহর-যোধপুর প্যাসেঞ্জার হলেও এই ট্রেনটি 'ক্যানসার স্পেশ্যাল' বা 'ক্যানসার ট্রেন' নামেই সমধিক পরিচিত। কেন এমন নাম?

ট্রেনের যাত্রীদের একটা বড় অংশ ক্যানসারের রোগী। তাঁরা যান বিকানিরের আচার্য তুলসী রিজিওনাল ক্যানসার হসপিটাল অ্যান্ড রিসার্চ সেন্টারে। এটি দেশের ১৯টি রিজিওনাল ক্যানসার রিসার্চ সেন্টারের অন্যতম।

## প্রকোপ কেন পাঞ্জাবে?

দেখা যাচ্ছে, দক্ষিণ পাঞ্জাবের বার্নালা, ভাতিন্ডা, ফরিদকোট, ফাজিলকা, পাতিয়ালা, লুধিয়ানা, রোপার, ফতেগড় সাহিব, ফিরোজপুর প্রভৃতি জেলার কৃষিজীবী পরিবারগুলিতে গত কয়েক দশক ধরেই মারণ রোগ ক্যানসারের প্রকোপ বেশি। এই জেলাগুলির প্রতিটি গ্রামে গড়ে অন্তত ৩০ জন ক্যানসার রোগী খুঁজে পাওয়া গিয়েছে। তাই প্রতিদিন শতাধিক ক্যানসার-আক্রান্ত 'ক্যানসার স্পেশ্যাল'-এর সওয়ারী হন।

তাৎপর্যপূর্ণ ভাবে পাঞ্জাবের উপরোক্ত জেলাগুলি ভারতের 'সবুজ বিপ্লব'-এরও পথিকৃৎ। মনে করা হচ্ছে, যথেচ্ছ রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহারের দৌলতে উচ্চ ফলনের যে-রেকর্ড সত্তরের দশকে গড়েছিল পাঞ্জাব, তাঁর মূল্য এখনও চুকিয়ে যেতে হচ্ছে এই রাজ্যের কৃষিজীবী পরিবারগুলিকে। অতিরিক্ত রাসায়নিক প্রভাবিত খাদ্য ও পরিবেশের প্রভাবে পাঞ্জাবের গ্রামে গ্রামে ক্যানসার এখন মহামারী।

## খাদ্য সুরক্ষা বনাম পরিবেশের ক্ষতি

বিপুল জনসংখ্যার দেশ ভারতে খাদ্য সুরক্ষার কাজটি নিঃসন্দেহে চ্যালেঞ্জের। মানুষ যেমন না খেয়ে পুষ্টির অভাবে মারা যেতে পারে না, তেমনই অন্যদিকে খাদ্যের মাধ্যমে শরীরে বিষ ঢুকে মানুষের মৃত্যুও কাম্য নয়। যদিও ফলন বাড়াতে গিয়ে রাসায়নিক সার এবং কীটনাশক ব্যবহার করা হচ্ছে অনিয়ন্ত্রিত ভাবে। আর তা ধারাবাহিক ভাবে ক্ষতি করে চলেছে পরিবেশের। রাসায়নিক কীটনাশক, সার ব্যবহার করা হয়েছে এমন একটি খেতের জল পার্শ্ববর্তী পুকুরে গিয়ে মিশলে সেখানকার মাছ মরে যাচ্ছে। কীটনাশকের ব্যবহারে মাটির উর্বরতা বাড়ায় এমন উপকারী পোকাও একইসঙ্গে মরছে। এই পরিস্থিতি থেকে উদ্ধার পাওয়ার উপায়ও খুঁজছে গোটা বিশ্ব।

**কেন্দ্রীয় সরকারের পরম্পরাগত কৃষি বিকাশ যোজনা, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব হর্টিকালচার প্রকল্পের আওতায় কৃষকদের নানাভাবে সহায়তা করা হচ্ছে। শুধু পরম্পরাগত কৃষি বিকাশ যোজনার আওতায় দেশজুড়ে দুই লক্ষ হেক্টর জমিতে জৈব চাষ হচ্ছে।**

## জৈবচাষ: স্বাস্থ্যকর বিকল্প

রাসায়নিক প্রয়োগ করে চাষের বিকল্প হিসেবে জৈব চাষের কথা ভাবা হচ্ছে। একথা ঠিক, খুব অল্প সময়ের মধ্যে জৈব ফসল সারা দেশের খাদ্যের চাহিদা মেটাতে পারবে না। কিন্তু দীর্ঘমেয়াদে সুসংহত কৃষি বিকাশ এবং মানুষ ও প্রাণিকুলের সুস্থ জীবনের লক্ষে জৈব চাযাবাদকেই ভবিষ্যৎ বলে মনে করা হচ্ছে। কেন্দ্রীয় সরকার এবং দেশের রাজ্য সরকারগুলিও জৈবচাষে কৃষকদের উৎসাহিত করার জন্য নানা প্রকল্প হাতে নিয়েছে।

কেন্দ্রীয় সরকারের পরম্পরাগত কৃষি বিকাশ যোজনা, রাষ্ট্রীয় কৃষি বিকাশ যোজনা, মিশন ফর ইন্টিগ্রেটেড ডেভেলপমেন্ট অব হর্টিকালচার প্রকল্পের আওতায় কৃষকদের নানাভাবে সহায়তা করা হচ্ছে। শুধু পরম্পরাগত কৃষি বিকাশ যোজনার আওতায় দেশজুড়ে দুই লক্ষ হেক্টর জমিতে জৈব চাষ হচ্ছে। ইন্ডিয়ান এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট এবং এগ্রিকালচারাল অ্যান্ড প্রসেসড ফুড প্রোডাক্টস এক্সপোর্ট ডেভেলপমেন্ট অথরিটি বিভিন্ন প্রকল্পের মাধ্যমে জৈব চাষের পরিসর বাড়ানোর উদ্যোগ নিয়েছে। ওয়ার্ল্ড অব অর্গানিক এগ্রিকালচারের ২০১৮-র হিসেব অনুসারে ভারতে এই মুহূর্তে ১৫ লক্ষ হেক্টর জমিতে জৈব চাষ হচ্ছে।

## জৈব কৃষি: একটি আন্দোলন

১৯৯১-এ এ রাজ্যের উত্তর ২৪ পরগনার বাদুড়িয়া ব্লকে জৈব চাষের সূচনা ঘটিয়েছিল স্বেচ্ছাসেবী সংগঠন সোসাইটি ফর ইক্যুইটেবল ভলান্টারি অ্যাকশনস (সেবা)। নিজেদের ১০ বিঘা জমি ছাড়াও 'সেবা' এই কাজে যুক্ত করেছিল ১০টি গ্রামের ১০০ চাষি এবং তাদের মালিকানাধীন জমিগুলিকে। ২০১৯-এ পৌঁছে 'সেবা'-র বিকাশ কেন্দ্র প্রকল্পের আওতায় বাদুড়িয়া ও দেগঙ্গা ব্লকের মোট ২২টি গ্রামের ৯০০ কৃষক সব মিলিয়ে ২২৯ হেক্টর জমিতে জৈব চাষ করছেন।

বিকাশ কেন্দ্রের কো-অর্ডিনেটর আব্দুর রহমান জানালেন— 'রাসায়নিক সার, কীটনাশক ছাড়াও যে ভালো ফলন পাওয়া যায়, সেটা আমাদের প্রথমে প্রমাণ করে দেখাতে হয়েছিল। কাজটা সহজ ছিল না। চাষিদের জৈব সার, জৈব কীটনাশক, জৈব চাষের উপযোগী বীজ সরবরাহ করা হতো। ওঁরা সেসব কাজে লাগিয়ে দেখলেন, ফলন ভালোই পাওয়া যাচ্ছে। পরবর্তীকালে চাষিদের তরল সার, কেঁচোসার, জৈব কীটনাশক ইত্যাদি তৈরি করা শিখিয়ে দিয়েছিলাম আমরা। লক্ষ্য ছিল, চাষিরা নিজরাই যেন কম খরচে সার, কীটনাশক তৈরি করে নিতে পারেন।'

ধীরে ধীরে জৈব চাষে আগ্রহী কৃষকের সংখ্যা বেড়েছে, জানালেন রহমান। বর্তমানে খাদ্যশস্য এবং নানা রকমের সবজির চাষ করছেন তাঁরা। সবটাই জৈব পদ্ধতিতে। এমনকী গ্যাঞ্জেস জুট মিল, গ্লস্টার জুট মিলের সঙ্গে যৌথ উদ্যোগে জৈব পাটও ফলানো হচ্ছে। জৈব পাটতন্তু ও পাটকাঠি ব্যবহার করে স্যানিটারি ন্যাপকিন তৈরির উদ্যোগ নিয়েছে সরকারি গবেষণা সংস্থা।

## জৈব ফসলের বিপণন

ক্রেতা কীভাবে জানবেন, উৎপাদিত ফসলটি জৈব পদ্ধতিতে ফলানো হয়েছে কিনা! তাই দরকার হয় সরকারি স্বীকৃতি বা সার্টিফিকেশনের। ইন্ডিয়া অর্গানিক সার্টিফিকেশন পেতে হলে প্রচুর অর্থের প্রয়োজন হয়। ছোট চাষির পক্ষে ততটা ব্যয় করা অনেক সময়ই সম্ভব হয় না।

আব্দুর রহমান জানান, সেবা-র বিকাশ কেন্দ্রের আওতায় দু'টি গ্রুপে কেন্দ্রীয় সরকারের পরম্পরাগত কৃষি বিকাশ যোজনার অধীনে মোট ৪০ হেক্টর জমিতে জৈব চাষ করেছেন তাঁরা। প্রতি গ্রুপের সদস্যসংখ্যা ৫০। প্রতি গ্রুপের আওতায় থাকা জমির আয়তন ২০ হেক্টর। সরকারি নিয়মানুসারে গ্রুপের সদস্যদের জৈব চাষের নিয়মনীতি কঠোরভাবে মেনে চলতে হয়। এক্ষেত্রে গোষ্ঠীর অন্তর্ভুক্ত সদস্যরাই পরস্পরের চাষের উপকরণের দিকে লক্ষ্য রাখেন। এই 'সেল্ফ মনিটরিং সিস্টেম'-এ উৎপাদিত ফসলই জৈব ফসলের স্বীকৃতি পায়।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে মোট ১২০টি গোষ্ঠী এই মুহূর্তে পরম্পরাগত কৃষি বিকাশ যোজনার আওতায় জৈব চাষ করছে।

রহমান জানালেন, বিকাশ কেন্দ্রের সঙ্গে যুক্ত অন্যান্য চাষিদের জন্য রয়েছে থার্ড পার্টি সার্টিফিকেশনের ব্যবস্থা। কড়া নজরদারি, নিয়মিত পর্যবেক্ষণ, পরীক্ষানিরীক্ষা ইত্যাদির পর এক্ষেত্রে সার্টিফিকেট দেয় সুইৎজারল্যান্ড-ভিত্তিক বৃহত্তম আন্তর্জাতিক সার্টিফাইয়িং এজেন্সি আই এম ও। বিকাশ কেন্দ্রের আওতাধীন কৃষকরা আই এম ও সার্টিফিকেটের স্বীকৃতির বলে তাঁদের জৈব ফসল বিক্রি করতে পারেন।




## জৈব বাজার

বিকাশ কেন্দ্রের তত্ত্বাবধানে দু'টি জৈব বাজার বসে বাগুইয়াটির নারায়ণতলা এবং দমদমের জপুরের কাঠপুল এলাকায়। প্রতি সপ্তাহের রবি ও বুধবার সকাল সাড়ে ছ'টা থেকে বেলা বারোটা পর্যন্ত বাজার চলে। জৈব শাকসবজি ও প্রক্রিয়াজাত খাদ্যপণ্য বিক্রি হয় এই দুই বাজারে।

## প্রশিক্ষণ

কৃষিভিত্তিক নানা প্রশিক্ষণের ব্যবস্থা রয়েছে বিকাশ কেন্দ্রে। জৈব চাষ, জৈব পদ্ধতিতে জ্যাম, জেলি, স্কোয়াশ, আচার প্রভৃতি খাদ্য তৈরি, গৃহপালিত বিভিন্ন প্রাণীর চিকিৎসা, গো-প্রজননের প্রশিক্ষণ দেওয়া হয়। কৃষির বৈচিত্র বৃদ্ধি এবং কৃষিকাজের মাধ্যমে উপার্জন বৃদ্ধির দিশা দেওয়ার জন্য রয়েছে 'কৃষির ভবিষ্যৎ' নামের একটি প্রশিক্ষণ। সেবা-র পদাধিকারী মহবুল বৈদ্য জানালেন, প্রশিক্ষার্থী তাঁর অর্জিত দক্ষতা কাজে লাগিয়ে নিজে উপার্জন করবেন এবং কৃষিকাজের উন্নতি ঘটাবেন, এই লক্ষ্য নিয়েই প্রশিক্ষণ দেওয়া হয়। রাজ্যের যে-কোনও প্রান্ত থেকেই আগ্রহীরা এসে প্রশিক্ষণ নিতে পারেন। শিক্ষার্থীদের জন্য থাকা-খাওয়ার ব্যবস্থা রয়েছে বিকাশ কেন্দ্রে। থাকা-খাওয়া এবং প্রশিক্ষণ বাবদ স্বল্প ফি নেওয়া হয়। প্রার্থীর সংখ্যা বেশি হলে ফি-এর পরিমাণ কমে। প্রশিক্ষণ চলে সারা বছর ধরেই।

## জৈব চাষে সহায়তা

শিক্ষা, স্বাস্থ্য, মহিলাদের ক্ষমতায়ন, পরিবেশ, বয়স্ক ও পরিত্যক্ত শিশুদের দেখভাল, শিশুশ্রম বিরোধিতা এবং জৈব কৃষির মতো ক্ষেত্রগুলিতে দীর্ঘদিন ধরেই কাজ করছে 'সেবা'। সংস্থার সেক্রেটারি অনুরাধা চট্টোপাধ্যায় জানালেন, 'খাদ্য সুরক্ষা মানে শুধুই উদরপূর্তির ব্যবস্থা নয়। আমরা মনে করি, প্রতি গ্রাসে বিষ ভক্ষণ করে তিলে তিলে মানুষ মারা যেতে পারেন না। এমন অবস্থা থেকে উদ্ধার পেতে আরও অনেক মানুষকে জৈব চাষে এগিয়ে আসতে হবে।'

জৈব চাষের পদ্ধতি-প্রকরণ জানার জন্য, এ-সংক্রান্ত যে-কোনওরকম তথ্য-পরামর্শের জন্য আগ্রহীরা সরাসরি বিকাশ কেন্দ্রে এসে বিশেষজ্ঞদের সঙ্গে কথা বলতে পারেন। বিকাশ কেন্দ্রে সারা দিনই চাষিদের আনাগোনা লেগে আছে। সুতরাং সরাসরি চাষিদের সঙ্গে কথা বলার সুযোগও রয়েছে। যাঁরা দূরে থাকেন তাঁরা ফোনেও যোগাযোগ করতে পারেন নির্দ্বিধায়।

**যোগাযোগের ঠিকানা:** বিকাশ কেন্দ্র, সোসাইটি ফর ইক্যুইটেবল ভলান্টারি অ্যাকশনস (সেবা), গ্রাম ও পোঃ আটঘরা, থানা-বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা-৭৪৩ ৪৩৮। ফোন: আব্দুর রহমান, ৯৭৩২৭-০৫৪৪৮। হোয়াটস্যাপ নম্বর: ৯৭৩৫৫-১৬৬৯৭। মহবুল বৈদ্য, ৯৭৩৪৬-৯১৯৩৪।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

স্বনির্ভরতার নানা পথ

# ঘরে তৈরি কেকের লাভজনক ব্যবসা



**শীতের শুরুতে কেকের চাহিদা বেড়ে যায়। নামী-দামি দোকানের কেকের সঙ্গে এখন পাল্লা দিয়ে জনপ্রিয় হচ্ছে হোমমেড কেক। কারণ এখানে ক্রেতা তাঁর পছন্দের স্বাদ ও আকারের কেক তৈরি করিয়ে নিতে পারেন। বই বা ইন্টারনেট ঘেঁটে নয়, ঘরোয়া পরিবেশে স্বল্প খরচে কেক তৈরি শিখে নিন। প্রশিক্ষণ নিয়ে এখন অনেকেই সফল এই ব্যবসায়।**

**নিজস্ব প্রতিনিধি:** আর ক'দিন পরেই বড়দিন, আর বড়দিন মানেই তো কেক খাওয়া। জাতি ধর্ম নির্বিশেষে সকলে আমরা এই উৎসব পালন করি। এই সময় কেকের ব্যবসা জমজমাট। তবে কেক খাওয়া এখন শুধু আর বড়দিনে আটকে নেই। জন্মদিন, বিবাহবার্ষিকী, বিয়ে— প্রায় সব অনুষ্ঠানেই কেক কাটা প্রথা হয়ে দাঁড়িয়েছে। বেড়েছে ভিন্ন স্বাদের ও আকারের কেকের চাহিদা। সবচেয়ে লক্ষণীয়, পরিচিত দোকানের পাশাপাশি পাল্লা দিয়ে বেড়েছে হোমমেড কেকের ব্যবসা। কেক তৈরির প্রশিক্ষণ নিয়ে ঘরে বসেই করা যায় এই ব্যবসা। কেক তৈরি করার পদ্ধতি জানা যায় বিভিন্ন বই বা ইন্টারনেটের দৌলতে। কিন্তু হাতেকলমে শিখে নেওয়াটা জরুরি। না হলে ব্যবসায়িক ভিত্তিতে কাজ শুরু করা যাবে না। আমাদের রাজ্যে এমন অনেক কেক প্রস্তুতকারক আছেন যাঁরা এই প্রশিক্ষণ দিয়ে থাকেন। ঘরোয়া পরিবেশে, স্বল্প খরচের মধ্যে। সবরকম বয়সিরা এই প্রশিক্ষণ নিতে পারেন।

## যাঁরা প্রশিক্ষণ দিয়ে থাকেন

***সিমনস কেক: শিবানী আইচ***

আসাম, সোদপুর ও সল্টলেক এই তিন জায়গায় নিজের বাড়িতে সিমন কেক-এর প্রতিষ্ঠাতা ও কেক প্রস্তুতকারক শিবানী আইচ কেক তৈরির প্রশিক্ষণ দিয়ে থাকেন। কখনও চার থেকে পাঁচজনকে নিয়ে, কখনও আবার দশ থেকে পনেরো জনকে নিয়ে ব্যাচ তৈরি হয়। বিভিন্ন স্বাদের ও আকারের কেকের জন্য বিভিন্ন ক্লাস। শিবানী বললেন, 'একদিনে একটি ধরনের ছ'রকমের কেক তৈরি শেখানো হয়। যেমন ধরুন, এগলেস কেকের ছ'টা ধরন বা ছ'রকমের পেস্ট্রি। এছাড়া বিভিন্ন রকমের ক্রিম তৈরি, কেক সাজানোর পদ্ধতি ইত্যাদি শেখানো হয়। যাঁরা একটু অ্যাডভান্স কোর্স করতে চান যেমন, তিন বা চার লেয়ার ডেকোরেটিভ কেক, তাও শেখানো হয়। আমার অধিকাংশ ছাত্রী এখন হোমমেড কেকের ব্যবসা করছেন। প্রয়োজন মতো তাঁরা আমার থেকে ফোন করে টিপসও নেন। এই পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে দিয়ে থাকি। তাঁদের ব্যবসার অগ্রগতির জন্য আমি তাঁদের পাশে আছি।' কেকের পাশাপাশি শিবানী শেখান বিভিন্ন ধরনের ব্রেড এবং পিৎজা তৈরি।

মাথাপিছু প্রতিদিন প্রশিক্ষণের খরচ ১,৪০০ টাকা থেকে ২,০০০ টাকা। তবে তিন বা চার লেয়ার ডেকোরেটিভ কেক তৈরি শেখার জন্য চার্জ বেশি। এই খরচের মধ্যে কেকের সব উপকরণ অন্তর্ভুক্ত। সময় দুপুর ১২টা থেকে বিকেল ৫টা।

**যোগাযোগ:** শিবানী আইচ ☎৯৪৩৩৫-৮৪৩৩৫। ২ নং বিবেকানন্দ কলোনি, রামকৃষ্ণ পল্লি, পানিহাটি, ওয়েস্ট বেঙ্গল-৭০০ ১১৪

***বর্ষা ডেজার্টস অ্যান্ড কেক ক্লাসেস: বর্ষা দেওয়ানি***

নিউ আলিপুরে নিজের বাড়িতে কেক ও বিভিন্ন ধরনের ডেজার্ট তৈরি শেখান বর্ষা। এখানে তিনদিনের ক্লাসে দু'দিন হাতেকলমে শেখানো হয়। কেক তৈরির পদ্ধতি লিখে দেওয়া হয়। শেষ দিন ছাত্রছাত্রীরা নিজে কেক বানাতে পারছে কিনা তার পরীক্ষা হয়। প্রতি ব্যাচে ছয় থেকে আটজন থাকে। তিনদিনের খরচ ৫,০০০ টাকা। এই খরচের মধ্যে দুপুরের খাবার ও কেকের সব উপকরণ অন্তর্ভুক্ত। ক্লাসের সময় দুপুর ১টা থেকে

*এরপর পনেরোর পাতায়*



**কেক খাওয়া এখন শুধু আর বড়দিনে আটকে নেই। জন্মদিন, বিবাহবার্ষিকী, বিয়ে— প্রায় সব অনুষ্ঠানেই কেক কাটা প্রথা হয়ে দাঁড়িয়েছে। বেড়েছে ভিন্ন স্বাদের ও আকারের কেকের চাহিদা।**

# বিজ্ঞান ও প্রযুক্তি গবেষণায় এগিয়ে দেবে জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট

**মৌলিক বিজ্ঞান বা ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি পাওয়ার পর গবেষণার সুযোগ আছে দেশের খ্যাতনামা শিক্ষাপ্রতিষ্ঠানে। এর জন্য উত্তীর্ণ হতে হয় জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট বা জেস্ট। পরীক্ষা ১৬ ফেব্রুয়ারি। আবেদন করতে পারেন এখনই।**



**নিজস্ব প্রতিনিধি:** বিজ্ঞান শাখায় স্নাতক কোর্স অথবা ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ডিগ্রি কোর্স পড়ছেন, এমন ছাত্রছাত্রীরা উচ্চতর গবেষণায় যেতে চাইলে দিতে পারেন জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট বা জেস্ট। কেন্দ্রীয় সরকারের অধীনস্থ সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং রিসার্চ বোর্ড এই পরীক্ষাটিকে নেট পরীক্ষার সমতুল বলে ঘোষণা করেছে। অঙ্ক, ফিজিক্স, অপটিক্স-সহ বিজ্ঞানের নানা শাখায় স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশের পরেও এই পরীক্ষা দিয়ে পি এইচ ডি করার সুযোগ আছে।

জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্টে প্রাপ্ত স্কোরের ভিত্তিতে দেশের প্রথম সারির ৩২টি বিজ্ঞান-গবেষণা কেন্দ্রে বিশিষ্ট বিজ্ঞানী ও অধ্যাপকদের সংস্পর্শে থেকে পড়াশোনা ও গবেষণার সুযোগ পাওয়া যাবে। এই শিক্ষাপ্রতিষ্ঠানগুলির মধ্যে উল্লেখযোগ্য— কলকাতার বোস ইনস্টিটিউট, হোমি ভাবা ন্যাশনাল ইনস্টিটিউট, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্স, ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ, ন্যাশনাল ব্রেন রিসার্চ সেন্টার প্রভৃতি।

যাঁরা ইঞ্জিনিয়ারিং এবং মৌলিক বিজ্ঞানের বিভিন্ন শাখায় স্নাতক ও স্নাতকোত্তর স্তরে পড়াশোনা করছেন তাঁরা এই পরীক্ষায় বসার জন্য আবেদন করতে পারেন এখনই। ২০২০ সালের জেস্ট পরীক্ষা ১৬ ফেব্রুয়ারি, রবিবার। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে। এই পরীক্ষায় প্রাপ্ত স্কোর বৈধ থাকবে এক বছরের জন্য। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৪ ডিসেম্বর।

## কেন দেবেন জেস্ট

বিজ্ঞান ও প্রযুক্তি-সংক্রান্ত গবেষণায় পৃথিবীর অগ্রগণ্য দেশগুলির অন্যতম ভারত। তথ্য বলছে, ২০১৯-২০ অর্থবর্ষে কেন্দ্রীয় বাজেটে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রকের জন্য বরাদ্দ করা হয়েছে ৫,৮৮০ কোটি টাকা। এছাড়াও রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট ক্ষেত্রে খরচ ধরা হয়েছে প্রায় ৯,৪০০ কোটি টাকা, যা ২০১৮-র তুলনায় ৮০০ কোটি টাকা বেশি। ফলে এই মুহূর্তে দেশে বিজ্ঞান ও প্রযুক্তি সংক্রান্ত গবেষণার সুযোগ এবং পরিসর— দুই-ই অনেকটা বেশি। জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্টে (সংক্ষেপে জে ই এস টি বা জেস্ট) সফল হলে ফিজিক্স, থিওরেটিক্যাল কম্পিউটার সায়েন্স, নিউরোসায়েন্স ও কম্পিউটেশনাল বায়োলজি বিষয়ে গবেষণার সুযোগ পাবেন। যদিও এই পরীক্ষায় উত্তীর্ণ হলেই নিজের পছন্দের কোর্সে ভর্তি সুনিশ্চিত নয়। কারণ, জেস্ট পরীক্ষায় সফলদের মধ্য থেকে নিজস্ব নিয়মকানুন মেনেই প্রার্থী বাছাই করে থাকে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান। বেশিরভাগ ক্ষেত্রেই প্রার্থীদের বেছে নেওয়া হয় ইন্টারভিউয়ের মাধ্যমে।

## কারা পড়বেন

জেস্টে সফল প্রার্থীরা ভর্তি হতে পারেন ইন্টিগ্রেটেড এম এসসি-পি এইচ ডি, ইন্টিগ্রেটেড এম টেক-পি এইচ ডি, এম এসসি এবং সরাসরি পি এইচ ডি কোর্সে। এম এসসি এবং ইন্টিগ্রেটেড কোর্সগুলিতে ভর্তি হওয়া যায় স্নাতকস্তরের পরই। পি এইচ ডি কোর্সে ভর্তির জন্য এই পরীক্ষা দেওয়া যায় মাস্টার ডিগ্রির পর। তবে উভয় ক্ষেত্রেই ফাইনাল

*এরপর চোদ্দোর পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# সোশ্যাল সায়েন্স নিয়ে পড়াশোনা



**সোশ্যাল সায়েন্সের স্নাতক কোর্সে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস। আবেদন করতে হবে এখনই। আগামী শিক্ষাবর্ষে ভর্তির প্রবেশিকা পরীক্ষা ২৫ এপ্রিল।**

**নিজস্ব প্রতিনিধি:** সমাজের নানা ক্ষেত্রে অনেক উন্নতি হলেও এখনও রয়ে গিয়েছে কিছু অন্ধকার প্রকোষ্ঠ। এখনও দারিদ্র্যসীমার নীচে বসবাস করেন সমাজের একটা বড় অংশের মানুষ। ধর্ম, অন্ধবিশ্বাস, গাত্রবর্ণের কারণে বৈষম্যের ঘটনা ঘটে অহরহ, ঘরোয়া হিংসার বলি হন মেয়েরা, পাচারের শিকারও সবচেয়ে বেশি হন তাঁরা এবং শিশুরা, মাদকচক্রের কবলে পড়ে কত মানুষের ভবিষ্যৎ নষ্ট হয়ে যায় কৈশোরে বা তারুণ্যে।

সামাজিক বিকাশ সেটাই, যখন সমাজের প্রতিটি অংশে সমান ভাবে পৌঁছয় উন্নয়নের আলো। সমাজের যে অংশ পিছিয়ে আছে বা দুর্বল, সেই অংশগুলোকে জোরদার করে সমাজের সার্বিক উন্নয়নই সোশ্যাল সায়েন্সের লক্ষ্য। কেবল স্বেচ্ছাসেবী সংগঠনগুলিই নয়, কেন্দ্র এবং রাজ্য সরকারগুলিও সামাজিক উন্নয়নের লক্ষ্যে সারা বছর ধরেই নানা প্রকল্প চালায়। কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি অ্যাক্ট অনুযায়ী সামাজিক কাজের দায়িত্ব এসে পড়ায় কর্পোরেট সংস্থাও সামাজিক উন্নয়নের কাজে অংশ নিয়েছে।

সামাজিক কাজকে পেশা হিসেবে নিতে চাইলে পড়তে পারেন সোশ্যাল সায়েন্স।

সোশ্যাল সায়েন্সের স্নাতকস্তরে ভর্তি নিচ্ছে টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস।

## কী পড়বেন

টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের হায়দ্রাবাদ, গুয়াহাটি ও তুলজাপুর ক্যাম্পাসে স্নাতকস্তরে সোশ্যাল সায়েন্সের কোর্স পড়ানো হয়। প্রতিটি ক্যাম্পাসে ৬০ টি করে মোট ১৮০টি আসন রয়েছে।

তিন বছরের কোর্স। প্রথম দু'বছরে পড়ানো হয় সমাজবিদ্যা, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইতিহাস এবং মনস্তত্ত্ব। তৃতীয় বছরে পড়ানো হয় বিভিন্ন ইন্টারডিসিপ্লিনারি বিষয় যেমন, এনভায়রনমেন্ট, ডেভেলপমেন্ট এবং জেন্ডার-ভিত্তিক বিষয়। এর সঙ্গে অঙ্ক, জীববিদ্যা, পদার্থ ও রসায়ন, ভাষা, সাহিত্য, প্রয়োগমূলক রাশিবিজ্ঞান এবং রিসার্চ মেথোডলজিও পড়ানো হয়।

## কারা পড়বেন

যে কোনও শাখায় উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ করলে আবেদন করা যাবে। বয়স থাকতে হবে ২৩ বছরের মধ্যে।

## প্রবেশিকা পরীক্ষা

প্রার্থী বাছাই করা হবে একটি সর্বভারতীয় অনলাইন পরীক্ষার মাধ্যমে। পরীক্ষাটির নাম টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেস ব্যাচেলর অব আর্টস এন্ট্রান্স টেস্ট বা সংক্ষেপে টি আই এস এস বি এ টি। দেশের মধ্যে কলকাতা-সহ ২১টি শহরে পরীক্ষাকেন্দ্র থাকবে। প্রবেশিকা পরীক্ষা হবে ২৫ এপ্রিল দুপুর ২টো থেকে ৪টে।

মোট ১০০ নম্বরের পরীক্ষা। সময় ৯০ মিনিট। পার্ট-এ এবং পার্ট-বি এই দু'টি ভাগে পরীক্ষা হবে। পার্ট-এ পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস প্রশ্ন আসবে কারেন্ট অ্যাফেয়ার্স, সোশ্যাল অ্যাওয়্যারনেস এবং লজিক্যাল ও অ্যানালিটিক্যাল রিজনিং বিষয়ে। মোট নম্বর ৬০।

পার্ট বি-তে ইংরেজিতে বর্ণনাধর্মী প্রশ্নের উত্তর দিতে হবে।

## কীভাবে ভর্তি

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে http://admissions.tiss.edu/ প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদন করা যাবে ৫ ডিসেম্বর থেকে ২৩ মার্চ পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। অনলাইন আবেদন সংক্রান্ত কোনও অসুবিধায় যোগাযোগ করতে পারেন এই নম্বরে (০২২) ২৫৫২-৫২৫২।

## কাজের সুযোগ

টাটা ইনস্টিটিউট অব সোশ্যাল সায়েন্সেসের বিভাগীয় অধ্যাপক ড. প্রশান্ত কেশরবাণী 'কর্মক্ষেত্র'কে জানালেন, প্রতি বছরই সারা দেশ থেকে বিভিন্ন সংস্থা এই প্রতিষ্ঠানে আসে ক্যাম্পাস ইন্টারভিউ নিতে। সংস্থাগুলির মধ্যে অন্যতম সিমেন্স, ওলা, ফ্লিপকার্ট, এশিয়ান পেইন্টস, টাটা, ভারত পেট্রোলিয়াম, মাহিন্দ্রা অ্যান্ড মাহিন্দ্রা, উইপ্রো। চাকরির সুযোগ রয়েছে দেশি-বিদেশি সমাজসেবামূলক প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেট সংস্থার কর্পোরেট সোশ্যাল রেসপন্সিবিলিটি বিভাগেও।

# জয়েন্ট এন্ট্রান্স স্ক্রিনিং টেস্ট

*তেরোর পাতার পর*

ইয়ারের ছাত্রছাত্রীরাও দিতে পারেন এই পরীক্ষা। যাঁরা পি এইচ ডি কোর্সে সুযোগ পাবেন তাঁরা প্রত্যেকেই ফেলোশিপ পাবেন। ফেলোশিপের পরিমাণ কোর্স ভেদে বিভিন্ন হয়ে থাকে। ফেলোশিপ ছাড়াও বইপত্র এবং গবেষণার আনুষঙ্গিক যন্ত্রপাতি কেনার জন্য আর্থিক সহায়তা পাওয়া যায়।

## কোর্স অনুসারে ভর্তি

বিষয় ও কোর্স অনুসারে বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে যে-শিক্ষাগত যোগ্যতা প্রয়োজন তা এরকম—

**ফিজিক্সে ইন্টিগ্রেটেড এম এসসি/এম টেক-পি এইচ ডি প্রোগ্রাম**

- ফিজিক্স বা ম্যাথমেটিক্সে বি এসসি করে এবং জেস্ট উত্তীর্ণ হলে ভর্তির সুযোগ আছে কলকাতার সত্যেন্দ্রনাথ বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সায়েন্সেসে।
- ফিজিক্সে স্নাতক ডিগ্রিধারী এবং জেস্ট উত্তীর্ণ হলে ভর্তির সুযোগ মিলতে পারে এই সব শিক্ষাপ্রতিষ্ঠানে— দ্য ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, চেন্নাই। ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ, পুনে। ইন্টারন্যাশনাল সেন্টার ফর থিওরেটিক্যাল সায়েন্সেস, বেঙ্গালুরু। ন্যাশনাল সেন্টার ফর রেডিও অ্যাস্ট্রোফিজিক্স, পুনে। টি আই এফ আর-সেন্টার ফর ইন্টারডিসিপ্লিনারি সায়েন্সেস, হায়দরাবাদ।
- ফিজিক্স বা ম্যাথমেটিক্সে বি এসসি অথবা ইলেক্ট্রিক্যাল বা ইনস্ট্রুমেন্টেশন বা ইঞ্জিনিয়ারিং ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনস বা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বা অপটিক্স অ্যান্ড ফোটোনিক্স-এর মধ্যে যে-কোনও একটি বিষয়ের বি ই বা বি টেক এবং একই সঙ্গে জেস্ট উত্তীর্ণরা এই কোর্সে ভর্তির সুযোগ পান বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্সে।
- ফিজিক্সে বি এসসি অথবা ইঞ্জিনিয়ারিং ফিজিক্সে বি ই বা বি টেক ডিগ্রিধারীরা জেস্ট উত্তীর্ণ হলে ভর্তির সুযোগ পাবেন ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে। স্নাতকস্তরে ৬০ শতাংশ নম্বর প্রয়োজন।
- ফিজিক্স বা ম্যাথমেটিক্সে বি এসসি অথবা যে-কোনও শাখার বি ই বা বি টেক ডিগ্রি থাকলে এবং জেস্ট উত্তীর্ণ হলে এই কোর্স পড়ার সুযোগ পাওয়া যেতে পারে কলকাতার বোস ইনস্টিটিউটে।

**পদার্থবিদ্যা ও সংশ্লিষ্ট শাখায় পি এইচ ডি প্রোগ্রাম**

- ইঞ্জিনিয়ারিং ফিজিক্সে বি টেক ডিগ্রি আর জেস্ট উত্তীর্ণ হলে টাটা ইনস্টিটিউট অব ফান্ডামেন্টাল রিসার্চে ভর্তির সুযোগ মিলতে পারে।
- ফিজিক্স বা ইঞ্জিনিয়ারিং ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্সে স্নাতকোত্তর ডিগ্রিধারীরা জেস্ট উত্তীর্ণ হলে এই কোর্সে সুযোগ পেতে পারেন গান্ধিনগরের ইনস্টিটিউট ফর প্লাজমা রিসার্চে।
- ম্যাথমেটিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্স বা অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স বা অপটিক্স অ্যান্ড ফোটোনিক্স বা ইনস্ট্রুমেন্টেশন বা ইলেক্ট্রনিক্সের মধ্যে যে-কোনও একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে এবং জেস্ট উত্তীর্ণ হলে বেঙ্গালুরুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্সে পি এইচ ডি কোর্সে ভর্তির সুযোগ পেতে পারেন।
- ফিজিক্স বা ইলেক্ট্রনিক্স বা অ্যাস্ট্রোনমি বা অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্সে স্নাতকোত্তর ডিগ্রিধারীরা জেস্ট উত্তীর্ণ হলে ভর্তি হতে পারেন পুনের ইন্টার-ইউনিভার্সিটি সেন্টার ফর অ্যাস্ট্রনমি অ্যান্ড অ্যাস্ট্রোফিজিক্সে।
- ফিজিক্স বা কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স বা বায়োফিজিক্স বা বায়োকেমিস্ট্রিতে এম এসসি ডিগ্রিধারী এবং জেস্ট উত্তীর্ণ হলে কলকাতার সত্যেন্দ্রনাথ বোস ন্যাশনাল সেন্টার ফর বেসিক সায়েন্সেসে পি এইচ ডি কোর্সে ভর্তি হওয়া যায়।
- অ্যাপ্লায়েড ফিজিক্সে এম ই বা এম টেক ডিগ্রিধারীরা সুযোগ পেতে পারেন ভুবনেশ্বরের ন্যাশনাল ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে ভর্তি হওয়ার। জেস্ট-এ উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**থিওরেটিক্যাল কম্পিউটার সায়েন্সের পি এইচ ডি কোর্স**

- কম্পিউটার সায়েন্স বা সমতুল বিষয়ে এম এসসি বা এম ই বা এম টেক ডিগ্রি থাকলে এবং জেস্ট উত্তীর্ণ হলে সুযোগ পেতে পারেন এই কোর্সে চেন্নাইয়ের দ্য ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সেসে ভর্তি হওয়ার। কম্পিউটার সায়েন্সের গাণিতিক দিকগুলির বিষয়ে আগ্রহ থাকতে হবে।

**থিওরেটিক্যাল কম্পিউটার সায়েন্সের ইন্টিগ্রেটেড পি এইচ ডি কোর্স**

- কম্পিউটার সায়েন্স বা সমতুল শাখায় বি এসসি বা বি ই বা বি টেক অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি এবং জেস্ট উত্তীর্ণ হলে এই কোর্সে চেন্নাইয়ের দ্য ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সেসে ভর্তির সুযোগ পেতে পারেন। কম্পিউটার সায়েন্সের গাণিতিক দিকগুলির বিষয়ে আগ্রহ থাকতে হবে।

**নিউরোসায়েন্সে পি এইচ ডি কোর্স**

- ফিজিক্স বা ম্যাথমেটিক্সে এম এসসি বা কম্পিউটার সায়েন্সে বি ই বা বি টেক অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনের স্নাতকোত্তর ডিগ্রিধারীরা জেস্ট উত্তীর্ণ হলে এই কোর্সে ভর্তির সুযোগ পাবেন ন্যাশনাল ব্রেন রিসার্চ সেন্টারে।

**কম্পিউটেশনাল বায়োলজিতে পি এইচ ডি কোর্স**

- বিজ্ঞানের যে-কোনও শাখায় এম এসসি বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় এম ই বা এম টেক অথবা কম্পিউটার অ্যাপ্লিকেশনে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে এবং জেস্ট উত্তীর্ণ হলে এই কোর্স পড়তে পারেন দ্য ইনস্টিটিউট অব ম্যাথমেটিক্যাল সায়েন্সেসে। জীববিদ্যা-সংক্রান্ত বিষয়ে আগ্রহ থাকতে হবে।

**ইন্টিগ্রেটেড এম টেক-পি এইচ ডি প্রোগ্রাম**

- ফিজিক্স বা অ্যাপ্লায়েড ফিজিক্সে এম এসসি অথবা অপটিক্স অ্যান্ড অপ্টোইলেক্ট্রনিক্স বা রেডিও ফিজিক্স বা ইলেক্ট্রনিক্সে পোস্ট-বি এসসি (অনার্স) করে জেস্ট উত্তীর্ণ হয়ে থাকলে ভর্তির সুযোগ পেতে পারেন ইন্ডিয়ান ইনস্টিটিউট অব অ্যাস্ট্রোফিজিক্সে।

**ইন্টিগ্রেটেড পি এইচ ডি প্রোগ্রাম**

- ফিজিক্সে বি এসসি বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় বি ই বা বি টেকরা জেস্ট উত্তীর্ণ হলে ভর্তির সুযোগ পেতে পারেন তিরুবঅনন্তপুরমের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চে।

**এম এসসি কোর্স**

- ফিজিক্সে বি এসসি বা ইঞ্জিনিয়ারিংয়ের যে-কোনও শাখায় বি ই বা বি টেক ডিগ্রিধারীরা হরিশচন্দ্র রিসার্চ ইনস্টিটিউটে এম এসসি কোর্সে ভর্তির সুযোগ পেতে পারেন। অবশ্যই জেস্ট উত্তীর্ণ হতে হবে।

## পরীক্ষার ধরন

পরীক্ষা নেওয়া হয় তিনটি পার্টে। পার্ট এ-তে ১৫টি, পার্ট বি-তে ১০টি এবং পার্ট-সি-তে ২৫টি প্রশ্ন থাকে। পার্ট এ এবং বি-তে প্রতিটি প্রশ্নের মান ৩। পার্ট সি-তে প্রশ্নের মান ১। প্রতিটি ভুল উত্তরের জন্য নেগেটিভ মার্কিং আছে।

পরীক্ষা নেওয়া হয় ফিজিক্স এবং থিওরেটিক্যাল কম্পিউটার সায়েন্সে। প্রার্থীরা যে-কোনও একটি বিষয়েই পরীক্ষা দিতে পারবেন। ফিজিক্সের ক্ষেত্রে প্রশ্ন হয় এইসব বিষয়ে: ম্যাথমেটিক্যাল মেথডস, ক্ল্যাসিক্যাল মেকানিক্স, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রোম্যাগনেটিজম অ্যান্ড অপটিক্স, ক্ল্যাসিক্যাল মেকানিক্স, থার্মোডায়নামিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্যাল ফিজিক্স। থিওরেটিক্যাল কম্পিউটার সায়েন্সের ক্ষেত্রে প্রশ্ন করা হয় এই সব বিষয়ে: অ্যানালিটিক্যাল রিজনিং অ্যান্ড ডিডাকশন, কম্বিনেটোরিক্স, ডেটা স্ট্রাকচার অ্যান্ড অ্যালগরিদমস, ডিসক্রিট ম্যাথমেটিক্স, প্রিন্সিপালস অব প্রোগ্রামিং, গ্রাফ থিওরি। পরীক্ষার প্রশ্নের ধরন ও নমুনা পাবেন এই ওয়েবসাইটে: www.jest.org.in

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল: কলকাতা, খড়্গপুর এবং শিলিগুড়ি।

## কী ভাবে আবেদন

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jest.org.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের শেষ তারিখ ১৪ ডিসেম্বর। অনলাইন আবেদনের সময় আপলোড করবেন জেপেগ ফর্ম্যাটে স্ক্যান করা প্রার্থীর পাসপোর্ট মাপের ফটো এবং সই (উভয়ই ৫০ কেবি সাইজের মধ্যে)। ফি বাবদ দিতে হবে ৪০০ টাকা (তফসিলি এবং মহিলা প্রার্থীদের ক্ষেত্রে ২০০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। অনলাইনে ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন।

অনলাইনে আবেদনপত্র যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা আবেদনপত্রের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। অনলাইনে আবেদনপত্র সাবমিটের পর প্রার্থীর রেজিস্টার্ড ই-মেল আই ডি-তে একটি ই-মেল আসবে। এটি অবশ্যই কম্পিউটারে সেভ করে রাখবেন। পরে কাজে লাগবে।

২০ জানুয়ারি (সম্ভাব্য) থেকে পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করা যাবে এই ওয়েবসাইট থেকে: www.jest.org.in

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# নিখরচায় জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ

*নয়ের পাতার পর*



গঙ্গোপাধ্যায় জানালেন, 'আমাদের এই প্রতিষ্ঠানে মুরগি, টার্কি ও কোয়েল চাষে ১৫ দিনের একটি প্রশিক্ষণ দেওয়া হয় সম্পূর্ণ বিনামূল্যে।' সুন্দরবনের মহিলাদের স্বনির্ভর করতে জাপানি কোয়েল চাষের প্রশিক্ষণ দিয়েছিল ব্যাঘ্র প্রকল্প দফতর। অন্যদিকে, বর্ধমানের চিকিৎসক সৌমেন সিংহরায় ও অস্থিরোগ চিকিৎসক সুচিন্দ্রম পাত্র তাঁদের বাড়িতে জাপানি কোয়েল চাষ শুরু করেছেন। এই দুই ডাক্তারবাবুই মনে করেন, জাপানি কোয়েলের মাংস ও ডিম শরীরের পক্ষে ভালো। তাই জাপানি কোয়েলের চাষের ব্যাপারে উৎসাহীদের এঁরা প্রযুক্তি ও পরামর্শ দিয়ে সাহায্য করেন।

## জাপানি কোয়েল চাষে ঝুঁকি কম

এই পাখি চাষের ঝুঁকিও কম। মুরগির মতো কোনও টিকা দিতে হয় না। নিজস্ব রোগ প্রতিরোধ ক্ষমতা এদের বেশি। অল্প পুঁজি বিনিয়োগ করে অল্প দিনে বেশি লাভ করা যায়। পশ্চিমবঙ্গের আবহাওয়া এই পাখির চাষের উপযুক্ত।

মোটামুটি ৮০ হাজার থেকে এক লক্ষ টাকা হলেই শেড, ব্রুডার, লোহা ও তারের খাঁচা সহ ৫০০টি পাখি দিয়ে এই ব্যবসা শুরু করা যায়। ছ'সপ্তাহ পর থেকেই উৎপাদন শুরু হলে পর্যায়ক্রমে তা বাড়তে থাকবে। ছ'সপ্তাহ পর থেকেই বাজারে বিক্রির জন্য উপযুক্ত হবে জাপানি কোয়েল, মাংসর জন্য।

## জাপানি কোয়েল পালন

পৃথিবীতে ১৭-১৮ জাতের কোয়েল আছে। তার মধ্যে জাপানি কোয়েল চাষ করা হয়। মাথায় রাখবেন, বুনো কোয়েল বা তিতির প্রতিপালন নিষিদ্ধ।

জাপানি কোয়েল দ্রুত বাড়ে। একটি ব্রয়লার মুরগির জায়গায় আট-দশটা এই পাখি পালন করা যায়। পূর্ণ মাপের পাখি হতে সময় লাগে ছয় থেকে সাত সপ্তাহ। সেই সময় ওজন হয় ২০০ গ্রাম। তার পরেই ডিম দেবে। এক একটি ডিমের ওজন ১০ গ্রাম। ১৮ দিন লাগে ডিম ফোটাতে। বছরে ২৫০-২৬০টি ডিম পাড়ে একটি কোয়েল পাখি। প্রথম বছরে ২৮০ থেকে ৩০০ ডিম মিলবে। তারপর ডিমের পরিমাণ কিছুটা কমে আসবে। এই কোয়েল ছয় সপ্তাহ পরেই মাংস হিসেবে বিক্রি করা হয় বাজারে।

## বাসস্থান

জাপানি কোয়েলের সদ্যোজাত বাচ্চার ওজন হয় মাত্র পাঁচ থেকে সাত গ্রাম। প্রতিপালনের ক্ষেত্রে এ সময়টাই সবচেয়ে জরুরি। খাঁচা বা ডিপ লিটার দু'ভাবেই কোয়েল চাষ করা যায়। একদিনের থেকে তিন সপ্তাহ পর্যন্ত কোয়েল বাচ্চা খাঁচার প্রতি বর্গফুটে ১০-১২টি এবং ডিপ লিটারে ৮-১০টি রাখা যায়। চার থেকে ছ'সপ্তাহ পর্যন্ত প্রতি বর্গফুট খাঁচাতে ৬-৮টি বাচ্চা এবং ডিপ লিটারে ৩-৫টি বাচ্চা রাখা যাবে। ডিম নেওয়ার জন্য প্রাপ্তবয়স্ক (৭ সপ্তাহের উপর) কোয়েল খাঁচাতে প্রতি বর্গফুটে ৫-৬টি এবং ডিপ লিটারে ৩টি রাখা যাবে। প্রথম সপ্তাহে ব্রুডারে তাপমাত্রা ১০০ ডিগ্রি ফারেনহাইট-এর কাছাকাছি রাখা দরকার। এরপর প্রতি সপ্তাহে ১০° ফারেনহাইট করে তাপ কমাতে হবে। অর্থাৎ তিন সপ্তাহ বয়স হলে আমাদের আবহাওয়াতে তাপের আর প্রয়োজন হয় না। খাঁচাতে বা ডিপ লিটারে বাল্ব ব্যবহার করেও এই তাপ ও আলোর ব্যবস্থা করা যায়। স্ত্রী কোয়েল এবং পুরুষ কোয়েল পৃথকভাবে রাখা উচিত। শুধুমাত্র ডিম ফোটানোর জন্য স্ত্রী এবং পুরুষ কোয়েল একত্রে রাখা হয়।

তুষ, কাঠের গুঁড়ো ইত্যাদি দিয়ে এই কোয়েলের লিটার হিসেবে মেঝেতে ব্যবহার করা যায়। ডিপ লিটার পদ্ধতিতে মেঝেতে প্রথমে দুই থেকে তিন ইঞ্চি পুরু তুষ বিছিয়ে দিতে হবে এবং লক্ষ রাখতে হবে যেন লিটার ভেজা না থাকে। লিটার শুকনো এবং জীবাণুমুক্ত রাখার জন্য এর মধ্যে চুন মিশিয়ে দিতে হবে। ব্রুডিংয়ের সময় সাত-দশ দিন পর্যন্ত খাঁচাতে বা লিটারের উপর চট বা করোগেটেড কাগজ পেতে দিতে হবে যাতে বাচ্চা পা হড়কে খোঁড়া না হয়।

## খাবার ও জল

জাপানি কোয়েলের খাবার খুবই কম লাগে। একটি পরিণত পাখির জন্য খাবার লাগে প্রতিদিন ২৫-৩০ গ্রাম মতো। তবে ডিম পাড়া কোয়েলের প্রতি কেজি খাবারে ২.৫-৩.০ শতাংশ ক্যালসিয়াম থাকতে হবে। ডিমের উৎপাদন ধরে রাখার জন্য গ্রীষ্মকালে ৩.৫ শতাংশ ক্যালসিয়াম খাবারে মিশিয়ে দিতে হবে। ব্রয়লার মুরগির মাংস সাধারণ কোয়েলের খাবার। স্টার্টার মাংসের সঙ্গে সয়াবিন পাউডার ও খনিজ লবণ ও ভিটামিন মিশিয়ে দিলে ভালো হয়। এছাড়া বাড়িতে বসেও ভুট্টা, সয়াবিন, বাদাম খোল, মাছের গুঁড়ো দিয়ে কোয়েলের খাবার বানানো যেতে পারে।

বাচ্চা থেকে প্রাপ্তবয়স্ক কোয়েল যাতে ঠিকমতো খাবার খায় সেদিকে লক্ষ রাখা জরুরি। বাচ্চা কোয়েলের জন্য ট্রে বা ছোট পাত্রে খাবার দিতে হবে। যার দৈর্ঘ্য ৫০ সেন্টিমিটার, প্রস্থ আট সেন্টিমিটার এবং উচ্চতা তিন সেন্টিমিটার হওয়া উচিত। সাধারণত প্রতি ২৮টি বাচ্চার জন্য একটি খাবার পাত্র থাকা উচিত এবং প্রতি ৩৪টি প্রাপ্তবয়স্ক কোয়েলের জন্য একটি পাত্র। প্রাপ্তবয়স্কদের পাত্রের মাপ হবে দৈর্ঘ্যে ৫৭ সেন্টিমিটার, প্রস্থে ১০ সেন্টিমিটার এবং উচ্চতায় চার সেন্টিমিটার। লক্ষ রাখা প্রয়োজন, যেন তাদের খাবার খেতে কোনওরকম অসুবিধা না হয়। সকালে এবং বিকেলে খাবার পাত্র ভালো করে পরিষ্কার করা উচিত। একটি কোয়েল জন্মাবার প্রথম সপ্তাহ থেকে পাঁচ গ্রাম করে খাবার দেওয়া শুরু করে প্রতি সপ্তাহে পাঁচ গ্রাম করে বাড়িয়ে ৩০ গ্রাম পর্যন্ত উঠিয়ে নিয়ন্ত্রণে রাখতে হবে। ৬ সপ্তাহ পর্যন্ত ১০০টি কোয়েলের জন্য ক্রমপুঞ্জিভূত খাবারের পরিমাণ ৬২ কেজি। প্রতিটি বয়স্ক জাপানি কোয়েলের জন্য ১.২৫-২.৫ সেন্টিমিটার খাবার পাত্রের জায়গা দিতে হবে।

খাবারের পাশাপাশি মাপ অনুযায়ী জল খাওয়ানোও জরুরি। জলের পাত্র যেন পরিষ্কার থাকে। জীবাণুমুক্ত জল দিতে হবে। প্রতিটি বয়স্ক কোয়েলের জন্য ০.৬ সেন্টিমিটার (১/৪ ইঞ্চি) জলের পাত্রের জায়গা দিতে হবে। প্রতি ৫০টা কোয়েলের জন্য একটি জলের পাত্র দেওয়া উচিত। ১/২ ইঞ্চি উচ্চতার কানাযুক্ত থালার উপর ২৫০-৫০০ মিলি জল ধরে এমন মগ উল্টো করে বসাতে হবে। মগের মুখের দিকে ১/৩ ইঞ্চি উপরে দু'-পাশে ফুটো থাকবে। মগ এবং থালার কানার মধ্যে ১/২ ইঞ্চির বেশি ফাঁক থাকলে চলবে না। ছোট বাচ্চা ডুবে বা ভিজে যেতে পারে।

## আলো

স্ত্রী কোয়েলের ডিম উৎপাদন বাড়ানোর জন্য দৈনিক ১৪-১৮ ঘণ্টা আলোর প্রয়োজন। শীতকালে জাপানি কোয়েল কৃত্রিমভাবে আলো জ্বালিয়ে ব্রুডার বা ইনকিউবেটরে রাখা উচিত। যে কোয়েলগুলো প্রজনন কাজে ব্যবহার করা হয় না এবং শুধু মাংস উৎপাদনের জন্য ব্যবহার করা হয় সেগুলোর জন্য দৈনিক আটঘণ্টা আলোই যথেষ্ট।



## চুক্তিবদ্ধ চাষিদের কাছ থেকে জাপানি কোয়েল আমরা কিনে নিই

**ডাঃ তাপস ঘোষ,** *ম্যানেজার, হরিণঘাটা মিট প্ল্যান্ট*

হরিণঘাটা মিট প্ল্যান্ট পশ্চিমবঙ্গ প্রাণীসম্পদ উন্নয়ন নিগমের একটি শাখা। রাজ্যের বিভিন্ন জায়গায় আমাদের দোকান আছে। এইবছরেই প্রায় দুই থেকে আড়াই টন জাপানি কোয়েলের মাংস বিক্রি হয়েছে। শীতকালে টার্কি ও জাপানি কোয়েলের মাংসের চাহিদা বেড়ে যায়। কোয়েলের মাংস ও ডিমে যেহেতু ফ্যাট ও কোলেস্টেরল কম, তাই স্বাস্থ্য সচেতন মানুষের কাছে জনপ্রিয় হয়েছে। এছাড়া ছোট পরিবারেও জাপানি কোয়েলের মাংস বেশ জনপ্রিয়। হরিণঘাটা মিট শপে দুটো প্রসেসড কোয়েলের দাম ১০০ টাকা। টালিগঞ্জের রাজ্য পোল্ট্রি ফার্ম ছাড়াও কোয়েল চাষিদের কাছ থেকে প্রতি কোয়েল ৩৫ টাকা দরে কেনা হয়। তারপরে সেটিকে প্রসেস করে বিক্রি করা হয়। যে কোনও জাপানি কোয়েল চাষি আমাদের কাছে বিক্রি করতে পারেন, কিন্তু তার জন্য নামমাত্র মূল্যে সল্টলেকের প্রাণীসম্পদ উন্নয়ন নিগমের হেড অফিসে গিয়ে রেজিস্ট্রেশন করাতে হবে। এই চুক্তির ফলে তিনি যেমন আমাদের কাছে কোয়েল বিক্রি করতে দায়বদ্ধ থাকবেন, তেমনই আমরাও তাঁর কাছ থেকে কিনতে দায়বদ্ধ থাকব। এই ব্যবস্থা হওয়ায় বহু মানুষ আমাদের সঙ্গে যোগাযোগ করছেন। স্টেট পোল্ট্রি ফার্ম-এ প্রশিক্ষণ দেওয়ার ব্যবস্থা আছে সম্পূর্ণ বিনামূল্যে। যেভাবে জাপানি কোয়েলের মাংস এবং ডিমের চাহিদা বাড়ছে আমরা আশা করছি কোয়েল প্রতিপালন করে অনেকেই স্বনির্ভর হয়েছেন এবং ভবিষ্যতেও হতে পারেন।

**রেজিস্ট্রেশনের জন্য যোগাযোগের ঠিকানা:** পশ্চিমবঙ্গ প্রাণীসম্পদ উন্নয়ন নিগম লিমিটেড, সল্টলেক, ব্লক এলবি-২, সেক্টর-থ্রি, কলকাতা-৭০০ ১০৬। টোল ফি নম্বর: ১৮০০৩৪৫৮২৪৩। ই-মেল: info@wbldc.in

# ঘরে তৈরি কেকের লাভজনক ব্যবসা

*তেরোর পাতার পর*

৫টা। 'আমিও এভাবে প্রশিক্ষণ নিয়ে কেক তৈরি শিখেছি। প্রথমে শুধু নিজের পরিবারের জন্য কেক তৈরি করতাম। পরে ধীরে ধীরে এটা আমার ব্যবসা হয়ে দাঁড়ায়। এখন হোমমেড কেকের চাহিদা অনেক বেশি। শুধু শীতকাল নয়, সারা বছর কেক তৈরির অর্ডার পাই। আমার অধিকাংশ ছাত্রছাত্রী কেক বানানো শিখে ভালো রোজগার করছে,' বললেন বর্ষা।

**যোগাযোগ:** বর্ষা দেওয়ানি ☎৯৮৩০৪-৬১২০১। বর্ষা ডিজাইনার কেক স্টুডিও, ৫৮-ডি, ব্লক ডি, শ্রী কুঞ্জ বিল্ডিং, ২য় তল, নিউ আলিপুর, কলকাতা-৭০০ ০৫৩

*হোমমেড কেকস অ্যান্ড বেকস: সায়ন্তনী মহাপাত্র*

রুবি হাসপাতালের কাছে আনন্দপুরে নিজের বাড়িতে কেক তৈরির প্রশিক্ষণ দেন সায়ন্তনী। দুটো কোর্স— বেসিক ও অ্যাডভান্স। ব্যাচ তৈরি হয় ছয় থেকে সাতজনকে নিয়ে। কেউ একা শিখতে চাইলেও সেই ব্যবস্থা আছে। 'বেসিক কোর্স একদিন ছ'ঘণ্টার ক্লাস। এখানে প্রধানত কেক বেকিংটাই শেখানো হয়। অ্যাডভান্স কোর্সে বিভিন্ন স্বাদের কেক তৈরি ও ডেকোরেশন শেখাই,' বললেন সায়ন্তনী। এখানে বেসিক কোর্সে খরচ ১,০০০-১,৫০০ টাকার মধ্যে। সময় দুপুর দুটো থেকে আটটা। অ্যাডভান্স কোর্সের জন্য দুটো দিন লাগে। প্রথম দিন সকাল ১০টা থেকে ৪টে, পরের দিন ৩টে অবধি। খরচ ২,৫০০ থেকে ৩,০০০ টাকা। কেক তৈরির উপকরণ এই খরচে অন্তর্ভুক্ত।

**যোগাযোগ:** সায়ন্তনী মহাপাত্র ☎৯০০৭০-৫৫৩৯৯। ৩৭২, হোসেনপুর, বিল্ডিং 'জিৎনোভা', কলকাতা-১০৭।

*পূজাস ডিজাইনার কেক: পূজা আহুজা*

শিলিগুড়ির সেবক রোডের পূজা আহুজা কেক তৈরির বেসিক থেকে অ্যাডভান্স সব ধরনের কোর্স করান। বেসিক কোর্সের মেয়াদ চার থেকে পাঁচদিন। প্রতিদিন দু' থেকে তিন ঘণ্টা করে সময়। এই চার-পাঁচ দিনে ১১ ধরনের কেক, সঙ্গে ক্রিম ও ডেকোরেশন শেখানো হয়। মাথাপিছু খরচ



৫,০০০ টাকা। 'আমার কাছে শুধু স্থানীয় লোক নয়, মালদা, কোচবিহার, নেপাল, আলিপুরদুয়ার, জলপাইগুড়ি ইত্যাদি জায়গা থেকে এসে কেক তৈরি শেখেন। তাঁদের চার-পাঁচদিনের কোর্সটা সময় বেশি দিয়ে দু'দিনে শেখাই। তাই অনেকেই সপ্তাহান্তে এসে কাজটা শিখে নিচ্ছেন। অনেকেই বেসিক করার পরে অ্যাডভান্স কোর্স করতে চান। কে কীরকম অ্যাডভান্স কোর্স করবে তার উপর নির্ভর করে সময় ও পারিশ্রমিক। আমি সব সময় উপকরণের মানের উপর জোর দিই। উপকরণ ভালো না হলে ব্যবসা দাঁড় করানো কঠিন। আমার বহু ছাত্রছাত্রী এখন সফল হোমমেড কেক সেলার,' বললেন পূজা।

**যোগাযোগ:** পূজা আহুজা ☎০৯৫৯৩২-০০৫১৪। নর্থ সিটি, সেবক রোড, ওয়ার্ড-৪৩, শিলিগুড়ি, ওয়েস্ট বেঙ্গল-৭৩৪ ০০১।

## কীভাবে শুরু করবেন

আপনি যে কেক তৈরি করে ব্যবসা করতে চান তা প্রাথমিকভাবে জানান, আপনার পরিচিত বন্ধুবান্ধবদের। ছবি সহ পোস্ট করুন সোশ্যাল মিডিয়ায়।



মনে রাখবেন, যে কোনও ব্যবসার জন্য ট্রেডমার্ক রেজিস্ট্রেশন করানো দরকার। ১০ বছরের রেজিস্ট্রেশনের জন্য খরচ পড়ে ৬,০০০ টাকা। FSSAI লাইসেন্স নিতে হবে। FSSAI Registration Portal-এ গিয়ে অনলাইনে আবেদন করতে পারেন। লাইসেন্সের জন্য কী কী তথ্য লাগবে তাও বলা আছে এখানে। যে কোনও খাবারের ব্যবসার মূল মন্ত্র পরিষ্কার-পরিচ্ছন্নতা। এক্ষেত্রেও লাইসেন্স পাওয়ার জন্য বিশেষভাবে দেখা হয় আপনি কতটা পরিচ্ছন্নভাবে ও উচ্চ মানের উপকরণ দিয়ে কেক তৈরি করছেন।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# জ্ঞান বিজ্ঞান



মধ্যপ্রদেশের শিবপুরি জাতীয় উদ্যান কোন প্রাণীর জন্য বিখ্যাত?
**উত্তর:** চিতাবাঘ ও চিতল হরিণ

- কোন আন্দোলন ব্যর্থ হওয়ার পর স্বরাজ দল গঠিত হয়েছিল?
**উত্তর:** অসহযোগ আন্দোলন
- সিংহাসনে আরোহণের সময় আকবরের কত বছর বয়স ছিল?
**উত্তর:** ১৩ বছর
- মোনাজাইট কীসের আকরিক?
**উত্তর:** থোরিয়াম
- ননস্টিক রান্নার বাসনে কীসের প্রলেপ দেওয়া হয়?
**উত্তর:** টেফলন
- রেডিয়াম কোন খনিজ থেকে পাওয়া যায়?
**উত্তর:** পিচব্লেন্ড
- অক্সিজেন ও ওজন হল পরস্পরের কী?
**উত্তর:** অ্যালোট্রপ
- ফোলিক অ্যাসিড কোন ভিটামিনের রাসায়নিক নাম?
**উত্তর:** ভিটামিন-B9
- কোষীয় বিকাশ নিয়ন্ত্রণকারী প্রধান কোষীয় অঙ্গাণুটি কী?
**উত্তর:** নিউক্লিয়াস
- মান্নান উপসাগর দ্বারা কোন দেশ ভারত থেকে পৃথক হয়েছে?
**উত্তর:** শ্রীলঙ্কা
- দক্ষিণ ভারতের দীর্ঘতম নদীর নাম কী?
**উত্তর:** গোদাবরী
- কোন পাথর মার্বেলে রূপান্তরিত হয়?
**উত্তর:** চুনাপাথর
- এপিকালচার কী উৎপাদনের বৈজ্ঞানিক বিধি?
**উত্তর:** মধু



নীরজ চোপড়া কোন ক্রীড়া ক্ষেত্রের সঙ্গে যুক্ত?
**উত্তর:** জ্যাভলিন থ্রো



ভারত স্বাধীনতা পাওয়ার সময় ব্রিটিশ প্রধানমন্ত্রী কে ছিলেন?
**উত্তর:** ক্লিমেন্ট এটলি

- সুন্দরবনকে কোন বৈশিষ্ট্যের জন্য ওয়ার্ল্ড হেরিটেজ সাইট রূপে স্বীকৃতি দেওয়া হয়েছে?
**উত্তর:** জীববৈচিত্রের জন্য
- কোন ভারতীয় সর্বপ্রথম ব্রিটিশ পার্লামেন্টের সদস্য মনোনীত হয়েছিলেন?
**উত্তর:** দাদাভাই নওরোজি
- বুদ্ধ কোথায় তাঁর বাণী প্রথম প্রচার করেছিলেন?
**উত্তর:** সারনাথ
- এলাহাবাদ প্রশস্তি কে রচনা করেছিলেন?
**উত্তর:** হরিষেণ
- 'পথের দাবি'-র লেখক কে ছিলেন?
**উত্তর:** শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
- ক্যাথোড রশ্মিতে কোন আধান থাকে?
**উত্তর:** ঋণাত্মক
- তড়িৎপ্রবাহ নির্ণায়ক যন্ত্রকে কী বলে?
**উত্তর:** অ্যামমিটার।
- ভারতের প্রথম পরীক্ষামূলক পারমাণবিক বিস্ফোরণ যখন ঘটানো হয় তখন ভারতের প্রধানমন্ত্রী কে ছিলেন?
**উত্তর:** ইন্দিরা গান্ধী
- কোন বনাঞ্চল ভারতের বনভূমির সবচেয়ে বেশি আয়তন অধিকার করে আছে?
**উত্তর:** ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী



ভারতে একটি সক্রিয় আগ্নেয়গিরি কী?
**উত্তর:** ব্যারেন



কুচিপুড়ি কোন রাজ্যের নৃত্য?
**উত্তর:** অন্ধ্রপ্রদেশ

- বর্তমান ভারত গ্রন্থটি কে রচনা করেছেন?
**উত্তর:** স্বামী বিবেকানন্দ
- সাফারি শব্দের আক্ষরিক অর্থ কী?
**উত্তর:** শিকারে যাওয়া
- ডিভাইন কমেডি গ্রন্থটির রচয়িতা কে?
**উত্তর:** দান্তে
- নর্মদা নদীর উৎপত্তিস্থল কোথায়?
**উত্তর:** অমরকন্টক
- 'আইন-ই-আকবরি' গ্রন্থটির লেখক কে?
**উত্তর:** আবুল ফজল
- একটি বস্তুর বেগ দ্বিগুণ হলে বস্তুটির গতিশক্তি কীরূপ হবে?
**উত্তর:** চারগুণ



মোতি মসজিদ কোন শহরে অবস্থিত?
**উত্তর:** আগ্রা

- কোন মাসে ভারতে দিনের দৈর্ঘ্য বেশি হয়?
**উত্তর:** জুন
- 'মেঘে ঢাকা তারা' চলচ্চিত্রটির পরিচালক কে?
**উত্তর:** ঋত্বিক ঘটক
- বৃক্কের গঠনগত ও কার্যগত একক কী?
**উত্তর:** নেফ্রন
- কোল গ্যাসের তাপ উৎপাদক গ্যাসগুলি কী কী?
**উত্তর:** $H_2$, CO এবং $C_6H_6$ বাষ্প

- সূর্যের অভ্যন্তরে অকল্পনীয় শক্তির উৎস কী?
**উত্তর:** নিউক্লীয় সংযোজন
- 'জাতীয় বননীতি' কোন সালে গৃহীত হয়?
**উত্তর:** ১৯৫২
- 'স্কুল বুক সোসাইটি' কে প্রতিষ্ঠা করেন?
**উত্তর:** উইলিয়াম জোনস
- 'ন্যাশনাল ভ্যাকসিনেশন ডে' কোন তারিখে পালন করা হয়?
**উত্তর:** ১৬ মার্চ
- কততম দেশ হিসেবে ইজরায়েল চন্দ্রপৃষ্ঠে ল্যান্ডার অবতরণের প্রয়াস করল?
**উত্তর:** চতুর্থ
- রক্ত জমাট বাঁধতে সাহায্য করে কোন ভিটামিন?
**উত্তর:** ভিটামিন-k



ভারতে এশীয় সিংহের বিচরণ ক্ষেত্র হিসেবে পরিচিত কোন অভয়ারণ্য?
**উত্তর:** গির অভয়ারণ্য

- ভারতের সর্বাধিক পতিত জমি কোন রাজ্যে রয়েছে?
**উত্তর:** রাজস্থান
- দেশভাগের সময় ভারতে কতগুলি সামন্ত রাজ্য ছিল?
**উত্তর:** ৫৬২
- স্টার্চ পরিপাক হয়ে অন্তিম পর্বে কীসে পরিণত হয়?
**উত্তর:** গ্লুকোজ
- কোন বিদেশি শাসক কোহিনুর হিরে লুঠ করে নিয়ে যান?
**উত্তর:** নাদির শাহ
- বক্সাইট থেকে যে ধাতুটি নিষ্কাশিত হয় সেটি কী?
**উত্তর:** অ্যালুমিনিয়াম
- খালসা প্রথার প্রবর্তক কে?
**উত্তর:** গুরু গোবিন্দ সিং
- মঙ্গল পাণ্ডে কোথায় সিপাহি বিদ্রোহের সূচনা করেন?
**উত্তর:** ব্যারাকপুরে
- 'Truth, Love and A Little Malice" বইটির লেখক কে?
**উত্তর:** খুসবন্ত সিং



নাথুলা পাস কোথায় অবস্থিত?
**উত্তর:** সিকিম হিমালয়ে

## জানার জানালা

### সম্বর হ্রদে অসংখ্য পাখির মৃত্যু



রাজস্থানের সম্বর হ্রদটি জীববৈচিত্রের দিক থেকে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। শীতে সেখানে হাজির হয় হাজার হাজার পরিযায়ী পাখি। কিন্তু নভেম্বরের মাঝামাঝি হ্রদে অসংখ্য পাখির মৃত্যু নিয়ে তৈরি হয়েছে গভীর উদ্বেগ। নভেম্বরের প্রথম দিক থেকেই পাখি মৃত্যুর ঘটনা নজরে আসছিল। ১৭ নভেম্বর সেই সংখ্যাটা বেড়ে দাঁড়িয়েছে প্রায় ১০ হাজারে। মৃতদের মধ্যে পরিযায়ী পাখির সংখ্যাই বেশি। পাখি মৃত্যুর কারণ হিসেবে নানা তত্ত্বই উঠে এসেছে। তবে মৃত পাখির দেহাংশের নমুনা দেখে বন-বিভাগের আধিকারিকদের অনুমান 'এভিয়ান বটুলিজম'-ই এর কারণ। বিষাক্ত কিছু তাদের পেটে যাওয়ার ফলেই ছড়াতে পারে এই মড়ক। বন বিভাগ ও পরিবেশ কর্মীরা একযোগে বাকি পাখিদের রক্ষা করার চেষ্টা চালাচ্ছেন।

### ইউরোপায় জলের অস্তিত্ব থাকার দাবি নাসার



বৃহস্পতি গ্রহের অন্যতম উপগ্রহ ইউরোপার পৃষ্ঠে বাষ্পের সন্ধান পেল নাসা। এর ফলে উপগ্রহটির কয়েক মাইল গভীর 'বরফের চাদরের তলায় সমুদ্র লুকিয়ে' থাকার তত্ত্বটি আরও জোরালো হল বলে মনে করছেন বিজ্ঞানীরা। ইতিমধ্যেই ইউরোপা সম্পর্কে আরও নানা নতুন তথ্য নাসার হাতে এসেছে বলে নাসা জানিয়েছে। সেই সঙ্গে ভবিষ্যতে এই উপগ্রহটি নিয়ে আরও গভীর অনুসন্ধান চালানোর পরিকল্পনার কথাও জানিয়েছে তারা।

### পরিব্রাজক বাঘ



হাঁটার রেকর্ড করতে বাঘেরাও যে পিছপা নয়, তা প্রমাণ করল মহারাষ্ট্র ও তেলেঙ্গানা এই দুই রাজ্যের অন্তত ৬টি জেলা চষে বেড়ানো দুটি বাঘ (সি১ ও কে৭)। চলতি বছরের ২৭ ফেব্রুয়ারি রেডিয়ো কলার পরানো হয়েছিল সি১ বাঘটিকে। মহারাষ্ট্রের টিপেশ্বর ওয়াইল্ড লাইফ স্যাঙ্কচুয়ারি থেকে নতুন 'ঘর'-এর খোঁজে বেরিয়ে পড়ে সে। ১০ নভেম্বর শেষ খবর পাওয়া পর্যন্ত সে হেঁটে ফেলেছে ১,১৬০ কিলোমিটার। আরেকটি বাঘ (কে৭), তারও অন্তত ৪৫০ কিলোমিটার পরিক্রমার খবর দিয়েছে বনদপ্তর। তেলেঙ্গানার কাগজনগর অঞ্চলের 'রেসিডেন্ট' বাঘিনি ফাল্গুনার শাবক কে৭ নিজের এলাকা ছেড়ে বেরিয়ে পড়ার পর ১১ সেপ্টেম্বর তার দেখা মেলে মহারাষ্ট্রের প্রাণহিতা ওয়াইল্ড লাইফ স্যাঙ্কচুয়ারি এলাকায়। বিশেষজ্ঞরা মনে করেছিলেন বাঘটি আবার তার পুরনো বাসস্থানেই ফিরে যাবে। কিন্তু ১৯ অক্টোবর তাঁদের ধারণা ভুল প্রমাণ করে বাঘটিকে মহারাষ্ট্রের গড়চিরোলি জেলার আল্লাপাল্লি ফরেস্ট ডিভিশনের অন্তর্গত বনাঞ্চলে দেখা যায়। এই দীর্ঘ এলাকা চষে বেড়ানোর সময় দু'টি বাঘকেই অনেক জায়গাতেই জনবসতি লাগোয়া অঞ্চল দিয়ে চলাফেরা করতে হয়েছে, যদিও তা এমনই সন্তর্পণে যা কেউ টেরটিও পায়নি। বাঘ বা যে কোনও বন্যপ্রাণীরই এই পরিযান অরণ্যের বন্যপ্রাণীদের স্বাভাবিক জীবনের পক্ষে অত্যন্ত উপযোগী বলেই মনে করা হয়। যদিও অরণ্য হ্রাসের ফলে বিভিন্ন অরণ্যের মধ্যে সংযোগ বা ফরেস্ট করিডোরগুলোও ক্রমশ লুপ্ত হতে বসায় এই পরিযান ক্রমশ অসম্ভব হয়ে পড়ছে বন্যপ্রাণীদের কাছে।

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পড়ার অভ্যাস তোমার রোজকার পরিসরেই, অনেক বড় একটা দুনিয়ার খোঁজ দেবে



অরোজিৎ বিশ্বাস
ন্যাশনাল হেড মার্কেটিং
কিউ এস আর ফুড সার্ভিস চেন সংস্থা
প্রাক্তন ন্যাশনাল হেড-মার্কেটিং
(লিনেন ক্লাব)
আদিত্য বিড়লা গ্রুপ

শুধুমাত্র ফ্রেশারদের জন্যই বেশ কিছু চাকরির ওয়েবসাইট আছে। যারা নতুন চাকরি খুঁজছ, তারা সেখানে সিভি আপলোড করতে পারো। কিন্তু সিভি-টি না খুললে ভিতরের তথ্য কেউই দেখতে পাবেন না। আবার অনেক সিভির মধ্যে তোমারটাই বা খুলে দেখবেন কেন ইন্টারভিউয়ার বা হিউম্যান রিসোর্স বিভাগের লোক, এটাও একটা প্রশ্ন। এখানে কয়েকটি বিষয় আলাদাভাবে খেয়াল রাখতে হবে। আপলোড করা সিভি-টি না খুললেও এক লাইন দেখা যায়। ওই এক লাইনের মধ্যেই তোমায় সিভি-র সারমর্মটি এমন ভাবে লিখতে হবে যে, লাইনটি দেখেই ইন্টারভিউয়ার সিভিটি খুলে দেখবেন। হাইলাইট এমন হবে যা শুধুমাত্র সেই ধরনের কাজের জন্য, যা তুমি করতে চাইছ।

### সিভি তৈরির খুঁটিনাটি

সিভির শুরুতে থাকে কেরিয়ার অবজেকটিভ। এখানে ধরাবাঁধা কোনও উক্তি বা 'আমি পরিশ্রমী', 'আমি সততার সঙ্গে কাজ করি' জাতীয় বাক্য না দিতে পারলেই ভালো। এই অংশটি নিজের কাজ বা বিষয়ের সঙ্গে মিলিয়ে লেখো। যেমন, তুমি হয়ত অ্যাকাউন্টেন্সির ছাত্র। তাহলে লিখতে পারো যে তুমি অ্যাকাউন্টেন্সি নিয়ে পড়েছ, এই বিষয় নিয়ে কাজ করতে চাও। সেই অনুযায়ী ইন্ডাস্ট্রি এবং কাজের উল্লেখ করে নিজের সেই বিষয়ক জোরালো দিকটি উল্লেখ করতে পারো।

তার পরের ধাপে নিজের যাবতীয় শিক্ষাগত যোগ্যতা ছকের মধ্যে সাজিয়ে লেখা যায়। শেষ থেকে শুরু করতে হবে। যেমন, মাধ্যমিকের নম্বর একেবারে ছকের শেষ লাইনে থাকবে।

তার পরেই আসবে তোমার অন্যান্য কাজ বা গুণাবলি। পড়াশোনা বাদে অন্য কোনও যোগ্যতা, তার নম্বর বা গ্রেড-সহ সংক্ষেপে বর্ণনা করো। ইন্টার্নশিপ, প্রজেক্ট বা বলার মতো কোনও সাফল্য থাকলে এই অংশে লিখে দিতে হবে।

### শেষ ধাপের প্রস্তুতি

ধরা যাক, অনেকগুলো সিভির মধ্যে তোমারটাই বেছে নেওয়া হল। এরপর সংস্থার তরফে তোমাকে ফোন করা হবে। যখন ফোন আসবে, ওই দুই-এক মিনিটের মধ্যেই আবারও নিজের দক্ষতা তুলে ধরতে হবে। এবারে সুযোগ আরেকটু বেশি, কারণ তুমি দু' লাইন লেখার বদলে চার লাইন কথা বলার সুযোগ পাচ্ছ।

এবার হয়ত এই ধাপেও তুমি সফল হলে। তোমার ইন্টারভিউয়ের জন্য ডাক এল। এক দিন, দু' দিন, দশ দিন– যেটুকু সময় পাবে তার পুরোটাই সংস্থা সম্পর্কে পড়াশোনায় কাজে লাগাও। যে-কাজের জন্য যাচ্ছ, তার জন্য নিজেকে মানসিকভাবে প্রস্তুত করো। চাকরিটা হয়ে গেলে কী-কী কাজ করতে হবে সেটাও জানতে হবে। তাহলে কেন কাজটি করতে চাও এই প্রশ্নের উত্তর থাকবে তোমার কাছে।

### আত্মবিশ্বাস ও কথোপকথন

সবাই জানে ইন্টারভিউ দিতে যাওয়ার জন্য আত্মবিশ্বাস খুব দরকার। কিন্তু সেটা হঠাৎ করে আসবে কোথা থেকে?

আমি এ দেশের একটা ছোট শহর থেকে দিল্লি যাই স্নাতকোত্তরে ম্যানেজমেন্ট পড়তে। বলা যায় সেটাই আমার জীবনে প্রথম ইন্টারভিউ। লিখিত পরীক্ষা খুব ভালো হয়। কিন্তু ইন্টারভিউয়ারদের সঙ্গে সামনাসামনি কথা বলা নিয়ে চিন্তায় ছিলাম। কারণ সেখানে প্রতিযোগীরা বেশির ভাগই নামকরা সব কলেজ-বিশ্ববিদ্যালয় থেকে আসা আদ্যন্ত শহুরে ছেলেমেয়ে। ফলে ভয় তো ছিলই। তখন আমরা কয়েকজন বন্ধু ইন্টারভিউয়ের জন্য মক প্র্যাকটিস শুরু করলাম নিজেরাই। পালা করে ইন্টারভিউয়ারদের প্যানেল তৈরি হতো। বাকিরা উত্তর দিতাম, গ্রুপ ডিসকাশন করতাম। নমুনা প্রশ্ন জোগাড় করতাম। তোমরাও এই পদ্ধতি কাজে লাগাতে পারো। তাছাড়া পরিচিত অভিজ্ঞ কাউকে তোমাদের মধ্যে ডেকে নাও মাঝেমধ্যে। আরও ভালো পরামর্শ পাবে।

নিজের সম্পর্কে কিছু বলো– ইন্টারভিউয়ে এই প্রশ্নটির উত্তর ঠিক করে দিতে পারলে ৭০ থেকে ৮০ শতাংশ উত্তর দেওয়া হয়ে যায়। মনে রাখতে হবে, এর উত্তরে কেউ তোমার ইতিহাস জানতে চাইছে না। তোমার ব্যক্তিত্ব এই কাজের জন্য কতটা উপযুক্ত এটুকুই ইন্টারভিউয়ার দেখতে চান।

কোনও একটি বিষয়কে হাইলাইট না করে সেই বিষয়ের নির্দিষ্ট যে-অংশ তুমি ভালো করে পড়েছ বা সেই নিয়ে কাজ করেছ শুধু সেটুকু বলো। তাহলে উত্তর দিতে সুবিধা হবে। এটা একটা কৌশলও। হয়তো সংশ্লিষ্ট বিষয়ে সামগ্রিক ভাবে তোমার নম্বর খুব একটা ভালো নয়, কিন্তু তোমার ভালো করে জানা ওই নির্দিষ্ট অংশের দিকে দৃষ্টি আকর্ষণ করলে, নম্বর নিয়ে আলোচনার বদলে ইন্টারভিউয়ার তোমার সেই পছন্দের অংশের আলোচনায় চলে যেতে পারেন।

> নিজের সম্পর্কে কিছু বলো— ইন্টারভিউয়ে এই প্রশ্নটির উত্তর ঠিক করে দিতে পারলে ৭০ থেকে ৮০ শতাংশ উত্তর দেওয়া হয়ে যায়। মনে রাখতে হবে, এর উত্তরে কেউ তোমার ইতিহাস জানতে চাইছে না। তোমার ব্যক্তিত্ব এই কাজের জন্য কতটা উপযুক্ত এটুকুই ইন্টারভিউয়ার দেখতে চান।

### পড়ার অভ্যাস তৈরি করো

কোনও কিছু লেখার অক্ষরে পেলেই পড়ে ফেলার অভ্যাস আমার ছোট থেকেই। এই জন্যই মফস্‌সল থেকে এসেও মেট্রো শহরের প্রতিযোগিতায় পিছিয়ে পড়িনি কখনও। পড়ার অভ্যাস, তোমার রোজকার পরিসরেই, অনেক বড় একটা দুনিয়ার খোঁজ দেবে। ফলে নিজের চৌহদ্দির মধ্যে তোমার যতটুকু জ্ঞান, তার তুলনায় তোমার সামগ্রিক জ্ঞান বহুগুণ বেড়ে যাবে।

## আই আই টি মাদ্রাজে হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ডিগ্রি কোর্সে ভর্তি

হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সে পাঁচ বছরের ইন্টিগ্রেটেড স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে ভর্তি নিচ্ছে মাদ্রাজের ইন্ডিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজি (আই আই টি)। প্রার্থী বাছাই করা হবে 'হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্স এন্ট্রান্স এক্সাম' (এইচ এস ই ই-২০২০)-এর মাধ্যমে। পরীক্ষা ১৯ এপ্রিল। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) উচ্চমাধ্যমিক বা সমতুল পাশ।

**জন্মতারিখ:** ১-১০-১৯৯৫ তারিখের পরে হতে হবে। তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীরা ৫ বছরের ছাড় পাবেন।

এইচ এস ই ই-২০২০ হবে দু'টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষায় ইংলিশ অ্যান্ড কম্প্রিহেনসিভ স্কিল, অ্যানালিটিক্যাল অ্যান্ড কোয়ান্টিটেটিভ এবিলিটি, জেনারেল স্টাডিজ এবং এনভায়রনমেন্ট অ্যান্ড ইকোলজি বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে। সময় আড়াই ঘণ্টা। দ্বিতীয় পার্টে থাকবে এসে রাইটিং। সময় আধ ঘণ্টা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: hsee.iitm.ac.in ফি বাবদ দিতে হবে ২৪০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১২০০ টাকা)। অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। অথবা চালানের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে ইন্ডিয়ান ব্যাঙ্কের যে-কোনও শাখায়। আবেদনের শেষ তারিখ অনলাইনে ফি জমা দেওয়ার ক্ষেত্রে ২২ জানুয়ারি, চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার ক্ষেত্রে ২৩ জানুয়ারি।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ
shine.com

Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA

Companies Recruiting This Week

GLOBAL INDIA CONSULTANTS
Company: GLOBAL INDIA CONSULTANTS
Position Title: Business Development Manager/Sales Manager
Experience, Location: 1 year and above, Kolkata
Profile: We have Lots of opening in Sales and Marketing for various sectors. Education- Graduate/MBA. CTC : 2 to 8 lakhs PA. If interested, please Contact - Email: gic525@hotmail.com, Ruma : 7605860060
To apply for this job, log on to www.shine.com

Hinduja Global Solutions Ltd
Company: Hinduja Global Solutions Ltd
Position Title: Fileld Sales Executive
Experience, Location: 0 yr - 5 yr, Kolkata
Profile: "Immediate opening with a leading banking client. Designation- Field Sales Officer. Qualifications : Graduate/+2 with Experience. Minimum 4-6 months years working experience in Banks Field Sales officer role."
To apply for this job, log on to www.shine.com and search using 10473372 as keyword.

Alumnus Software Ltd
Company: Alumnus Software Ltd
Position Title: Java Developer
Experience, Location: 3 year - 6 year, Kolkata
Profile: Core Java Developers / Senior Core Java Developers. Education Experience: Bachelor/ Masters Degree in Computer Science or equivalent. Proficient in at least one Open Source or Commercial Web Server like Tomcat, JBoss, Weblogic or Web sphere. Strong database skills especially using MS SQL Server / MySql / Oracle / PlSSql. Experience on application development on Unix / Linux Platform will be preferred.
To apply for this job, log on to www.shine.com and search using 10286901 as keyword.

Nicco Ventures Ltd
Company: Nicco Ventures Ltd
Position Title: HR Recruiter
Experience, Location: 2 year - 7 year, Kolkata
Profile: Job Role: Handling & fulfilling search mandates, Client interaction, Headhunting / Networking. 6months to 2 years of recruitment / sales experience. Self-starters with a track record of achieving targets and a serious interest in a recruitment career
To apply for this job, log on to www.shine.com and search using 10102168 as keyword.

Larica Group
Company: Larica Group
Position Title: Sales Executive
Experience, Location: 4 year - 9 year, Kolkata
Profile: Sales Executives - LED Sales Marketing Looking sales executives for our LED lighting products division. Proficient in creating channel partners, including development & execution of joint sales plans.
To apply for this job, log on to www.shine.com and search using 10299429 as keyword.

SURANA EQUITY PVT LTD
Company: Surana Equity Pvt Ltd
Position Title: Senior Accountant
Experience, Location: 5 year - 9 year, Kolkata
Profile: Job Details: Senior Accountant , Finalisation of Accounts, filing of return, full knowledge of Balance Sheet , knowledge of pvt Ltd Company / partnership accounts. Can handle team of junior accountants. Graduate / Post-graduate ( B.com / M.com)
To apply for this job, log on to www.shine.com and search using 10221602 as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203
shine.com
Great careers start here

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

117. চার্নোকাইট হল:
(a) পলিশিলা (b) ঝাড়খণ্ডে প্রাপ্ত খনিজ (c) হিমবাহ (d) মেটামরফিক রক
118. ভারতে উৎপন্ন ফসলের ——— শতাংশ খাদ্যশস্য।
(a) 63 (b) 76 (c) 87 (d) 80
119. পশ্চিমবঙ্গের ——— জেলায় নারী সাক্ষরতার হার সর্বনিম্ন।
(a) পুরুলিয়া (b) বাঁকুড়া (c) মালদা (d) উত্তর দিনাজপুর
120. বরাকর কোন নদীর প্রধান শাখানদী?
(a) দামোদর (b) মহানদী (c) অজয় (d) গঙ্গা
121. কোন রাস্তাটিকে এনএইচ-2 বলা হয়?
(a) দিল্লি রোড (b) বম্বে রোড (c) গ্র্যান্ড ট্রাঙ্ক রোড (d) বারাকপুর ট্রাঙ্ক রোড
122. ভারতের সবচেয়ে পুরাতন উত্তলক্ষেত্র কোনটি?
(a) বম্বে হাই (b) মোরান (c) আঙ্কেলেশ্বর (d) ডিগবয়
123. কাথিয়াবাড় উপসাগর কোন প্রাকৃতিক বিভাগের অংশ?
(a) দাক্ষিণাত্যের মালভূমি (b) পশ্চিমের উপকূলীয় সমভূমি (c) কচ্ছ উপসাগর (d) পূর্বের উপকূলভূমি
124. 'গরিবি হঠাও' স্লোগানটি কোন পরিকল্পনার অন্তর্ভুক্ত?
(a) ষষ্ঠ পরিকল্পনা (b) তৃতীয় পরিকল্পনা (c) চতুর্থ পরিকল্পনা (d) পঞ্চম পরিকল্পনা
125. কোন হারটি RBI নির্ধারণ করে না?
(a) প্রাইম লেন্ডিং রেট (b) নগদ সংরক্ষণ অনুপাত (c) বিধিবদ্ধ নগদ অনুপাত (d) রেপো রেট
126. ভারতের শহরাঞ্চলের বেতনভোগী কর্মী ও সরকারি কর্মীদের মহার্ঘ ভাতা নির্ণয়ের ভিত্তি হল:
(a) শহরাঞ্চলের নন-ম্যানুয়াল কর্মীদের জন্য ভোক্তা মূল্যসূচক (b) শিল্পকর্মীদের জন্য ভোক্তা মূল্যসূচক (c) পাইকারি মূল্যসূচক (d) কৃষি শ্রমিকদের জন্য ভোক্তা মূল্যসূচক
127. জাতীয় উন্নয়ন পর্ষদের আচরণ হল:
(a) দারিদ্রদূরীকণ কর্মসূচির রূপায়ণ (b) পঞ্চবার্ষিকী পরিকল্পনার অনুমোদন করা (c) উন্নয়ন পরিকল্পনার প্রস্তুতিকরণ (d) গ্রামীণ উন্নয়ন কর্মসূচির রূপায়ণ করা
128. একাদশ পঞ্চবার্ষিকী পরিকল্পনার গড় বাৎসরিক উৎপাদন বৃদ্ধির লক্ষ্যমাত্রা ছিল:
(a) 9% (b) 9.5% (c) 10% (d) 8%
129. ভারতে মোট অভ্যন্তরীণ উৎপাদনের মূল উৎস হল:
(a) বৈদেশিক বাণিজ্য (b) কৃষি ও সংশ্লিষ্ট কার্যাবলি (c) সেবাক্ষেত্র (d) উৎপাদন শিল্প, নির্মাণ শিল্প, ইলেকট্রিসিটি ও গ্যাস
130. ভারতে কোন যোজনাকালে প্রকৃত বিকেন্দ্রীভূত পরিকল্পনার সূচনা করা হয়?
(a) নবম পরিকল্পনা (b) অষ্টম পরিকল্পনা (c) দশম পরিকল্পনা (d) সপ্তম পরিকল্পনা
131. সাম্প্রতিককালে, সরকারি নিয়ম অনুসারে বিশেষ অর্থনৈতিক অঞ্চলের জন্য সর্বাধিক যে পরিমাণ ভূমি অধিগ্রহণের অধিকার দেওয়া হয়:
(a) 4000 হেক্টর (b) 2000 হেক্টর (c) 5000 হেক্টর (d) 3000 হেক্টর
132. 4, 10, 22, 46, ... সারির পরবর্তী পদটি হল:
(a) 94 (b) 56 (c) 78 (d) 66
133. যদি CABLE-এর সংকেতলিপি হয় XZYOV তবে YZXP কার সংকেতলিপি?
(a) BELL (b) CELL (c) BACK (d) BABY
134. 24, 25, 27, ... 39, 55 [ নীচের সংখ্যাশ্রেণির লুপ্ত সংখ্যাটি কত?]
(a) 35 (b) 33 (c) 31 (d) 29
135. মণিপুরি : Dance; তাহলে উর্দু : ?
(a) Language (b) Poetry (c) Drama (d) কোনওটিই নয়
136. P, Q -এর বোন, R-এর স্ত্রী Q, S এবং R ভাই, P -এর সঙ্গে R-এর সম্পর্ক কী?
(a) Sister-in-law (b) Aunty (c) Mother (d) Mother-in-law
137. MASON-কে সাংকেতিকভাবে NBTPO লেখা হলে WORLD-কে লেখা হবে:
(a) EXPSM (b) PSMEX (c) SMEXP (d) XPSME
138. 2, 3, 4, 9, 8, 27, ?
(a) 36 (b) 16 (c) 81 (d) 75
139. যদি COCK হয় 5153, FOOD হয় 4116, DOLL হয় 6199 এবং CROW হয় 5812, তাহলে RICE হবে:
(a) 8057 (b) 8051 (c) 8756 (d) 2753
140. 11 জন খেলোয়াড়ের দল থেকে একজন অধিনায়ক এবং একজন সহ-অধিনায়ক কতরকমভাবে নির্বাচন করা যায়?
(a) 22 (b) 90 (c) 110 (d) 99
141. 46, 56, 67, 80, ?, 104
(a) 91 (b) 83 (c) 88 (d) 101
142. 2, 1, 0, 17, 118, 513, ?
(a) 1844 (b) 600 (c) 611 (d) 515
143. যদি RESCUE = 372057 এবং PROBLEM = 9348176 হয় তবে PROCURE = ?
(a) 3904537 (b) 3840537 (c) 9340357 (d) 9340537
144. M, P-এর পুত্র। Q, O-এর নাতনি। O আবার P-এর স্বামী তাহলে M, O-এর কে হয়?
(a) বাবা (b) মা (c) কন্যা (d) পুত্র
145. $60 : 15 : : * : \frac{1}{4}$, *-এর মান কত?
(a) 0.1 (b) 1 (c) 2.1 (d) 1.1
146. নীচের মধ্যে কোনটি ব্যতিক্রম?
7, 28, 63, 124, 215, 342, 511
(a) 215 (b) 342 (c) 124 (d) 28
147. নীচের চিত্রটিতে মোট ত্রিভুজের সংখ্যা কত?



(a) 11 (b) 12 (c) 13 (d) 14

এরপর উনিশের পাতায়

# পি এস সি-র মাধ্যমে রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. যে মারাঠা নেতা মারাঠাদিগের কাছে হিন্দু সাম্রাজ্য প্রতিষ্ঠার আদর্শ তুলে ধরেছিলেন তাঁর নাম?
(a) প্রথম বাজিরাও (b) দ্বিতীয় বাজিরাও (c) শিবাজি (d) বালাজি বিশ্বনাথ
2. কোন শাসক বুদ্ধ এবং মহাবীরের সমসাময়িক ছিলেন?
(a) চন্দ্রগুপ্ত (b) অজাতশত্রু (c) বিম্বিসার (d) প্রদ্যোত
3. প্রাচীনতম বেদ হল:
(a) যজুর্বেদ (b) সামবেদ (c) অথর্ববেদ (d) ঋগ্বেদ
4. দিল্লি সুলতানির প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) কুতুবউদ্দিন আইবক (b) ইলতুৎমিস (c) গিয়াসউদ্দিন বলবন (d) মহম্মদ ঘোরি
5. তক্ষশিলা কোন ক্ষেত্র হিসেবে বিখ্যাত ছিল?
(a) মৌর্যশিল্প (b) আদি আর্যযুগ (c) গান্ধার শিল্প (d) গুপ্তশিল্প
6. শশাঙ্ক কোন রাজবংশের রাজা ছিলেন?
(a) পাল (b) গৌড় (c) কামরূপ (d) সেন
7. ইন্ডিয়ান রিফর্ম অ্যাসোসিয়েশনের (1870) প্রতিষ্ঠাতা ছিলেন:
(a) দেবেন্দ্রনাথ ঠাকুর (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (c) রামমোহন রায় (d) কেশবচন্দ্র সেন
8. কোন বছর কংগ্রেস মৌলিক অধিকার এবং জাতীয় অর্থনীতির বিষয়ে প্রস্তাব গ্রহণ করে?
(a) 1921 (b) 1940 (c) 1933 (d) 1931
9. কোন ঘটনার পর সুভাষচন্দ্রের নেতৃত্বাধীন আজাদ হিন্দ ফৌজ ব্রিটিশদের কাছে আত্মসমর্পণ করেছিল?
(a) জাপানের পতন (b) জার্মানির পতন (c) দ্বিতীয় মহাযুদ্ধের অবসান (d) ইতালির পতন
10. দার্জিলিং-এর কাছে অবস্থিত পৃথিবীর উচ্চতম রেলওয়ে স্টেশন ঘুমের উচ্চতা হল:
(a) 3000 মিটার (b) 2247 মিটার (c) 2000 মিটার (d) 7848 মিটার
11. নীচে উল্লিখিত কোন অঞ্চলকে মরুস্থলী বলা হয়?
(a) ডেকান ট্রাপ (b) কর্নাটক মালভূমি (c) থর মরুভূমি (d) মেঘালয় মালভূমি
12. ভারতের উপকূল রেখার মোট দৈর্ঘ্য হল:
(a) 6000 কিমি (b) 3600 কিমি (c) 6600 কিমি (d) 4500 কিমি
13. নেপানগরে উৎপন্ন দ্রব্য হল:
(a) দুধ (b) কনট্যাক্ট লেন্স (c) তামা (d) নিউজপ্রিন্ট
14. নীচের কোন শিল্পনগরীকে 'ভারতের রূঢ়' বলা হয়?
(a) রৌরকেল্লা (b) কলকাতা (c) বার্নপুর (d) দুর্গাপুর
15. উপদ্বীপীয় ভারতের দীর্ঘতম নদী গোদাবরীর দৈর্ঘ্য হল:
(a) 1290 কিমি (b) 1465 কিমি (c) 1000 কিমি (d) 1200 কিমি
16. নীচের কোনটি উৎপাদনের সর্বপেক্ষা উপযুক্ত স্থান হল যোধপুর ও জয়সলমির?
(a) সৌরশক্তি (b) জলবিদ্যুৎশক্তি (c) বায়ুশক্তি (d) জোয়ারভাটার শক্তি
17. প্রাচীনতম পর্বত আরাবল্লি বিস্তৃত:
(a) রাজস্থান থেকে আগ্রা পর্যন্ত (b) আগ্রা থেকে দিল্লি পর্যন্ত (c) উদয়পুর থেকে জয়পুর পর্যন্ত (d) রাজস্থান থেকে পাঞ্জাব পর্যন্ত
18. গঙ্গায় মোহানার কাছে একটি দ্বীপ জেগে উঠেছে, তার নাম:
(a) সাগর দ্বীপ (b) পূর্বাশা (c) লোথিয়ান দ্বীপ (d) গোসাবা
19. ভারতের সর্বোচ্চ Gravity Dam হল:
(a) ভাকরা (b) মাইথন (c) হিরাকুঁদ (d) মেতুর
20. গণপরিষদ দ্বারা গঠিত খসড়া কমিটির (Drafting Committee) প্রধান কে ছিলেন?
(a) ডঃ রাজেন্দ্র প্রসাদ (b) ডঃ বি আর আম্বেদকর (c) জওহরলাল নেহরু (d) এঁদের কেউই নন
21. ভারতীয় সংবিধান রচনার উদ্দেশ্যে গঠিত গণপরিষদের প্রাথমিক সদস্যসংখ্যা কত ছিল?
(a) 304 (b) 310 (c) 300 (d) 308
22. কত সালের সাধারণ নির্বাচনে কংগ্রেস দল প্রথমবারের জন্য পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠতা হারায়?
(a) 1977(b) 1980 (c) 1967 (d) কোনওটিই নয়
23. নীচের কোনটি শ্রমিক রাজ্যবাসী আইন, 1948 -এর অন্তর্ভুক্ত?
(a) চিকিৎসার সুবিধা (b) ন্যূনতম মজুরি (c) বেকারত্ব বিমা (d) কোনওটিই নয়
24. ভারতীয় সংবিধানের —— নম্বর ধারা অনুযায়ী অর্থ কমিশন গঠন করা হয়।
(a) 282 (b) 275 (c) 280 (d) কোনওটিই নয়
25. ——— এর ইচ্ছা অনুযায়ী কেন্দ্রীয় মন্ত্রিসভার সদস্যগণ নিজনিজ দফতরে বহাল থাকেন।
(a) লোকসভার অধ্যক্ষ (b) রাষ্ট্রপতি (c) ভারতীয় সুপ্রিম কোর্টের প্রধানবিচারপতি (d) প্রধানমন্ত্রী
26. মহিলাদের নিরাপত্তা সংক্রান্ত ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাক্ট 2005 সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির ক্ষেত্রে প্রযোজ্য, কেবলমাত্র:
(a) জম্মু ও কাশ্মীর ব্যতীত (b) লাক্ষাদ্বীপ ব্যতীত (c) অরুণাচল প্রদেশ ব্যতীত (d) গুজরাট ব্যতীত
27. বর্তমানে পশ্চিমবঙ্গে পঞ্চায়েত সমিতির সংখ্যা:
(a) 344 (b) 334 (c) 341 (d) 333
28. বি পি এল (BPL)-এর অর্থ হল:
(a) ব্যক্তিগত সীমার বাইরে (Beyond Private Limit) (b) দারিদ্রসীমার নীচে (Below Poverty Line) (c) অনুর্বর সরকারি জমি (Barren Public Land) (d) সরকারি মামলার পিছনে (Behind Public Litigation)

এরপর একুশের পাতায়

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

73. বার্ষিক শতকরা 10 টাকা হারে 1000 টাকার 4 বছরের সরল ও যৌগিক সুদের পার্থক্য:
(a) 31 টাকা (b) 32.10 টাকা (c) 40.40 টাকা (d) 64.10 টাকা
74. কোন স্কুলের ছাত্রসংখ্যা 10%, ছাত্রীসংখ্যার $\frac{1}{4}$ অংশের সমান। ছাত্র ও ছাত্রীসংখ্যার অনুপাত কত?
(a) 3 : 2 (b) 5 : 2 (c) 2 : 1 (d) 4 : 3
75. 9 টা এবং 10 টার মধ্যে কোন সময় একটি ঘড়ির কাঁটাদু'টি একত্রে থাকবে?
(a) 9টা $49\frac{1}{11}$ মিনিট (b) 9টা 45 মিনিট (c) 9টা 50 মিনিট (d) 9টা 26 মিনিট
76. 49 : 81 : : 100 : ?
(a) 125 (b) 81 (c) 169 (d) 144
77. 10 : 99 : : ? : 195
(a) 11 (b) 12 (c) 14 (d) 13
78. 36 : 50 : : 49 : ?
(a) 100 (b) 81 (c) 64 (d) 65
79.




(a) 573 (b) 375 (c) 186 (d) 163
80.




(a) 76 (b) 52 (c) 25 (d) 67
81.




(a) 310 (b) 150 (c) 100 (d) 449
82.

| | | | |
|---|---|---|---|
| 12 | 13 | 16 | 9 |
| 27 | 18 | ? | 15 |
| 21 | 19 | 29 | 9 |

(a) 50 (b) 21 (c) 30 (d) 9
**নির্দেশ (83 to 87):** J, P, Q, R, S, T, U এবং V চারজোড়া বিবাহিত যুগল গোল হয়ে কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। চারজন পুরুষ যথাক্রমে অধ্যাপক, উকিল ডাক্তার ও বিজ্ঞানী। পুরুষদের মধ্যে শুধুমাত্র R (যে উকিল) এবং V (যে বিজ্ঞানী) একসঙ্গে পাশাপাশি বসে আছে। প্রত্যেক পুরুষ তার স্ত্রীর পাশে বসে আছে। U (যে অধ্যাপকের স্ত্রী), V-এর ডানদিকে দ্বিতীয় স্থানে বসে আছে, T, U ও V-এর মাঝখানে বসে আছে। P হল ডাক্তার ভদ্রলোকের স্ত্রী। Q ডাক্তার নয়। S একজন পুরুষ।

এরপর উনিশের পাতায়

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

83. S-এর সম্বন্ধে P-এর অবস্থান কোথায়?
(a) ডানদিকে দ্বিতীয় (b) বাঁদিকে দ্বিতীয় (c) ঠিক ডানদিকে (d) ঠিক বাঁদিকে
84. T-এর সাপেক্ষে J-এর অবস্থান কোথায়?
(a) বাঁদিকে তৃতীয় (b) ডানদিকে চতুর্থ (c) ডানদিকে তৃতীয় (d) T-এর ঠিক বিপরীতে
85. নীচের কোনটি সত্য নয়?
(a) P, S-এর স্ত্রী (b) T, Q-এর স্ত্রী (c) R, J-এর স্বামী (d) J, S পাশাপাশি বসে আছে
86. কোন দু'জনের স্ত্রীরা পাশাপাশি বসে আছে?
(a) UT (b) SR (c) VQ (d) RV
87. নীচের বিকল্পগুলির মধ্যে চারটিতে দেওয়া লোকগুলির মধ্যে বিশেষ একটি সম্পর্ক আছে, ব্যতিক্রম কোনটি?
(a) PSJ (b) TRV (c) UTV (d) SJR
88. যদি A বলতে '+', B বলতে '–', C বলতে '×' তাহলে 10 C 4 A 4 C 4 B 6 =?
(a) 42 (b) 50 (c) 58 (d) 46
89. যদি P = 6, J = 4, I = 8, M = 24 হয়, তাহলে নীচের কোনটি ঠিক?
(a) M × J ÷ 2 + J = ?
(a) 16 (b) 36 (c) 0 (d) 8
90. যদি ↓ বলতে '÷', ↑ বলতে '×', → বলতে '+' এবং ← বলতে '–' বোঝায়, তাহলে 25 ↓ 5 → 3 ↑ 6 ← 8 = ?
(a) 15 (b) 12 (c) 16 (d) 9
91. ভুল নম্বরটি চিহ্নিত করুন:
99, 79, 88, 70, 77, 59, 66, 48
(a) 54 (b) 79 (c) 88 (d) 66
92. ভুল নম্বরটি চিহ্নিত করুন:
215, 28, 63, 126, 7, 343
(a) 343 (b) 7 (c) 63 (d) 126
93. ভুল নম্বরটি চিহ্নিত করুন:
81, 64, 49, 35, 25, 16
(a) 35 (b) 64 (c) 25 (d) 16
94. ভুল নম্বরটি চিহ্নিত করুন:
5040, 840, 160, 42, 14, 7
(a) 42 (b) 160 (c) 840 (d) 14
95. ভুল নম্বরটি চিহ্নিত করুন:
17, 25, 37, 50, 65, 82, 10
(a) 25 (b) 50 (c) 82 (d) 101
96. নীচের প্রশ্নগুলি একই অর্থপূর্ণ ক্রম অনুসারে সাজান:
1. Classroom 2. Desk 3. School 4. Community 5. Drawer
(a) 4, 2, 3, 1, 5 (b) 3, 2, 4, 5, 1 (c) 4, 3, 1, 2, 5 (d) 1, 2, 3, 4, 5
97. নীচের প্রশ্নগুলি একই অর্থপূর্ণ ক্রম অনুসারে সাজান:
1. Gold 2. Ornaments 3. Ore 4. Mine 5. Process
(a) 4, 3, 5, 1, 2 (b) 4, 3, 5, 2, 1 (c) 3, 4, 5, 1, 2 (d) 2, 1, 5, 4, 3
98. নীচের প্রশ্নগুলি একই অর্থপূর্ণ ক্রম অনুসারে সাজান:
1. Seed 2. Plant 3. Germination 4. Embroyo 5. Flower 6. Fruit
(a) 1, 5, 3, 4, 2, 6 (b) 1, 4, 3, 2, 5, 6 (c) 6, 5, 4, 3, 1, 2 (d) 1, 5, 6, 4, 2, 3
99. যদি সমস্ত দিকগুলিকে এভাবে পরিবর্তন করা হয়, যে উত্তরদিক, দক্ষিণদিক হয় এবং এইভাবে হয় তাহলে উত্তর-পশ্চিম দিক পরিবর্তিত হবে:
(a) দক্ষিণ-পূর্ব (b) উত্তর-পূর্ব (c) দক্ষিণ-পশ্চিম (d) কোনওটিই নয়
100. রহিম x বিন্দু থেকে শুরু করে 5 কিমি পশ্চিমে গেল। তারপর সে বাঁদিকে ঘুরে সোজা 2 কিমি হাঁটল এবং আবার বাঁদিকে ঘুরে সোজা 7 কিমি হাঁটল। এখন x বিন্দু থেকে রহিম কোনদিকে আছে?
(a) উত্তর-পূর্ব (b) দক্ষিণ-পশ্চিম (c) দক্ষিণ-পূর্ব (d) উত্তর-পশ্চিম

### উত্তর

73(d), 74(b), 75(a), 76(d), 77(c), 78(d), 79(a), 80(c), 81(b), 82(c), 83(d), 84(a), 85(b), 86(a), 87(c), 88(b), 89(a), 90(a), 91(b), 92(a), 93(a), 94(b), 95(a), 96(c), 97(a), 98(b), 99(a), 100(c).

### সমাধান

51(a): A, x দিনে কাজটি সম্পন্ন করে
$\therefore 3x - x = 40 \Rightarrow x = 20$ দিন
A ও B 1 এক দিনে করে $\left(\frac{1}{20}+\frac{1}{60}\right)$ অংশ = $\frac{1}{15}$ অংশ
A ও B মোট কাজটি সম্পন্ন করে 15 দিনে।
52(a): 6 লিটার মিশ্রণে চিনির পরিমাণ = (6 × 4%) লিটার = 0.24 লিটার
1 লিটার জল তুলে নেওয়ার পর মিশ্রণের পরিমাণ = (6 – 1) লিটার = 5 লিটার
∴ পড়ে থাকা মিশ্রণে চিনির শতকরা হার = $\frac{0.24}{5} \times 100\% = \frac{24}{5}\%$.
53(a): প্রকৃত ভাগশেষ = $2 + 3 \times 4 + 4 \times 4 \times 5 = 2 + 12 + 80 = 94$
ভাগফল 1 হলে সংখ্যাটি হয় = $120 \times 1 + 94 = 214$.
54(c): ধরি, A ও B-এর আয় যথাক্রমে 5x ও 4x টাকা ও
A ও B-এর ব্যয় যথাক্রমে 3y ও 2y টাকা
$\therefore 5x - 3y = 1600$ এবং $4x - 2y = 1600$
$\therefore 5x - 3y = 4x - 2y$
বা, $5x - 4x = -2y + 3y$ বা, $x = y$
$\therefore 5x - 3x = 1600$ বা, $2x = 1600$ বা, $x = 800$
A-এর আয় $5x = 5 \times 800 = 4000$ টাকা
55(a): $\frac{3}{5}$ অংশ ভর্তি হতে সময় লাগে 60 সেকেন্ড
$1 - \frac{3}{5} = \frac{2}{5}$ অংশ ভর্তি হতে সময় লাগবে = $60 \times \frac{5}{3} \times \frac{2}{5} = 40$ সেকেন্ড।
56(b):

| | |
|---|---|
| 2 | 3600 |
| 2 | 1800 |
| 2 | 900 |
| 3 | 450 |
| 3 | 150 |
| 5 | 50 |
| 5 | 10 |
| | 2 |

$3600 = 2^3 \times 2 \times 3 \times 3 \times 5 \times 5 = 2^3 \times 450$
∴ 450 দ্বারা ভাগ করতে হবে।
57(b): সময় বাকি আছে = (200 – 5) = 195 দিন
লোকসংখ্যা = 95 – 30 = 65 জন
∴ 95 জনের চলে 195 দিন
65 জনের চলবে = $\frac{195 \times 95}{65} = 285$ দিন
58(b): সংখ্যাটি 24 ধরলে
$2 \times 4 = 8,\ 24 + 18 = 42$
59(b): কুকুরের 3 লাফ = খরগোশের 4 লাফ
∴ কুকুরের 4 লাফ = খরগোশের $\left(\frac{4}{3} \times 4\right) = \frac{16}{3}$ লাফ
∴ কুকুরের দ্রুতি : খরগোশের দ্রুতি = $\frac{16}{3} : 5 = 16 : 15$
60(c): তিন ব্যক্তির বর্তমান বয়সের যোগফল = $56 + 3 \times 8 = 56 + 24 = 80$ বছর
অনুপাতের ক্ষেত্রফল = $4 + 7 + 9 = 20,\ 80 \div 20 = 4$
বর্তমান বয়স = $4 \times 4 = 16$ বছর = $4 \times 7 = 28$ বছর = $4 \times 9 = 36$ বছর।
61(d): A ও B দ্বারা 1 ঘণ্টায় পূর্ণ হয় = $\frac{1}{12} + \frac{1}{15} = \frac{9}{60}$ অংশ
A ও C দ্বারা 1 ঘণ্টায় পূর্ণ হয় = $\frac{1}{12} + \frac{1}{20} = \frac{8}{60}$ অংশ
প্রতি 2 ঘণ্টায় পূর্ণ হয় $\frac{9}{60} + \frac{8}{60} = \frac{17}{60}$ অংশ
এভাবে $\frac{51}{60}$ অংশ পূর্ণ হয় 6 ঘণ্টায়
বাকি থাকে $1 - \frac{51}{60} = \frac{9}{60}$ অংশ যা, A ও B পূর্ণ করে 1 ঘণ্টায়।
∴ মোট সময় লাগে = 6 + 1 = 7 ঘণ্টা।
62(d): দ্বিতীয় ট্রেনটি 1 ঘণ্টায় যায় = $\frac{400}{4}$ কিমি = 100 কিমি
প্রথমটির দ্রুতি = $\left(\frac{100}{8} \times 7\right) = 87.5$ কিমি/ঘণ্টা
63(b): 72 কিমি/ঘণ্টা = $72 \times \frac{5}{18} = 20$ মিটার/সেকেন্ড
ট্রেন ও সেতুর দৈর্ঘ্য (মোট) = 110 + 132 = 242 মিটার
সময় লাগবে = $\frac{242}{20} = 12.1$ সেকেন্ড।
64(b): ধরি x লিটার দুধের সঙ্গে y লিটার জল মেশানো হল $\frac{x \times 12 + y}{x + y} = 8$
বা, $12x = 8x + 8y$ বা, $4x = 8y$ বা, $x : y = 2 : 1$
65(a): $a\sqrt{2} = 4\sqrt{2}$ ∴ $a = 4$ ∴ $a^2 = 16$
∴ নতুন বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = $16 \times 2 = 32$ বর্গসেমি
∴ নতুন বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য = $\sqrt{32}$ সেমি
∴ নতুন বর্গক্ষেত্রের বর্গ $\sqrt{32+32} = 8$ সেমি।
66(d): ধরি, 10 বছর আগে B-এর বয়স ছিল x বছর
∴ বর্তমানে B-এর বয়স (x + 10) বছর
∴ 10 বছর পর A-এর বয়স হবে 2x বছর
∴ A-এর বর্তমান বয়স = (2x – 10) বছর
$(2x - 10) - (x + 10) = 9$ বা, $2x - 10 - x - 10 = 9$ বা, $x = 29$
∴ B-এর বর্তমান বয়স = 29 + 10 = 39 বছর
67(d): প্রথম 2 ঘণ্টায় যায় $70 \times 2 = 140$ কিমি
পরের 2 ঘণ্টায় যায় $80 \times 2 = 160$ কিমি
বাকি থাকে = 345 – 140 – 160 = 45 কিমি
80 কিলোমিটার যায় 60 মিনিটে
45 কিলোমিটার যায় $\frac{60}{80} \times 45$ মিনিটে = $\frac{135}{4} = 33\frac{3}{4}$ ঘণ্টা।
68(c): দৈর্ঘ্য = $\sqrt{8^2 + 6^2 + 2^2} = \sqrt{64 + 36 + 4} = \sqrt{4 \times 26} = 2\sqrt{26}$ সেমি
69(a): ধরি, 36টি কমলালেবুর বিক্রয়মূল্য 36 টাকা
∴ 4টি কমলালেবুর বিক্রয়মূল্য = 4 টাকা
∴ ক্রয়মূল্য = 36 + 4 = 40 টাকা
∴ শতকরা ক্ষতি = $\left(\frac{4}{40} \times 100\right) = 10\%$
70(c): নৌকার বেগ + স্রোতের বেগ = 6 কিমি/ঘণ্টা
নৌকার বেগ – স্রোতের বেগ = 2 কিমি/ঘণ্টা
∴ 2 × নৌকার বেগ = 8 কিমি/ঘণ্টা
নৌকার বেগ = 4 কিমি/ঘণ্টা
∴ 5 কিমি যেতে সময় লাগবে $\frac{5}{4} = 1$ ঘণ্টা 30 মিনিট।
71(b): ধরি বাহুগুলির দৈর্ঘ্য = x, 2x ও 3x

*এরপর কুড়ির পাতায়*

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

148. A, B, C, D, E এবং F একটি গোলাকার টেবিলের চারপাশে বসেছে। F এবং C-এর মাঝখানে বসেছে B, A বসেছে E এবং D-এর মধ্যে। F, D-এর বাঁদিকে থাকলে A এবং F-এর মাঝে কে বসেছে?
(a) C (b) B (c) D (d) E
149. Pencil → Write তখন Knife → ?
(a) Attack (b) Prick (c) Peel (d) Injure
150. নীচের Series-এর ষষ্ঠ পদটি হবে?
$ab^2 + bc^2 + cd^2 + de^2 + ....$
(a) $ef^2$ (b) $f^2e$ (c) $g^2f$ (d) $fg^2$
151. 120 মিটার লম্বা ট্রেনের প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থেকে রীতা লক্ষ করলেন যে, ট্রেনটি তাকে 5 সেকেন্ডে এবং সমগ্র স্টেশনটি 15 সেকেন্ডে অতিক্রম করল। ট্রেনটির দৈর্ঘ্য হবে:
(a) 58 মিটার (b) 59 মিটার (c) 60 মিটার (d) 65 মিটার
152. P, Q-এর বোন, R-এর স্ত্রী Q, S এবং R ভাই, P-এর সঙ্গে R-এর সম্পর্ক?
(a) Mother (b) Mother-in-law (c) Sister-in-law (d) Aunty
153. সম্প্রতি মেঘদূত নামে একটি নতুন মোবাইল অ্যাপ চালু হল কাদের জন্য?
(a) শ্রমিকদের জন্য (b) শিল্পপতিদের জন্যে (c) কৃষকদের জন্য (d) মৎস্য ব্যবসায়ীদের জন্য
154. বিশ্ব হেপাটাইটিস দিবস কবে পালিত হয়?
(a) 21 জুলাই (b) 22 জুলাই (c) 28 জুলাই (d) 30 জুলাই
155. কবে পালিত হয় আন্তর্জাতিক নেলসন ম্যান্ডেলা দিবস?
(a) 15 জুলাই (b) 16 জুলাই (c) 17 জুলাই (d) 18 জুলাই
156. নীচের মধ্যে কে সম্প্রতি অর্থমন্ত্রকের সচিব পদে নিযুক্ত হলেন?
(a) রাজীব কুমার (b) অনিল জোশী (c) সুনীল জোশী (d) কোনওটিই নয়
157. কবে পালিত হল জাতীয় পর্বত আরোহণ দিবস?
(a) 1 অগস্ট (b) 1 নভেম্বর (c) 1 জুলাই (d) 1 সেপ্টেম্বর
158. প্রতিদিন একজন ব্যক্তি গড়ে কতবার হাসেন?
(a) 17 বার (b) 14 বার (c) 10 বার (d) 13 বার
159. কবে প্রতিষ্ঠিত হয় 'আত্মোন্নতি সমিতি'?
(a) 1897 সালে (b) 1898 সালে (c) 1899 সালে (d) 1900 সালে
160. বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট কবে প্রতিষ্ঠিত হয়?
(a) 1855 সালে (b) 1856 সালে (c) 1857 সালে (d) 1858 সালে
161. 'বঙ্গভঙ্গ একটি স্থিরীকৃত ঘটনা' উক্তিটি কার?
(a) লর্ড রিপন (b) লর্ড কার্জন (c) লর্ড লিটন (d) লর্ড ক্যানিং
162. কবিশেখর কার খেতাবি নাম?
(a) মুকুন্দরাম চক্রবর্তী (b) কালিদাস রায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) কেউই নন
163. দ্য গড অফ স্মল থিংস কার লেখা?
(a) শশী থারুর (b) অরুন্ধতী রায় (c) অমিতাভ ঘোষ (d) রামচন্দ্র গুহ
164. কবে পালিত হয় বিশ্ব জলদিবস?
(a) 22 জানুয়ারি (b) 22 অগস্ট (c) 22 ফেব্রুয়ারি (d) 22 মার্চ
165. সিক্স মেশিন কার লেখা?
(a) বিরাট কোহলি (b) শচীন তেন্ডুলকর (c) ক্রিস গেইল (d) কেউই নন
166. 2020-এর অলিম্পিক অনুষ্ঠিত হবে:
(a) কাতার (b) টোকিও (c) লন্ডন (d) কোনওটিই নয়
167. টেলিস্কোপের নলের উভয় প্রান্তেই থাকে:
(a) সম অবতল লেন্স (b) সম উত্তল লেন্স (c) উত্তল লেন্স (d) অবতল লেন্স
168. এক্স রশ্মি যার মধ্য দিয়ে যেতে পারে না:
(a) হাড় (b) মাংস (c) লোহা (d) সোনা
169. হাবল হল একটি:
(a) নক্ষত্র (b) বাদ্যযন্ত্র (c) পারমাণবিক যন্ত্র (d) মহাকাশ দূরবীক্ষণ যন্ত্র
170. দন্ত চিকিৎসকেরা ব্যবহার করেন:
(a) উত্তল আয়না (b) অবতল আয়না (c) সমতল আয়না (d) বিশেষ ধরনের আয়না
171. ভারতের জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?
(a) সরোজিনী নাইডু (b) অরুণা আসফ আলি (c) অ্যানি বেসান্ত (d) কেউই নন
172. ভারতের রয়্যাল নৌবাহিনীর বিদ্রোহ কবে হয়েছিল?
(a) 1946 সালের ফেব্রুয়ারি (b) 1946 সালের অগস্ট (c) 1946 সালের নভেম্বর (d) 1945 সালের ফেব্রুয়ারি
173. ভারতে স্বাধীনতা প্রাপ্তির সময় ব্রিটিশ প্রধানমন্ত্রীর নাম কী ছিল?
(a) চার্চিল (b) ম্যাকডোনাল্ড (c) অ্যাটলি (d) লয়েড জর্জ
174. সাম্প্রদায়িক বাঁটোয়ারা ঘোষণা করেন:
(a) মাউন্টব্যাটেন (b) অ্যাটলি (c) লর্ড রিপন (d) র‍্যামসে ম্যাকডোনাল্ড
175. নীচের কে ক্যাবিনেট মিশনের সদস্য ছিলেন না?
(a) স্ট্যাফোর্ড ক্রিপস (b) এ ডি আলেকজান্ডার (c) পেথিক লরেন্স (d) সাইমন
176. কেরলে বর্ষা শুরু হয়:
(a) 8 জুন (b) 9 জুন (c) 10 জুন (d) ওপরের কোনওটিই নয়
177. ——— দেশের সাহায্যে ভিলাই লৌহ ইস্পাত শিল্প গড়ে ওঠে?
(a) অস্ট্রেলিয়া (b) আমেরিকা (c) ব্রিটেন (d) রাশিয়া
178. কোন নদীর তীরে গান্ধীনগর রয়েছে?
(a) নর্মদা (b) কাবেরী (c) সবরমতী (d) ব্রহ্মপুত্র
179. কোন রাজ্যে শিবসমুদ্রম জলবিদ্যুৎ কেন্দ্র রয়েছে?
(a) অন্ধ্রপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) কর্নাটক (d) উত্তরপ্রদেশ
180. নীচের কোন অঞ্চলের ভূমিরূপ হল বালিয়াড়ি?
(a) পাঞ্জাব (b) মধ্যপ্রদেশ (c) মহারাষ্ট্র (d) পশ্চিম রাজস্থান
181. ভারতে প্রথম পারমাণবিক কেন্দ্র কোনটি?
(a) তারাপুর (b) নারোরা (c) ট্রম্বে (d) ইলেকট্রনিক্স

*এরপর কুড়ির পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

182. কোন জেলার সদর দপ্তর বালুরঘাট?
(a) পুরুলিয়া (b) বর্ধমান (c) দক্ষিণ দিনাজপুর (d) উত্তর দিনাজপুর

183. নীচের কোন রাজ্যের মধ্য দিয়ে কর্কটক্রান্তি রেখা গিয়েছে?
(a) উত্তরপ্রদেশ (b) মধ্যপ্রদেশ (c) অন্ধ্রপ্রদেশ (d) মহারাষ্ট্র

184. কোনও বস্তুর ওজন সর্বাধিক হবে:
(a) পৃথিবীর পৃষ্ঠে (b) পৃথিবীর কেন্দ্র থেকে অসীম দূরত্ব পর্যন্ত ওজনের একই মান হবে (c) পৃথিবীর থেকে অসীম দূরত্বে (d) পৃথিবীর কেন্দ্রে

185. পশ্চিমবঙ্গের বাগিচা কৃষি নীচের কোন জেলার বৈশিষ্ট্য?
(a) হাওড়া (b) বর্ধমান (c) বাঁকুড়া (d) দার্জিলিং

186. গঙ্গা নদী সমুদ্রে প্রবাহিত হয়:
(a) বদ্বীপের মাধ্যমে (b) মোহানার মাধ্যমে (c) পাখির পায়ের মতো মোহানার মাধ্যমে (d) ওপরের কোনওটিই নয়

187. ভারতের একটি বিখ্যাত শীতল জলের প্রস্রবণ হল:
(a) তাতাপানি (b) অনন্তনাগ (c) ভেরিনাগ (d) কোনওটিই নয়

188. কোন মাসে ভারতে দিনের মেয়াদকাল বেশি হয়?
(a) ডিসেম্বর (b) মার্চ (c) এপ্রিল (d) জুন

189. কাবেরী নদীর জলবণ্টন নিয়ে বিবাদমান রাজ্য দু'টির নাম লিখুন।
(a) কর্নাটক ও মহারাষ্ট্র (b) কর্নাটক ও তামিলনাড়ু (c) কেরল ও অন্ধ্রপ্রদেশ (d) কোনওটিই নয়

190. শ্রীনগর কোন নদীর তীরে রয়েছে?
(a) শতদ্রু (b) পাঞ্জাব (c) ঝিলাম (d) ইরাবতী

191. মহাধর্মাধিকরণের বিচারপতিগণের অবসরের বয়স কত?
(a) 58 বছর (b) 65 বছর (c) 70 বছর (d) 62 বছর

192. পশ্চিমবঙ্গের লাল মাটি অঞ্চলের নাম:
(a) বারেন্দ্র (b) রাঢ় (c) ভাবর (d) কোনওটিই নয়

193. মপাসাঁ হলেন একজন:
(a) নাট্যকার (b) ছোটগল্পকার (c) ঔপন্যাসিক (d) শিক্ষাবিদ

194. ISO-এর কততম সদস্য রাষ্ট্র হল পালাউ?
(a) 75তম (b) 76তম (c) 77তম (d) 72তম

195. আন্তর্জাতিক ন্যায় দিবস কবে পালিত হল?
(a) 17 জুলাই (b) 17 ফেব্রুয়ারি (c) 17 অগস্ট (d) 17 নভেম্বর

196. 'Vahli Dikria Yojana' কাদের জন্য চালু হয়েছে?
(a) শ্রমিকদের জন্য (b) ব্যবসায়ীদের জন্য (c) শিশু কন্যাদের জন্য (d) কোনওটিই নয়

197. 2019 সালের রমন ম্যাগসাইসাই পুরস্কারে সমৃদ্ধ হলেন:
(a) রজতাভ বসু (b) রাভিশ কুমার (c) অরবিন্দ মিশ্রা (d) কোনওটিই নয়

198. 'SEZ'-এর পুরো নাম:
(a) Special Eastern Zone (b) Southern Economic Zone (c) South European Zone (d) Special Economic Zone

199. সংবিধানের কোন তফশিলে নগর পালিকা বিল রয়েছে?
(a) দ্বাদশ (b) তৃতীয় (c) চতুর্থ (d) সপ্তম

200. টাকার অবমূল্যায়ন হলে দেশের রপ্তানি:
(a) একই থাকবে (b) বাড়বে (c) কমবে (d) ওপরের কোনওটিই নয়

### উত্তর

117(d), 118(b), 119(a), 120(a), 121(c), 122(d), 123(b), 124(d), 125(a), 126(a), 127(b), 128(a), 129(c), 130(c), 131(c), 132(a), 133(c), 134(c), 135(a), 136(a), 137(d), 138(b), 139(a), 140(c), 141(c), 142(a), 143(d), 144(d), 145(b), 146(d), 147(c), 148(c), 149(b), 150(a), 151(c), 152(c), 153(c), 154(c), 155(d), 156(a), 157(a), 158(a), 159(a), 160(b), 161(b), 162(b), 163(b), 164(d), 165(c), 166(b), 167(b), 168(a), 169(d), 170(a), 171(a), 172(a), 173(c), 174(d), 175(d), 176(d), 177(d), 178(c), 179(c), 180(d), 181(a), 182(c), 183(b), 184(a), 185(d), 186(a), 187(c), 188(d), 189(b), 190(c), 191(b), 192(b), 193(b), 194(b), 195(a), 196(c), 197(b), 198(d), 199(a), 200(b).

### সমাধান

132(a): 4 → 10 → 22 → 46 → 94
+6, +(6 × 2), (6 × $2^2$), (6 × $2^3$)

133(c):

| C | A | B | L | E | Y | Z | X | P |
|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| X | Z | Y | O | V | B | A | C | K |

C + X = 27(3 + 24)
A + Z = 27(1 + 26)
B + Y = 27(12 + 15)
L + O = 27 (12 + 15)
E + V = 27 (5 + 22)

134(c): 24 → 25 → 27 → 31 → 39 → 55
+1, + (1 × 2), + (2 × 2), + (4× 2), + (8× 2)

135(a): মণিপুরি একটি Dance এর নাম। উর্দু ভাষার নাম।

137(d):

| M | A | S | O | N |
|---|---|---|---|---|
| ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 |
| N | B | T | P | O |

| W | O | R | L | D |
|---|---|---|---|---|
| ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 | ↓+1 |
| X | P | S | M | E |

138(b): 2 3 4 9 8 27 16
2 → 4 → 8 → 16: × 2, × 2, × 2
3 → 9 → 27: × 3, × 3

139(a):

| C | O | C | K | F | O | O | D |
|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 5 | 1 | 5 | 3 | 4 | 1 | 1 | 6 |
| D | O | L | L | C | R | O | W |
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 6 | 1 | 9 | 9 | 5 | 8 | 1 | 2 |
| R | I | C | E | | | | |
| ↓ | ↓ | ↓ | ↓ | | | | |
| 8 | 0 | 5 | 7 | | | | |

140(c): $11_{C_1} \times 10_{C_1} = 11 \times 10 = 110.$

141(c): 46 56 67 80 88 104
56 → 80 → 104: +24, +24
46 → 67 → 88: +21, +21

142(a): $\xrightarrow{3^1 - 1^3} 2 \xrightarrow{3^2 - 2^3} 1 \xrightarrow{3^3 - 3^3} 0 \xrightarrow{3^4 - 4^3} 17 \xrightarrow{3^5 - 5^3}$

$11.8 \xrightarrow{3^6 - 6^3} 513 \xrightarrow{3^7 - 7^3} \boxed{1844}$

143(d):

| R | E | S | C | U | E | P | R | O | B | L | E | M |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 3 | 7 | 2 | 0 | 5 | 7 | 9 | 3 | 4 | 8 | 1 | 7 | 6 |

| P | R | O | C | U | R | E |
|---|---|---|---|---|---|---|
| ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ | ↓ |
| 9 | 3 | 4 | 0 | 5 | 3 | 7 |

144(d):




∴ M, O-এর পুত্র।

145(b): 60 ÷ 4 = 15, Similarly, 1 ÷ 4 = $\frac{1}{4}$.

146(d): 7 ÷ 1 = 7   28 ÷ 2 = 14   63 ÷ 3 = 21   124 ÷ 4 = 31
215 ÷ 5 = 43,   342 ÷ 6 = 57,   511 ÷ 7 = 73
∴ এক্ষেত্রে 28 বাদে সবগুলির ভাগফল বিজোড় সংখ্যা।

147(c):




ত্রিভুজ– ABC, ABE, ACE, AGD, BDE, DEG, ADE, AGF, ADF, AFE, EFG, CEF, DEF.

148(c):




149(b): Pencil দিয়ে লেখা (Write) হয়, Knife দিয়ে কোনও বস্তু Prick করা হয়।

*প্রস্তুত করেছেন: ধীমান ঘোষ*

# রেলে ১০৩৭৬৯ গ্রুপ ডি

## নিয়োগ-পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*উনিশের পাতার পর*

$2(x \times 2x + 2x \times 3x + x \times 3x) = 88$
বা, $2 \times 11x^2 = 88$ বা, $x^2 = 4$ বা, $x = 2$
বাহুগুলি হল 2, 4 ও 6 ∴ আয়তন = (2 × 4 × 6) = 48 ঘনসেমি

72(d): চিহ্নিত মূল্য = $8750 \times \frac{100}{70} = 12500$ টাকা।

73(d): সরল সুদ = $\frac{1000 \times 4 \times 10}{100} = 400$ টাকা

যৌগিক সুদ = $1000\left(1+\frac{10}{100}\right)^4 = 1000 = 1000\left\{\left(\frac{11}{10}\right)^4 - 1\right\}$

$= 1000\left(\frac{14641-10000}{10000}\right) = 1000 \times \frac{4641}{10000} = 464.10$ টাকা

∴ পার্থক্য = 464.10 − 400 = 64.10 টাকা।

74(b): ছাত্রসংখ্যার $\frac{1}{10}$ = ছাত্রীসংখ্যার $\frac{1}{4}$
ছাত্রসংখ্যা : ছাত্রীসংখ্যা = 10 : 4 = 5 : 2.

75(a): মিনিটের কাঁটা 55 মিনিট ঘর যায় 60 মিনিটে
মিনিটের কাঁটা 45 মিনিট ঘর যায় $\frac{60 \times 45}{55}$ মিনিটে = $49\frac{1}{11}$ মিনিট
∴ 9টা বেজে $49\frac{1}{11}$ মিনিটে কাঁটাদু'টি একত্রে থাকবে।

76(d): 49 : 81 = $7^2 : (7 + 2)^2$
∴ 100 : ? = $10^2 : (10 + 2)^2$ = 100 : 144.

77(c): 10 : 99 = $\sqrt{99+1}$ : 99
∴ ? : 195 = $\sqrt{195+1}$ : 195 = 14 : 195.

78(d): 36 : 50 = $6^2 : (6 + 1)^2 + 1$
∴ 49 : ? = $7^2 : (7 + 1)^2 + 1$ = 49 : 65.

79(a): প্রথম চিত্রে 4 × 7 × 9 + 10 = 252 + 10 = 262
দ্বিতীয় চিত্রে 3 × 5 × 6 + 9 = 90 + 9 = 99
∴ তৃতীয় চিত্রে 7 × 8 × 10 + 13 = 560 + 13 = 573.

80(c): প্রথম চিত্র (10 + 5) × (14 − 12) = 15 × 2 = 30
দ্বিতীয় চিত্র (11 + 9) × (17 − 10) = 20 × 7 = 140
∴ তৃতীয় চিত্র = (15 + 10) × (9 − 8) = 25% = 25.

81(b): প্রথম চিত্রে (453 − 364) = 89, দ্বিতীয় চিত্রে (523 − 124) = 399
∴ তৃতীয় চিত্রে (379 − 529) = 150.

82(c): প্রথম সারি 12 + 13 − 16 = 9, তৃতীয় সারি 21 + 17 − 29 = 9
∴ দ্বিতীয় সারি 27 + 18 − x = 15 ∴ x = 30.

**(83 to 87)**




83(d): P, S-এর ঠিক বাঁদিকে আছে।
84(a): J, T-এর বাঁদিকে তৃতীয় স্থানে আছে।
85(b): T, Q-এর স্ত্রী নয়।
86(a): V ও Q-এর স্ত্রীরা (U ও T) পাশাপাশি বসে আছে।
87(c): UTV ছাড়া বাকি চারটির প্রতিটি ক্ষেত্রে তৃতীয় ব্যক্তি প্রথম ও দ্বিতীয় ব্যক্তির মাঝে আছে।

88(b): 10 C 4 A 4 C 4 B 6
= 10 × 4 + 4 × 4 − 6 = 40 + 16 − 6 = 50.

89(a): M × J ÷ 2 + J = 24 × 4 ÷ 8 + 4 = 12 + 4 = 16.

90(a): 25 ↓ 5 → 3 ↑ 6 ← 8 = 25 ÷ 5 + 3 × 6 − 8 = 5 + 18 − 8 = 15.

91(b): 99 [79] 88 70 77 59 66 48
79 → 70, 77 → 66: −11, −11
99 → 88, 70 → 59, 59 → 48: −11, −11, −11

92(a): $(6^3 - 1) = 215$, $(3^3 + 1) = 28$, $(4^3 - 1) = 63$
$(5^3 + 1) = 126$, $(2^3 - 1) = 7$, $(7^3 + 1) = \boxed{344.}$

93(a): $9^2 = 81$, $8^2 = 64$, $7^2 = 49$
$6^2 = \boxed{36}$, $5^2 = 25$, $4^2 = 16$.

94(b): 5040, (5040 ÷ 6) = 840, (840 ÷ 5) = $\boxed{168}$
(168 ÷ 4) = 42, (42 ÷ 3) = 14, (14 ÷ 2) = 7.

95(a): $4^2 + 1 = 17$, $8^2 + 1 = 65$, $9^2 + 1 = 82$, $6^2 + 1 = 37$
$10^2 + 1 = 101$, $7^2 + 1 = 50$, $5^2 + 1 = \boxed{26}$

96(c): অর্থপূর্ণ সারিতে ক্রম অনুসারে সাজালে নিম্নরূপ হবে :
Community → School → Classroom → Desk → Drawer.

97(a): অর্থপূর্ণ সারিতে ক্রম অনুসারে সাজালে নিম্নরূপ হবে:
Mine → Ore → Process → Gold → Ornament.

98(b): অর্থপূর্ণ সারিতে ক্রম অনুসারে সাজালে নিম্নরূপ হবে:
Seed → Embryo → Germination → Plant → Flower → Fruit.

99(a):




∴ উত্তর-পশ্চিম দিক পরিবর্তিত হবে দক্ষিণ-পূর্ব দিকে।

100(c):




*প্রস্তুত করেছেন: অভিষেক রায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

পি এস সি-র মাধ্যমে

# মিসলেনিয়াস প্রিলিমিনারি

## পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

79. 9 জন ছাত্র ও একজন শিক্ষকের গড় বয়স 15 বছর। প্রথম 4 জন ছাত্রের গড় বয়স 19 বছর ও শেষ 5 জন ছাত্রের গড় বয়স 10 বছর হলে, শিক্ষকের বয়স:
(a) 24 বছর (b) 26 বছর (c) 28 বছর (d) 30 বছর

80. P : Q = 2 : 3, Q : R = 5 : 8 এবং R : S = 9 : 10, P = 27 হলে S-এর মান:
(a) 72 (b) 80 (c) 90 (d) 96

81. 800টি আম 4 জন পুরুষ, 10 জন স্ত্রীলোক ও 16 জন বালকের মধ্যে এমনভাবে ভাগ করা হল যে, একজন পুরুষের $\frac{1}{3}$ অংশ, একজন স্ত্রীলোকের $\frac{1}{2}$ অংশ, একজন বালকের $\frac{3}{4}$ অংশের সমান হয়। প্রতিটি বালক ক'টি আম ভাগে পেয়েছিল?
(a) 20 (b) 30 (c) 45 (d) 50

82. এক ব্যক্তি মোট সঞ্চয়ের $\frac{1}{4}$ অংশ A কোম্পানিতে, $\frac{1}{5}$ অংশ B কোম্পানিতে এবং অবশিষ্ট 27500 টাকা C কোম্পানিতে বিনিয়োগ করে। A কোম্পানিতে বিনিয়োগের পরিমাণ:
(a) 1000 টাকা (b) 1500 টাকা (c) 1250 টাকা (d) 1200 টাকা

83. একটি যৌথ ব্যবসায় B, 3500 টাকা ও A কিছু টাকা বিনিয়োগ করে। মোট লাভ থেকে A ব্যবসা পরিচালনার জন্য পায় 250 টাকা এবং অবশিষ্ট টাকা মূলধনের অনুপাতে ভাগ করা হয়। ব্যবসায় মোট লাভ 900 টাকা থেকে A পায় 550 টাকা। ব্যবসায়ে A-এর বিনিয়োগ:
(a) 3000 টাকা (b)2500 টাকা (c) 4000 টাকা (d) 5000 টাকা

84. একটি বিদ্যালয়ে ছাত্র ও ছাত্রীর সংখ্যার অনুপাত 3 : 2, ছাত্রদের 20% এবং ছাত্রীদের 25% স্কলারশিপ পায়। শতকরা কতজন ছাত্র-ছাত্রী স্কলারশিপ পায়নি?
(a) 48 (b) 54 (c) 60 (d) 78

85. 9.6 কিলোগ্রাম, 7.2 কিলোগ্রাম, 28.8 মিটারের চতুর্থ সমানুপাতী:
(a) 21.6 (b) 21.6 কিলোগ্রাম (c) 21.6 মিটার (d) 18.6 মিটার

86. জলকে বরফে পরিণত করলে 10% আয়তন বাড়ে। বরফ গলে জলে পরিণত হলে, আয়তন কমে:
(a) $9\frac{1}{11}$ % (b) 10% (c) 11% (d) $9\frac{10}{11}$ %

87. একটি সংখ্যার 25% এর সঙ্গে 150-এর 30% যোগ করা হল। যোগফল 75 হলে, সংখ্যাটি হয়:
(a) 80 (b) 55 (c) 60 (d) 120

88. এক ব্যক্তি 500 টাকায় একটি ঘোড়া ও একটি গাড়ি কিনল। ঘোড়াটি 20% লাভে এবং গাড়িটি 10% লোকসানে বিক্রয় করে দেখা যায় মোটের ওপর 2% লাভ হয়েছে। ঘোড়ার ক্রয়মূল্য কত?
(a) 250 টাকা (b) 300 টাকা (c) 200 টাকা (d) 180 টাকা

89. কলকাতা থেকে পাঁশকুড়ার বাসভাড়া ও ট্রেনভাড়া যথাক্রমে 2 টাকা ও 3 টাকা। যদি ট্রেনভাড়া 20% ও বাসভাড়া 10% বৃদ্ধি পায়, তাহলে ট্রেন ও বাসের বর্ধিত ভাড়ার অনুপাত হয়:
(a) 11 : 18 (b) 6 : 11 (c) 11 : 21 (d) 18 : 11

90. সমপরিমাণ অর্থ 16% সরল সুদে দু'জন পৃথক ব্যক্তিকে যথাক্রমে 3 বছর ও 5 বছরের জন্য ধার দেওয়া হয়। সময় শেষে উভয় সুদের পার্থক্য 960 টাকা হলে, প্রত্যেককে কত টাকা ধার দিয়েছিল?
(a) 6000 টাকা (b) 6300 টাকা (c) 4200 টাকা (d) 3000 টাকা

91. 2186 টাকা বার্ষিক 4% সরল সুদে এমন তিনটি ভাগে ভাগ করে জমা রাখতে হবে, যাতে প্রথম টাকার 1 বছরের সুদ-আসল, দ্বিতীয় টাকার 2 বছরের সুদ-আসল এবং তৃতীয় টাকার 3 বছরের সুদ-আসল সমান হয়। 3 বছরের জন্য কত টাকা জমা রাখতে হবে?
(a) 702 টাকা (b) 728 টাকা (c) 756 টাকা (d) 729 টাকা

92. এক ব্যবসায়ী দু'টি দ্রব্যের একটি 20% লাভে এবং অপরটি 10% লাভে বিক্রয় করায় মোট বিক্রয়মূল্য হয় 46 টাকা। আবার উভয় দ্রব্য 15% লাভে বিক্রয় করলে মোট বিক্রয়মূল্য পূর্বের সমান হয়। প্রথম দ্রব্যটি কত টাকায় বিক্রয় করেছিল?
(a) 20 টাকা (b) 22 টাকা (c) 24 টাকা (d) 25 টাকা

93. 561 এর মৌলিক উৎপাদকগুলির যোগফল:
(a) 31 (b) 12 (c) 40 (d) 41

94. দু'টি সংখ্যার অনুপাত 5 : 7, তাদের পার্থক্য 60 হলে, সংখ্যাদু'টি:
(a) 150, 210 (b) 500, 700 (c) 50, 110 (d) 55, 115

95. দু'টি সংখ্যার যোগফল ও বিয়োগফল যথাক্রমে $9\frac{5}{8}$ এবং $4\frac{3}{8}$ সংখ্যাদু'টির গুণফল:
(a) 18 (b) $18\frac{3}{8}$ (c) $15\frac{3}{8}$ (d) $17\frac{3}{8}$

96. একটি চৌবাচ্চা A নল দ্বারা 5 মিনিটে জলপূর্ণ হয় এবং B নল দ্বারা 10 মিনিটে খালি হয়। অর্ধেক জলপূর্ণ অবস্থায় নল দু'টি একসঙ্গে খুললে কতক্ষণে চৌবাচ্চার $\frac{3}{4}$ অংশ পূর্ণ হবে?
(a) $2\frac{1}{2}$ মিনিটে (b) 5 মিনিটে (c) $7\frac{1}{2}$ মিনিটে (d) $4\frac{3}{4}$ মিনিটে

97. একটি খাদ্য ভাণ্ডারে 1800 জন লোকের 10 সপ্তাহের খাদ্য মজুত ছিল। ওই খাদ্য কতজন লোকের 20 সপ্তাহ চলবে, যদি প্রত্যেকে $\frac{1}{10}$ অংশ খাদ্য কম খায়।
(a) 900 (b) 950 (c) 1000 (d) 1050

98. একটি জলপূর্ণ পাত্রের ওজন 40 কিলোগ্রাম এবং অর্ধ জলপূর্ণ পাত্রের ওজন 30 কিলোগ্রাম। খালি পাত্রের ওজন:
(a) 25 কিলোগ্রাম (b) 20 কিলোগ্রাম (c) 15 কিলোগ্রাম (d) 10 কিলোগ্রাম

99. একটি ট্রেন হাওড়া থেকে বর্ধমান যায় 45 কিলোমিটার গতিতে এবং ফিরে আসে 36 কিলোমিটার গতিতে। সমগ্র যাত্রাপথে ট্রেনটির গড় গতি ঘণ্টায়:
(a) 40.5 কিমি (b) 40 কিমি (c) 37.8 কিমি (d) 42 কিমি

100. একটি দ্রুতগামী নৌকা স্রোতের অনুকূলে 200 কিমি পথ অতিক্রম করে 4 ঘণ্টায় এবং স্রোতের প্রতিকূলে ওই দূরত্ব অতিক্রম করে ফিরে আসে 5 ঘণ্টায়। স্থির জলে নৌকার গতি ঘণ্টায়:
(a) 35 কিমি (b) 40 কিমি (c) 50 কিমি (d) 45 কিমি

### উত্তর

79(a), 80(a), 81(a), 82(c), 83(a), 84(d), 85(c), 86(a), 87(d), 88(c), 89(d), 90(d), 91(a), 92(c), 93(a), 94(a), 95(b), 96(a), 97(c), 98(b), 99(b), 100(d).

### সমাধান

76(c): A থেকে C স্থানের দূরত্ব $=\sqrt{12^2+5^2}=\sqrt{169}=13$ কিলোমিটার।

77(c): ঘরের দৈর্ঘ্য, প্রস্থ, উচ্চতা 2 গুণ হলে,
চার দেওয়ালের ক্ষেত্রফল $2^2 = 4$ গুণ হবে
$\therefore$ দ্বিতীয় ঘরে রং করতে $4 \times 475 = 1900$ টাকা খরচ হবে।

78(c): দু'টি বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে $(40 \div 4) = 10$ সেমি ও $(24 \div 4) = 6$ সেমি
তাহলে তৃতীয় বর্গক্ষেত্রের ক্ষেত্রফল $10^2 - 6^2 = 64$ বর্গসেমি
$\therefore$ তৃতীয় বর্গক্ষেত্রের পরিসীমা $=(4.\sqrt{64})= 32$ সেমি।

79(a): শিক্ষকের বয়স $= (15 \times 10) - (4 \times 19 + 5 \times 10) = 24$ বছর।

80(a): P : Q = 2 : 3, Q : R = 5 : 8 এবং R : S = 9 : 10 হলে,
$\frac{P}{S}=\frac{P}{Q}\times\frac{Q}{R}\times\frac{R}{S}=\frac{2}{3}\times\frac{5}{8}\times\frac{9}{10}=\frac{3}{8}$
$\therefore S = 27 \times \frac{8}{3} = 72.$

81(a): পুরুষের $\frac{1}{3}$ = স্ত্রীলোকের $\frac{1}{2}$ = বালকের $\frac{3}{4}$ হলে, একজন পুরুষ, স্ত্রীলোক ও বালকের অংশের অনুপাত $= (3 \times 3) : (3 \times 2) : (1 \times 4) = 9 : 6 : 4$
$\therefore$ 4 জন পুরুষ, 10 জন স্ত্রীলোক ও 16 জন বালকের মধ্যে প্রাপ্য আমের অনুপাত $= (4 \times 9) : (6 \times 10) : (4 \times 16) : = 9 : 15 : 16$
$\therefore$ প্রতিটি বালক ভাগে পেয়েছিল $=\left(800\times\frac{16}{40}\right)\div 16 = 20$টি আম।

82(c): C কোম্পানিতে বিনিয়োগ করে $= 1-\left(\frac{1}{4}+\frac{1}{5}\right)=\frac{11}{20}$ অংশ
$\therefore$ A কোম্পানিতে বিনিয়োগ করে $=\left(2750\times\frac{20}{11}\times\frac{1}{4}\right)= 1250$ টাকা।

83(a): মূলধনের অনুপাতে A পায় $= (550 - 250) = 300$ টাকা এবং B পায় $= (900 - 550) = 350$ টাকা
$\therefore$ A-এর মূলধন $=\left(3500\times\frac{300}{350}\right)$ টাকা = 3000 টাকা।

84(d): ধরি, ছাত্র ও ছাত্রীর সংখ্যা যথাক্রমে 300 ও 200 জন
স্কলারশিপ পায় মোট $= (300 \times 20\%) + (200 \times 25\%) = 110$ জন
$\therefore$ স্কলারশিপ পায়নি $=\left(\frac{500-110}{500}\right)\times 100 = 78\%.$

85(c): চতুর্থ সমানুপাতী = x ধরা হলে—
9.6 কিলোগ্রাম : 7.2 কিলোগ্রাম = 28.8 মিটার : x মিটার
$\therefore x=\left(28.8\times\frac{7.2}{9.6}\right)$ মিটার = 21.6 মিটার।

86(a): $10\% = \frac{1}{10}$
$\therefore$ আয়তন কমবে $=\frac{1}{(10+1)}\times 100 = 9\frac{1}{11}\%.$

87(d): সংখ্যাটি = x ধরা হলে, x-এর 25% + 150 এর 30% = 75
বা, $\frac{x}{4} = 75 - 45$ $\therefore x = 30 \times 4 = 120.$

88(c): গাড়ির ও ঘোড়ার দামের অনুপাত $= (20 - 2) : (10 + 2) = 3 : 2$
$\therefore$ ঘোড়ার দাম $=\left(500\times\frac{2}{5}\right)= 200$ টাকা।

89(d): পরিবর্তিত ট্রেন ও বাসভাড়ার অনুপাত $(3 \times 120\%) : (2 \times 110\%) = 360 : 220 = 18 : 11.$

90(d): *TRICK:* 16% (5 – 3) বা, 32% = 960 টাকা
$\therefore 100\% = \left(\frac{960}{32}\times 100\right)= 3000$ টাকা।

91(a): প্রথম টাকা সুদ-আসলে 1 বছরে = 104%
দ্বিতীয় টাকা = 108% এবং তৃতীয় টাকা = 112% হয়
$\therefore$ তিনটি আসলের অনুপাত $=\frac{1}{104}:\frac{1}{108}:\frac{1}{112}=\frac{1}{26}:\frac{1}{27}:\frac{1}{28}$
$= 756 : 728 : 702$
অনুপাত সমষ্টি = 756 + 728 + 702 = 2186 টাকা।
$\therefore$ 3 বছরের জন্য 702 টাকা জমা রাখা হয়েছিল।

92(c): প্রথম দ্রব্যের (20 – 15)% = দ্বিতীয় দ্রব্যের (15 – 10)%
অর্থাৎ দু'টি দ্রব্যের ক্রয়মূল্য সমান
তাহলে, 110% + 120% বা, 230% = 46 টাকা
$\therefore$ প্রথম দ্রব্যের বিক্রয়মূল্য 120%— $46 \times \frac{120}{230} = 24$ টাকা।

93(a): $561 = 11 \times 3 \times 17$
মৌলিক উৎপাদকগুলির সমষ্টি = 11 + 3 + 17 = 31
*TIP* → 561-এর ধারের দু'টি অঙ্কের সমষ্টি (5 + 1) মাঝের অঙ্কের (6) সমান
অর্থাৎ সংখ্যাটি 11 দ্বারা বিভাজ্য।

94(a): *TIP* → সংখ্যা = গ.সা.গু. × অনুপাত
$\therefore$ নির্ণেয় সংখ্যাজোড়া $= 60 \times \frac{5}{(7-5)} = 150$ এবং $= 60 \times \frac{7}{(7-5)} = 210.$

95(b): *TIP* → বড়সংখ্যা = (যোগফল + বিয়োগফল) ÷ 2
ছোট সংখ্যা = (যোগফল – বিয়োগফল) ÷ 2
অথবা, ছোটসংখ্যা = যোগফল – বড়সংখ্যা
$\therefore$ বড় সংখ্যাটি $=\left(9\frac{5}{8}+4\frac{3}{8}\right)\div 2 = 14 \div 2 = 7$
এবং ছোট সংখ্যা $= 9\frac{5}{8} - 7 = 2\frac{5}{8}$
$\therefore$ নির্ণেয় গুণফল $= 7 \times 2\frac{5}{8} = 14 + \frac{35}{8} = 18\frac{3}{8}$.

96(a): দু'টি নল দিয়ে সম্পূর্ণ জলপূর্ণ হয় $=\frac{5\times 10}{10-5}= 10$ মিনিটে
$\therefore \left(\frac{3}{4}-\frac{1}{2}\right)=\frac{1}{4}$ অংশ জলপূর্ণ হয় $=\left(10\times\frac{1}{4}\right)=2\frac{1}{2}$ মিনিটে।

97(c): প্রত্যেকে $\left(1-\frac{1}{10}\right)=\frac{9}{10}$ অংশ খাদ্য খায়
$\therefore$ নির্ণেয় লোকসংখ্যা $=\frac{1800\times 10}{20}\times\frac{10}{9}= 1000$ জন।

98(b): পাত্রের ওজন $= (2 \times 30) - 40 = 20$ কিলোগ্রাম।

99(b): *TIP* গড় গতি $=\frac{2\times(\text{যাওয়ার গতি}\times\text{আসার গতি})}{(\text{যাওয়ার গতি}+\text{আসার গতি})}$

100(d): অনুকূল গতি $= (200 \div 4) = 50$ কিলোমিটার এবং প্রতিকূলে গতি $(200 \div 5) = 40$ কিলোমিটার
$\therefore$ স্থির জলে নৌকার গতি $(50 + 40) \div 2 = 45$ কিলোমিটার।

*প্রস্তুত করেছেন: চঞ্চল ঘোষ*

পি এস সি-র মাধ্যমে

# রাজ্য সরকারে ক্লার্ক

## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আঠারোর পাতার পর*

29. ভারতীয় অর্থনীতি হল:
(a) ধনতান্ত্রিক অর্থনীতি (b) সম্পূর্ণ নিয়ন্ত্রিত ব্যক্তিগত মালিকানাহীন অর্থনীতি (c) মিশ্র অর্থনীতি (d) কোনওটিই নয়

30. কোন ক্ষেত্রে ভারতের টাকা পূর্ণ পরিবর্তনযোগ্য?
(a) ক্যাপিটাল (Capital) অ্যাকাউন্ট (b) ট্রেড (Trade) অ্যাকাউন্ট (c) কারেন্ট (Current) অ্যাকাউন্ট (d) কোনওটিই নয়

31. 'সবুজ বিপ্লব' প্রথম কোথায় হয়েছিল?
(a) বিহার ও পশ্চিমবঙ্গে (b) গুজরাট ও মহারাষ্ট্রে (c) পাঞ্জাব ও হরিয়ানায় (d) অন্ধ্রপ্রদেশ ও তামিলনাড়ুতে

32. ভারতের কর্মমুখী জনসংখ্যার কত শতাংশ 'ইনফরমাল' ক্ষেত্রে নিয়োজিত?
(a) 77 (b) 93 (c) 16 (d) 68

33. মহলানবিশ প্রবর্তিত ভারতীয় পরিকল্পনায় যে ক্ষেত্রের উন্নয়নের ওপর জোর দেওয়া হয়েছিল, তা হল:
(a) পরিষেবা ক্ষেত্র (b) কৃষিক্ষেত্র (c) ক্ষুদ্র গ্রামীণ শিল্পক্ষেত্র (d) ভারী মূলধনি বস্তু প্রস্তুতিকরণ শিল্পক্ষেত্র

34. নীচের সংস্থার থেকে ঋণ নেওয়ার ফলে ভারতে Structural Adjustment নীতি চালু হয়:
(a) বিশ্ব ব্যাঙ্ক (b) এশীয় উন্নয়ন ব্যাঙ্ক (c) আন্তর্জাতিক মুদ্রাভাণ্ডার (d) ইউরোপীয় ইউনিয়ন

**Direction (35 and 36):** *Find ot the suitable antonym.*

35. The boy wore a dismal look after having failed to clear the final examination.
(a) despondent (b) beautiful (c) cheerful (d) solemn

36. The liberal views of the leader did not find favour with a section of his party.
(a) prejudiced (b) conservative (c) backward (d) biased

**Direction (37 to 38):** *Write the appropriate preposition.*

37. The woman is standing _____ the door.
(a) on (b) in (c) by (d) at

38. The train was passing _____ a dark tunnel.
(a) through (b) in (c) by (d) under

39. 'To refuse' is to deny but when used as a noun the word can mean:
(a) fuel (b) dust (c) garbage (d) prohibition

40. A day in winter is cold but 'to turn a cold shoulder to a person' is to:
(a) hurt him (b) pursue him (c) ignore him (d) approach him

**Direction (41 to 43):** *Find out the suitable meaning of the given word.*

41. Please expand your commentary on the text.
(a) enlarge (b) magnify (c) increase (d) amplify

42. The Chairman proceeded to speak in a dignified manner.
(a) elegant (b) sarcastic (c) loud (d) stately

43. Compared with the earth, many of the planets are bodies of immense size.

*এরপর বাইশের পাতায়*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি-র মাধ্যমে
# রাজ্য সরকারে ক্লার্ক
## পার্ট ওয়ান পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*একুশের পাতার পর*

(a) vast (b) huge (c) big (d) large
44. Don't judge a book by its:
(a) words (b) cantents (c) cover (d) story
45. Deeds are better than:
(a) hopes (b) appearance (c) actions (d) words
46. Don't count your chickens before they are:
(a) eaten (b) hatched (c) ready (d) cooked
**Direction (47 to 55):** *Find out the suitable antonym.*
47. He spoke in whisper.
(a) shout (b) roar (c) rumble (d) murmur
48. We had a rich diet there.
(a) simple (b) lean (c) poor (d) plain
49. He has a sharp attack of fever.
(a) intermittent (b) sudden (c) slow (d) mild
50. The speaker emphasized the salient paints of the issue.
(a) prominent (b) appropriate (c) accurate (d) relevant
51. As a scholar he is almost peerless.
(a) famous (b) unequalled (c) superb (d) magnificent
52. The old lady is extremely loquacious.
(a) foul-mouthed (b) humorous (c) talkative (d) voluable
53. He faced a crisis and was in a fix.
(a) dumbfounded (b) confused (c) motionless (d) in a difficulty
54. The improved tax collections are a shot in the arm for the country's economy.
(a) shotgun blast (b) close-range shot (c) at arm's length (d) a great encouragement
55. The speaker spoke at length, in fine he urged his audience to be patriotic.
(a) with a noble gesture (b) in conclusion (c) in fine language (d) in telling phrases
56. *Find out the suitable meaning of the given idiom.*
He has been here for years and should know the ins and outs of the job.
(a) all the details (b) entries and exits (c) the problems and their solutions (d) the secrets
**Direction (57 to 61):** *Fill in the blank with suitable word.*
57. In company we must always be _____
(a) courteous (b) sociable (c) friendly (d) social
58. The building does not ______ to safety regulations.
(a) agree (b) conform (c) follow (d) comply
59. A ______ of savages attacked the explorer.
(a) crowd (b) band (c) gang (d) horde
60. He made a _____ promise in front of the temple.
(a) solemn (b) serious (c) grave (d) sober
61. We do not have words strong enough to condemn such a foul and _____ act of murder.
(a) timid (b) timorous (c) dastardly (d) hateful
**Direction (62 to 64):** *Find out the suitable meaning of the given idiom.*
62. The President's visit was called off at the eleventh hour.
(a) At 11 am (b) shortly before noon (c) at the earliest opportunity (d) at the last possible moment
63. The man in the street is opposed to this idea.
(a) the destitude (b) the average ordinary man (c) the beggar (d) the pavement dweller
64. The team made short work of their opponents.
(a) underestimated the strength of (b) avoided working hard (c) fell short of (d) disposed of quickly
65. কোন রাশিটি সবচেয়ে বিপজ্জনক?
(a) আলফা রশ্মি (b) বিটা রশ্মি (c) রঞ্জন রশ্মি (d) গামা রশ্মি
66. আলোকবর্ষ কীসের একক?
(a) দূরত্ব (b) আলো (c) আলোর প্রাবল্য (d) সময়
67. রাডার কোন কাজে ব্যবহৃত হয়?
(a) ভূসংলগ্ন উপগ্রহের স্থান নির্ণয় করতে (b) কোনও বস্তুর, যেমন উড়োজাহাজের অবস্থান নির্ণয় করতে (c) নিমজ্জিত ডুবোজাহাজের অবস্থান নির্ণয় করতে (d) বেতার গ্রাহক থেকে সংকেত গ্রহণ করতে
68. বায়ুমাধ্যমে শব্দতরঙ্গ হল:
(a) অনুদৈর্ঘ্য (b) সমবর্তন (c) তড়িৎচুম্বকীয় (d) তির্যক
69. LCD-এর পূর্ণ রূপ:
(a) লো কারেন্ট ডিসপ্লে (b) লাইট সার্কিট ডিসপ্লে (c) লিকুইড ক্রিস্টাল ডিসপ্লে (d) ওপরের কোনওটিই নয়
70. সাধারণত গার্হস্থ্য বৈদ্যুতিক তারের সংযোগ হল:
(a) শ্রেণি ও সমান্তরাল সজ্জা (b) সমান্তরাল সজ্জা (c) শ্রেণি সজ্জা (d) ওপরের কোনওটিই নয়

71. পাঁচ বছর পূর্বে পিতার বয়স পুত্রের বয়সের 8 গুণ ছিল। 5 বছর পরে পিতার বয়স পুত্রের বয়সের 3 গুণ হবে। পিতার বর্তমান বয়স হল:
(a) 40 বছর (b) 46 বছর (c) 37 বছর (d) 32 বছর
72. একটি লোক 3 মাসের উপার্জন 4 মাসে খরচ করে। এক বছরে তার সঞ্চয় হল 10860 টাকা। তার মাসিক উপার্জন হয়:
(a) 3650 টাকা (b) 3680 টাকা (c) 3600 টাকা (d) 3620 টাকা
73. দু'টি সংখ্যার অনুপাত 3 : 5 এবং এদের গ.সা.গু. 8, সংখ্যা দু'টির ল.সা.গু. হল:
(a) 140 (b) 98 (c) 120 (d) 260
74. সাতটি পরপর সংখ্যার যোগফল 182, বৃহত্তম সংখ্যাটি হল:
(a) 29 (b) 28 (c) 30 (d) 27
75. কোনও আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য 20% বৃদ্ধি পেল ও প্রস্থ 20% হ্রাস পেল। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলের শতকরা পরিবর্তন হয়:
(a) 4% বৃদ্ধি (b) 4% হ্রাস (c) কোনও পরিবর্তন হয় না (d) 5% হ্রাস
76. চারটি বালক A, B, C ও D-এর বয়সের গড় 5 বছর এবং A, B, D ও E -এর বয়সের গড় 6 বছর। যদি C-এর বয়স 8 বছর হয় তবে E-এর বয়স:
(a) 11 বছর (b) 12 বছর (c) 15 বছর (d) 13 বছর
77. 10 টাকায় 12টি কমলালেবু ক্রয় করে 10 টাকায় 8টি করে বিক্রয় করা হল। এখানে লাভের হার (%) হয়:
(a) 45 (b) 30 (c) 25 (d) 50
78. একটি সংখ্যাকে 65 দ্বারা ভাগ করলে 43 ভাগশেষ থাকে। সংখ্যাটিকে 13 দ্বারা ভাগ করলে ভাগশেষ হয়:
(a) 4 (b) 5 (c) 1 (d) 7
79. একটি ঘরের প্রস্থ ঘরটির দৈর্ঘ্যের চেয়ে 2 মিটার কম। ঘরটির ক্ষেত্রফল 48 বর্গমিটার হলে ঘরটির পরিসীমা হয়:
(a) 26 মিটার (b) 34 মিটার (c) 28 মিটার (d) 18 মিটার
80. এক ব্যক্তি তার সঞ্চয়ের 35% দুই পুত্রের প্রত্যেককে দেয় এবং তার অবশিষ্ট অংশ স্ত্রীকে দেয়। যদি স্ত্রী 4332 টাকা পায়, তাহলে তার সঞ্চয়ের পরিমাণ হয়:
(a) 14440 টাকা (b) 16660 টাকা (c) 13330 টাকা (d) 14450 টাকা
81. একটি জলনিকাশী নল একটি চৌবাচ্চাকে 1 ঘণ্টায় খালি করে। একটি ফাটল থাকায় চৌবাচ্চাটি খালি হয় 45 মিনিটে। যখন জলের কল বন্ধ করা হয় তখন ভর্তি চৌবাচ্চা খালি হয় (ফাটলের সাহায্যে):
(a) 3 ঘণ্টায় (b) 4 ঘণ্টায় (c) 4 ঘণ্টা 20 মিনিটে (d) 3 ঘণ্টা 45 মিনিটে
82. A-এর বেতন B-এর থেকে 50% বেশি। B-এর বেতন A-এর থেকে যত কম হবে তার শতকরা হিসাব:
(a) 50% (b) $33\frac{1}{6}$ % (c) $33\frac{1}{3}$ % (d) $55\frac{1}{3}$ %
83. 125টি ফল 36 জন বালক-বালিকার মধ্যে এমনভাবে ভাগ করা হল যাতে প্রত্যেক বালক পায় 3টি ও প্রত্যেক বালিকা পায় 4টি ফল। বালিকার সংখ্যা হল:
(a) 16 (b) 17 (c) 20 (d) 12
84. A ও B ব্যাঙ্ক থেকে বার্ষিক 10% হারে টাকা ধার নেয়। A সুদ সহ মূলধন শোধ করে 5 বছরে এবং B শোধ করে 3 বছরে। A ও B উভয়ই যদি একই টাকা দেয় তাদের ধার করা টাকার অনুপাত হয়:
(a) 13 : 15 (b) 15 : 13 (c) 13 : 20 (d) 20 : 13
85. এক ব্যক্তি তার টাকার 10% খরচ করল এবং অবশিষ্টের 30% হারিয়ে গেল। এখনও তার কাছে 160 টাকা আছে। ওই ব্যক্তির মূল টাকার পরিমাণ:
(a) 1800 টাকা (b) 1900 টাকা (c) 2000 টাকা (d) 2500 টাকা
86. একটি ত্রিভুজের বাহুগুলির অনুপাত $\frac{1}{20}:\frac{1}{15}:\frac{1}{12}$ এবং তার পরিসীমা 30 সেমি। সর্বাপেক্ষা ছোট বাহুর দৈর্ঘ্য হল:
(a) 3 সেমি (b) $3\frac{1}{2}$ সেমি (c) 7 সেমি (d) $7\frac{1}{2}$ সেমি
87. দু'টি সংখ্যার অন্তরফল 15 এবং এদের বর্গমূলের অন্তরফল 1 হলে ক্ষুদ্রতর সংখ্যাটি হল:
(a) 49 (b) 62 (c) 34 (d) 50
88. 12 : 20 = ? : 25, লুপ্ত পদটি হবে:
(a) 20 (b) 15 (c) 17 (d) 12
89. রাম 10 মিনিটে 500 শব্দ টাইপ করতে পারে এবং শ্যাম 10 মিনিটে 400 শব্দ টাইপ করতে পারে। দু'জনে একত্রে কত সময়ে 3600 শব্দ টাইপ করবে?
(a) 49 মিনিটে (b) 40 মিনিটে (c) 41 মিনিটে (d) 42 মিনিটে
90. একটি গোলকের তলের ক্ষেত্রফল (বর্গসেমি) তলটির ঘনফলের (ঘনসেমি) তিনগুণ। গোলকের ব্যাস হবে:
(a) 1.5 সেমি (b) 1 সেমি (c) 4 সেমি (d) 2 সেমি
91. $\sqrt{625}+\sqrt{6.25}+\sqrt{0.0625}$ -এর মান হবে:
(a) 27.25 (b) 27.45 (c) 27.75 (d) 27.35
92. দু'টি বৃত্তের ব্যাসার্ধের অনুপাত 5 : 4 হলে, এদের ক্ষেত্রফলের অনুপাত কত?
(a) 25 : 16 (b) 16 : 25 (c) 8 : 9 (d) 9 : 8
93. একটি বস্তু 30 টাকায় বিক্রি করলে 25% লাভ হয়। যদি বস্তুটিকে 33.60 টাকায় বিক্রয় করা হয়, তাহলে লাভ হত:
(a) 40% (b) 45% (c) 50% (d) 55%
94. পরপর তিনটি বিজোড় সংখ্যার প্রথমটির তিনগুণ তৃতীয়টির দুইগুণের থেকে 3 বেশি, তৃতীয় সংখ্যাটি কত?
(a) 15 (b) 14 (c) 12 (d) 10
95. চার অঙ্কের একটি সংখ্যা a381 যদি 11 দ্বারা বিভাজ্য হয় তবে a-এর মান কত?
(a) 4 (b) 7 (c) 9 (d) 10
96. কিছু টাকা ব্যাঙ্কে সরল সুদে রাখা হল যা 4 বছরে সুদে-আসলে 1240 টাকা হল এবং 10 বছরে সুদে-আসলে 1600 টাকা হল। আসল নির্ণয় করুন।
(a) Rs. 1100 (b) Rs. 1200 (c) Rs. 1000 (d) Rs. 1500
97. রূপমের মাইনা অরুণের থেকে 30% বেশি, অরুণের মাইনা রূপমের থেকে শতকরা কত কম?
(a) 23.07% (b) 23.25% (c) 23.12% (d) 23.35%
98. রাম কোনও কাজ করতে পারে 8 দিনে, শ্যাম কাজটি করে 10 দিনে। যদি রাম ও শ্যাম একইসঙ্গে কাজ করে তবে গোটা কাজটি কতদিনে শেষ হবে?
(a) $\frac{30}{9}$ (b) $\frac{22}{9}$ (c) $\frac{40}{9}$ (d) $\frac{50}{9}$
99. রহিমের আয়, মহিমের আয়ের থেকে 25% বেশি। তাহলে মহিমের আয় রহিমের আয়ের শতকরা কত?
(a) 55% (b) 65% (c) 78% (d) 80%
100. দু'টি স্কুলের শিক্ষকরা গরিব ছাত্রদের জন্য মোট 12544 টাকা তুলেছেন। যত সংখ্যক শিক্ষক আছেন, তত টাকা করেই প্রত্যেকে জমা দিলে, শিক্ষকের সংখ্যা কত?
(a) 111 (b) 112 (c) 113 (d) 114

### উত্তর

1(a), 2(c), 3(d), 4(a), 5(c), 6(b), 7(d), 8(d), 9(a), 10(b), 11(c), 12(a), 13(d), 14(d), 15(b), 16(a), 17(a), 18(b), 19(a), 20(b), 21(c), 22(a), 23(a), 24(c), 25(d), 26(a), 27(c), 28(b), 29(c), 30(c), 31(c), 32(b), 33(d), 34(a), 35(c), 36(b), 37(d), 38(a), 39(c), 40(c), 41(d), 42(a), 43(b), 44(c), 45(d), 46(b), 47(a), 48(a), 49(d), 50(a), 51(b), 52(c), 53(b), 54(d), 55(b), 56(a), 57(b), 58(b), 59(d), 60(a), 61(c), 62(d), 63(b), 64(d), 65(d), 66(a), 67(b), 68(a), 69(c), 70(a), 71(c), 72(d), 73(c), 74(a), 75(d), 76(b), 77(d), 78(a), 79(c), 80(a), 81(a), 82(c), 83(b), 84(a), 85(c), 86(d), 87(a), 88(b), 89(b), 90(b), 91(c), 92(a), 93(a), 94(a), 95(b), 96(c), 97(a), 98(c), 99(d), 100(b).

### সমাধান

71(c): ধরি, পিতার বর্তমান বয়স $=x$ বছর ও পুত্রের বর্তমান বয়স $= y$ বছর
প্রশ্নানুযায়ী, $x-5=8(y-5)$ বা, $x-5=8y-40$
বা, $x-8y=-35$ ... (i)
আবার, $(x+5)=3(y+5)$ বা, $x+5=3y+15$ বা, $x-3y=10$ ... (ii)
(ii) ও (ii) নম্বর সমীকরণ থেকে পাই—

$$\begin{aligned} x-8y &= -35 \\ x-3y &= 10 \\ \hline -5y &= -45 \end{aligned}$$

বা, $y=9$
∴ পিতার বয়স $=x=\{-35+(8\times9)\}$ বছর $=(-35+72)$ বছর $=37$ বছর।
72(d): তিনি 3 মাসের উপার্জন 4 মাসে খরচ করেন
∴ তিনি 9 মাসের উপার্জন 12 মাসে খরচ করেন
এক্ষেত্রে, তিনি $(12-9)=3$ মাসের উপার্জন সঞ্চয় করেন
প্রশ্নানুযায়ী, 3 মাসের উপার্জন = 10860 টাকা
∴ তার মাসিক উপার্জন = 3620 টাকা।
73(c): সংখ্যাদু'টির ল.সা.গু. = গ.সা.গু. × অনুপাতের পদগুলির গুণফল $= 8\times(3\times5)=120$.
74(a): সংখ্যাগুলি হল, $x, x+1, x+2, \dots x+6$
এদের যোগফল হবে $=7x+\frac{6\times7}{2}=7x+21$
প্রশ্নানুযায়ী, $7x+21=182$
বা, $7x=161$ বা, $x=23$
∴ বৃহত্তম সংখ্যাটি হবে $=23+6=29$.
75(d): আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ সমপরিমাণে বৃদ্ধি এবং হ্রাস পেলে পরিবর্তিত আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল $=\left(\frac{20}{100}\right)\% = 5\%$ হ্রাস পাবে।
76(b): A, B, C ও D-এর মোট বয়সের যোগফল হল $=5\times4=20$ বছর
C-এর বয়স 8 বছর
∴ A, B, D-এর বয়সের মোট যোগফল হবে $20-8=12$ বছর এবং
A, B, D ও E-এর বয়সের যোগফল হবে $=6\times4=24$ বছর
∴ E-এর বয়স হবে $=24-12=12$ বছর।
77(d): 12টি কমলালেবু ক্রয় করা হয়েছে 10 টাকায় এবং 8টি কমলালেবু বিক্রয় করা হয়েছে 10 টাকায়
∴ 12টি কমলালেবু বিক্রয় করেছে = 8টির দাম + 4টির দাম = (10 + 5) টাকায়
সে লাভ করেছে $=\frac{5}{10}\times100\%=50\%$.
78(a): যদি প্রথম ভাজক অর্থাৎ 65 দ্বিতীয় ভাজক অর্থাৎ 13 দ্বারা বিভাজ্য হয়, তবে প্রথম ভাজক দ্বারা ভাজ্য রাশিটিকে ভাগ করে ভাগশেষকে 43 দ্বিতীয় ভাজক দ্বারা ভাগ করলে নির্ণেয় ভাগশেষ 4 পাওয়া যায়।
79(c): ঘরটির দৈর্ঘ্য $=x$, প্রস্থ $=x-2$
ক্ষেত্রফল $=(x^2-2x)$ বর্গমিটার
সূত্রানুযায়ী, $x^2-2x=48$
বা, $x^2-2x-48=0$ বা, $x^2-8x+6x-48=0$
বা, $x(x-8)+6(x-8)=0$ বা, $(x-8)(x+6)=0$
(ঋণাত্মক পদ অগ্রাহ্য করে পাই), $x=8$
∴ দৈর্ঘ্য = 8 মিটার ও প্রস্থ = (8 − 2) = 6 মিটার
∴ ঘরটির পরিসীমা = 2(8 + 6) মিটার = 28 মিটার।
80(a): দুই পুত্রের প্রত্যেকে 35% করে মোট পায় ব্যক্তিটির সঞ্চয়ের 70% টাকা
অবশিষ্টাংশ = (100 − 70)% = 30% = 4332 টাকা সে তাঁর স্ত্রীকে দেয়
∴ তাঁর সঞ্চয় হল $\left(\frac{4332}{30}\times100\right)=14440$ টাকা।
81(a): নল দ্বারা চৌবাচ্চাটি 1 মিনিটে খালি হয় $\frac{1}{60}$ অংশ নল ও ফাটল দ্বারা একত্রে চৌবাচ্চাটি খালি হয় $\frac{1}{45}$ অংশ
শুধুমাত্র ফাটল দ্বারা 1 মিনিটে খালি হয় $\frac{1}{45}-\frac{1}{60}=\frac{1}{180}$ অংশ
∴ শুধুমাত্র ফাটল দ্বারা 1 অংশ খালি হয় 180 মিনিট বা 3 ঘণ্টায়।

এরপর আগামী সংখ্যায়
*প্রস্তুত করেছেন: শ্রীমান ঘোষ*

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চে টেকনিশিয়ান

৭১ জন টেকনিশিয়ান 'এ' নেবে ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন। এটি কেন্দ্রীয় সরকারের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করা হবে টেকনিশিয়ান 'এ' এক্সামিনেশন, ২০১৯-এর মাধ্যমে। কলকাতায় পরীক্ষাকেন্দ্র আছে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ৩১, তফসিলি জাতি ৯, তফসিলি উপজাতি ৫, ও বি সি ১৯, আর্থিকভাবে অনগ্রসর ৭। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও একটি ট্রেডে আই টি আই সার্টিফিকেট থাকতে হবে। ট্রেডগুলি হল: কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং, কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক টেকনিশিয়ান, ডেস্ক টপ পাবলিশিং অপারেটর, ইনফর্মেশন টেকনোলজি অ্যান্ড ইলেক্ট্রনিক্স সিস্টেম, কম্পিউটার সফটওয়্যার অ্যাপ্লিকেশন মেইন্টেন্যান্স, কম্পিউটার হার্ডওয়্যার অ্যান্ড নেটওয়ার্কিং, আই টি অ্যান্ড কমিউনিকেশন সিস্টেম মেইন্টেন্যান্স, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স মেকানিক, রেডিও অ্যান্ড টেলিভিশন মেকানিক, রেফ্রিজারেটর অ্যান্ড এয়ারকন্ডিশনার, মেকট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল মেইন্টেন্যান্স, ইলেক্ট্রিশিয়ান। পাশাপাশি, প্রার্থীর কম্পিউটার জ্ঞান থাকা বাধ্যতামূলক। **বয়স:** ২৩-১২-২০১৯ তারিখে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন। **বেতনক্রম:** ১৯,৯০০-৬৩,২০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে একটি কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা ও স্কিল টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারি মাস নাগাদ। পরীক্ষায় জেনারেল অ্যাওয়্যারনেস (জেনারেল নলেজ অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স), কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড (বেসিক এরিথমেটিক), জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, জেনারেল সায়েন্স (কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি/ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল বিষয়সমূহ) বিষয়ে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। মোট নম্বর ৪০০। সময়সীমা ২ ঘণ্টা। ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: https://ntrorectt.in, https://ntro.gov.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৩ ডিসেম্বর পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ২০ থেকে ৪০ কেবি সাইজের মধ্যে), কালো কালির সই (জে পি জি বা জেপেগ ফর্ম্যাটে ১০ থেকে ২০ কেবি সাইজের মধ্যে), মাধ্যমিকের সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ১২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), আই টি আই সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ১২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট বা ও বি সি সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ১২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), আর্থিকভাবে অনগ্রসরদের ক্ষেত্রে ইনকাম সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ১২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে), দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সার্টিফিকেট (পি ডি এফ ফর্ম্যাটে ১২০ থেকে ২০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

অনলাইন দরখাস্ত যথাযথভাবে সাবমিট করার পর রেজিস্ট্রেশন নম্বর পাওয়া যাবে। পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটিতে চাকরি

প্ল্যানিং অ্যাসিস্ট্যান্ট, স্টেনোগ্রাফার, অ্যাকাউন্টস ক্লার্ক পদে ৩ জনকে নেবে রাজ্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। নিয়োগ হবে হলদিয়া ডেভেলপমেন্ট অথরিটিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 10 of 2019.

দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## রাজ্যে ওয়েলফেয়ার অফিসার

ওয়েলফেয়ার অফিসার পদে ৫ জনকে নেবে রাজ্য সরকার। নিয়োগ হবে রাজ্যের বিভিন্ন সংশোধনাগারে। প্রার্থী বাছাই করবে পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 31/2019.

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.pscwbapplication.in দরখাস্তের শেষ তারিখ ২৬ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## বিদ্যাসাগর শিশু নিকেতনে অ্যাসিস্ট্যান্ট টিচার

অ্যাসিস্ট্যান্ট টিচার পদে ৩ জনকে নেবে মেদিনীপুরের বিদ্যাসাগর শিশু নিকেতন। নিয়োগ হবে প্রাইমারি ও হাই স্কুলে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1699/VSN/VN/2019.

প্রার্থীর সম্পূর্ণ জীবনপঞ্জি এবং প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদন করতে হবে। নথিপত্র-সহ আবেদনপত্র ৯ ডিসেম্বরের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.paschimmedinipur.gov.in

## এডস প্রতিরোধ ও নিরাপদ রক্ত সংগ্রহের প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** এডস প্রতিরোধ ও নিরাপদ রক্ত সংগ্রহের প্রশিক্ষণ দেবে কফি হাউস সোস্যাল সার্ভিস অ্যাসোসিয়েশন। ২৮ ও ২৯ ডিসেম্বর থিওরির ক্লাস। ৯ জানুয়ারি প্রোজেক্ট ও ফিল্ড ওয়ার্ক। ২৩ জানুয়ারি পরীক্ষা। থিওরির ক্লাস এবং প্রোজেক্ট ও ফিল্ড ওয়ার্ক চলবে বেলা ১১টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত। ক্লাস হবে প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের (কলেজ স্ট্রিট, কলকাতা) পি এল টি হলে।

অন্তত মাধ্যমিক পাশ তরুণ-তরুণীরা প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করতে পারেন। রেজিস্ট্রেশন ফি ১০০ টাকা। কশান মানি বাবদ জমা রাখতে হবে ১৫০ টাকা। কশান মানি ফেরত পাওয়া যাবে মে মাসে।

রেজিস্ট্রেশনের জন্য অনলাইন আবেদন করতে হবে ২৫ ডিসেম্বরের মধ্যে, এই ওয়েবসাইটের মাধ্যমে: www.chssa.in রেজিস্ট্রেশন ফি ও কশান মানি বাবদ মোট ২৫০ টাকা ডেবিট বা ক্রেডিট অথবা এ টি এম কার্ডের মাধ্যমে জমা দিতে হবে উপরোক্ত ওয়েবসাইটের মাধ্যমেই। তথ্যের জন্য ফোন করতে পারেন এই নম্বরে: ৯৮৩০৪-২৪৩৮৫।

## দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থায় মেকানিক্যাল সুপারভাইজর, মেকানিক্স ও ক্যাশিয়ার

মেকানিক্যাল সুপারভাইজর, মেকানিক্স এবং ক্যাশিয়ার পদে ৬০ জন কর্মী নিয়োগ করবে দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ সংস্থা। এক বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 1/Rect-2019/SBSTC

**শূন্যপদ: মেকানিক্যাল সুপারভাইজর:** ৩৪টি। **মেকানিক্স:** ১৯টি। **ক্যাশিয়ার:** ৭টি। ১-১১-২০১৯ তারিখে বয়স থাকতে হবে ৪০ বছরের মধ্যে।

**বেতন:** মেকানিক্যাল সুপারভাইজর পদের ক্ষেত্রে নির্দিষ্ট মাসিক ১৮,০০০ টাকা এবং মেকানিক্স ও ক্যাশিয়ার পদের ক্ষেত্রে ১১,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করা যাবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.sbstc.co.in, www.sbstc.applythrunet.co.in দরখাস্ত করা যাবে ৪ ডিসেম্বর দুপুর ২টো পর্যন্ত।

## শ্রীনিকেতন শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটিতে চাকরি

সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার এবং ক্যাশিয়ার পদে ৩ জনকে নেবে রাজ্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। নিয়োগ হবে শ্রীনিকেতন শান্তিনিকেতন ডেভেলপমেন্ট অথরিটিতে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 9 of 2019.

দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ৩১ ডিসেম্বর। বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আলিপুরদুয়ারে সরকারি প্রকল্পে চাকরি

লোয়ার ডিভিশন ক্লার্ক, ডেটা এন্ট্রি অপারেটর, জুনিয়র ইঞ্জিনিয়ার-সহ বিভিন্ন পদে ১৪ জনকে নেবে আলিপুরদুয়ারের ডিস্ট্রিক্ট প্রোজেক্ট অফিস। চুক্তিতে নিয়োগ হবে সর্বশিক্ষা মিশন প্রকল্পে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 763/XIX-SSM/02/Recruit-20/APD.

শূন্যপদের বিবরণ: লোয়ার ডিভিশন ক্লার্ক: ২টি, ডেটা এন্ট্রি অপারেটর: ২টি, গ্রুপ ডি/নাইট গার্ড: ২টি, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল): ১টি, জুনিয়র ইঞ্জিনিয়ার: ১টি, ডিস্ট্রিক্ট এম আই এস ইন-চার্জ: ১টি, পেডাগজি কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট প্ল্যানিং কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট জেন্ডার কো-অর্ডিনেটর: ১টি, ডিস্ট্রিক্ট আই ই ডি কো-অর্ডিনেটর: ১টি, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার: ১টি।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.alipurduar.gov.in নির্দিষ্ট ঠিকানায় দরখাস্ত পৌঁছনোর শেষ তারিখ ২৪ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

# দক্ষিণ ২৪ পরগনার স্বাস্থ্য দপ্তরে চাকরি

*প্রথম পাতার পর*

জানতে হবে। **বয়স:** ৬৪ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৭,২২০ টাকা।

**কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর:** শূন্যপদ ৬টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ১)। **শিক্ষাগত যোগ্যতা:** বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকস্তরে অন্যতম বিষয় হিসেবে বায়োলজি পড়ে থাকতে হবে। সেই সঙ্গে বৈধ টু-হুইলার ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। **বয়স:** ৫০ থেকে ৬২ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** নির্দিষ্ট মাসিক ১৭,৭২০ টাকা।

৩০-১১-২০১৯ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে স্টাফ নার্সের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং কালাজ্বর টেকনিক্যাল সুপারভাইজর পদের ক্ষেত্রে ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhealth.gov.in যথাযথভাবে অনলাইন দরখাস্ত পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি পাঠাতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ ডিসেম্বর।

## অনলাইন দরখাস্তের প্রিন্ট আউটের সঙ্গে দেবেন

✓ফি বাবদ ১০০ টাকার ডিমান্ড ড্রাফট (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ৫০ টাকা)। ড্রাফটটি 'District Health & Family Welfare Samity South 24 Parganas'-এর অনুকূলে সার্ভিস ব্রাঞ্চ, কলকাতায় প্রদেয় হতে হবে। ডিমান্ড ড্রাফটের পিছনে প্রার্থীর নাম, পদের নাম, কাস্ট এবং অনলাইন রেজিস্ট্রেশন নম্বর লিখে দিতে হবে।

✓বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল।

✓কাস্ট বা ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

✓স্থায়ী বাসস্থানের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।

২০ ডিসেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাক বা ক্যুরিয়রের মাধ্যমে দরখাস্ত পৌঁছতে হবে এই ঠিকানায়: The Secretary, DH & FW Samity and C.M.O.H South 24 Parganas, Administrative Building (2nd Floor), M.R. Bangur Hospital Complex, 241, Deshapran Sashmal Road, Tollygunge, Kolkata-700 033, W.B.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: www.spghealthgov.in, www.s24pgs.gov.in

---

৫৪ জন মেডিক্যাল অফিসার নিয়োগ করবে কলকাতা সিটি ন্যাশনাল আর্বান হেলথ মিশন সোসাইটি। পূর্ণ ও আংশিক সময়ের জন্য চুক্তিতে নিয়োগ হবে কলকাতার বিভিন্ন আর্বান প্রাইমারি হেলথ সেন্টারে। প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। ইন্টারভিউ ৯ ডিসেম্বর, কলকাতায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 07/Kolkata City NUHM Society/2019-20.

**ইন্টারভিউ ৯ ডিসেম্বর, কলকাতায়**

**শিক্ষাগত যোগ্যতা:** এম বি বি এস। সঙ্গে ১ বছর মেয়াদের বাধ্যতামূলক ইন্টার্নশিপ করে থাকতে হবে। **বয়স:** ১-১২-২০১৯ তারিখে ৬৬ বছরের মধ্যে হতে হবে। **বেতন:** পূর্ণ সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ৪০,০০০ টাকা এবং আংশিক সময়ের ক্ষেত্রে প্রতি মাসে ২৪,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে ওয়াক-ইন-ইন্টারভিউয়ের মাধ্যমে। আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

**ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন:** ✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত। প্রার্থীর এক কপি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন। ✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি-র নকল। ✓প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্রের নকল। ✓প্রার্থীর বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র এবং রেজিস্ট্রেশন সার্টিফিকেটের নকল। ✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

মূল নথিপত্রগুলিও ইন্টারভিউয়ের সময় সঙ্গে নিয়ে যাবেন।

ইন্টারভিউ ৯ ডিসেম্বর, সকাল সাড়ে ১১টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Room No. 254, 2nd Floor, PMU, Kolkata City NUHM Society, 5, S. N. Banerjee Road, Kolkata-700 013.

## সরকারি হোমে চাকরি

অফিস ইন-চার্জ, চাইল্ড ওয়েলফেয়ার অফিসার, প্যারা মেডিক্যাল স্টাফ-সহ বিভিন্ন পদে ৬ জনকে নেবে পুরুলিয়ার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অফিস। চুক্তিতে নিয়োগ হবে আনন্দমঠ হোমে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 564 (17)/SW/PRL.

শূন্যপদের বিবরণ: সোশ্যাল ওয়ার্কার-কাম-আর্লি চাইল্ডহুড এডুকেটর: ১টি, ডাক্তার: ১টি, অফিস ইন-চার্জ: ১টি, চাইল্ড ওয়েলফেয়ার অফিসার: ১টি, স্টোর কিপার-কাম-অ্যাকাউন্ট্যান্ট: ১টি, প্যারা মেডিক্যাল স্টাফ: ১টি।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.purulia.nic.in দরখাস্তের শেষ তারিখ ৫ ডিসেম্বর।

বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

---

অ্যাসিস্ট্যান্ট টিচার ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদে ১৫ জনকে নেবে ব্যারাকপুরের ক্যান্টনমেন্ট বোর্ড। শূন্যপদের বিবরণ: **অ্যাসিস্ট্যান্ট টিচার:** ১১টি। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক, সঙ্গে ডি এল এড কোর্স পাশ। বাংলা বা হিন্দি বা ইংরেজি মাধ্যমে শিক্ষকতায় দক্ষতা থাকলে এবং কম্পিউটার নলেজ থাকলে অগ্রাধিকার। **লোয়ার ডিভিশন ক্লার্ক:** ৪টি। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক, সঙ্গে কম্পিউটারে ইংরেজিতে মিনিটে ৩০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার নলেজ থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১৮ থেকে ২৫ বছর। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। **বেতনক্রম:** ৫,৪০০-২৫,২০০ টাকা, গ্রেড পে ২,৬০০ টাকা। অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.cbbarrackpore.org দরখাস্ত করা যাবে ৮ ডিসেম্বর থেকে ৭ জানুয়ারি।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।







Banglajobguide.blogspot.com Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad